# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)

শিক্ষাবর্ষ : ২০১৯-২০ [সকাল]

## বাংলা

১. 'অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?' – কোন প্রবন্ধের অংশ?

A. বিড়াল B. চাষার দুক্ষু C. আমার পথ D. জীবন ও বৃক্ষ

ব্যাখ্যা : প্রাবন্ধিক কাজী নজরুল ইসলাম রচিত 'আমার পথ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন।
- অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?
- নিজেকে চিনলে মানুষের মনে আপনা-আপনি এত বড় একটা জোর আসে যে, সে আপন সত্য ছাড়া আর কাউকে কুর্নিশ করে না।
- নিজেকে চিনলে, নিজের সত্যকেই নিজের কর্ণধার মনে জানলে নিজের শক্তির উপর অটুট বিশ্বাস আসে।
- এই পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করে ফেললে।

Ans : C.

২. রবীন্দ্রনাথ ঠাকুর 'ঐকতান' বলতে বুঝিয়েছেন–

A. ধনী-গরিবের মিলন B. বৃদ্ধ ও তরুণের মিলন
C. নারী-পুরুষের মিলন D. জীবনের সর্বপ্রান্তস্পর্শী সমস্বর

ব্যাখ্যা : কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবির মতে ঐকতান হলো- জীবনের সর্বপ্রান্তস্পর্শী সমস্বর।
- অখ্যাতজনের নির্বাক মনের কবি- প্রান্তিক মানুষের কবি।
- কবি সম্মান দিতে বলেছেন- একতারাওয়ালাদের।
- নতশির স্তব্ধ যারা বিশ্বের সম্মুখে তারা - দুঃখে সুখে মূক (বোবা) থাকে।
- কর্মে ও কথায় আত্মীয়তা অর্জন করেছে- কৃষাণের জীবনের শরিক যে কবি।
- কবি মেনে নিছে নিন্দার কথা এবং তার - সুরের অপূর্ণতা।
- শুষ্ক নিরানন্দ মরুভূমি রসে পূর্ণ করবে - অনাগত কবি।

Ans : D.

৩. উপসর্গযুক্ত শব্দ কোনটি?

A. পঙ্কজ B. জ্বালাতন C. কদবেল D. মাচান

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাংলা উপসর্গ এবং উপসর্গযুক্ত শব্দ :
- কু - কুকথা, কুকাজ, কুনজর, কুসঙ্গ।
- কদ - কদবেল, কদর্থ, কদর্য, কদাকার।
- নি – নিলাজ, নিখুঁত, নিখোঁজ, নিভাঁজ, নিরেট।
- স - সলাজ, সজোর, সঠিক, সরবপাঠ।
- রাম - রামদা, রামছাগল, রামধনু, রামবোকা, রামঘড়ি।

Ans : C.

৪. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় রূপসীর নাম কী?

A. মানিকমালা B. শঙ্খমালা C. কঙ্কাবতী D. বনলতা

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাশ রচিত 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- এই পৃথিবীর সবচেয়ে সুন্দর স্থানটি- করুণ বাংলাদেশ।
- মধুকূপী ঘাসে অবিরল থাকে - সবুজ ডাঙা।
- নাটার রঙের মত অরুণ (সূর্য) জাগে - ভোরের মেঘে।
- কর্ণফুলী, ধলেশ্বরী, পদ্মা, জলাঙ্গীরে জল দেয়- বরুণ।
- ধানের গন্ধের মত অস্ফুট থাকে- লক্ষ্মীপেঁচা।
- অন্ধকার সন্ধ্যার বাতাসে উড়ে যায়- সুদর্শন (পোকা)।
- হলুদশাড়ি (শঙ্খমালা) লেগে থাকে - রূপসীর (বাংলা) শরীরে।

Ans : B.

৫. 'ঐহিক' শব্দের বিপরীত শব্দ হলো–

A. বিষণ্ন B. বিবাদ C. বৈরাগ্য D. পারত্রিক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিপরীতার্থক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| অপ্রতিভ | সপ্রতিভ | অহ্ন | রাত্রি |
| আরব্ধ | অনারব্ধ | পূজক | পূজ্য |
| জনাকীর্ণ | জনবিরল | চৌকস | হাবা/হাঁদা |
| শঠ | সাধু | অধিত্যকা | উপত্যকা |
| হলাহল | অমৃত | ঐহিক | পারত্রিক |

Ans : D.

৬. বিশ শতকীয় পুরুষতন্ত্রের অমানবিকতার কাহিনি কোনটি?

A. নেকলেস B. রেইনকোট
C. অপরিচিতা D. আমার পথ

ব্যাখ্যা : গল্পকার রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- 'অপরিচিতা' গল্পে ফুটে উঠেছে - পুরুষতন্ত্রের অমানবিকতা।
- গল্পটি মনস্তাপে ভেঙ্গেপড়া এক ব্যক্তিত্বহীন যুবকের- স্বীকারোক্তি।
- এ গল্পে বর্ণিত হয়েছে অনুপমের- পাপস্খলনের অকপট কথামালা।
- গল্পের নায়িকা কল্যাণী অসামান্য হয়েছে- অনুপমের আত্মবিবৃতিতে
- ভবিষ্যতের নারীর আগমনীর ইঙ্গিত রয়েছে কল্যাণীর- শুচিশুভ্র প্রকাশে।
- শম্ভুনাথের বলিষ্ঠ প্রত্যাখ্যান- নতুন সময়ের আবির্ভাবের সংকেত।
- গল্পটির শীর্ষ মুহূর্ত- কন্যা সম্প্রদানে অসম্মতি।

Ans : C.

৭. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় নিচের কোন নদীর উল্লেখ নেই?

A. পদ্মা B. করতোয়া
C. সুরমা D. কর্ণফুলী

ব্যাখ্যা : কবি দিলওয়ার রচিত 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবি পদ্মার কাছে চেয়েছেন - যৌবন। আর যমুনার কাছে চেয়েছেন - প্রেম।
- সুরমার কাজল (কালো) বুকের পলিতে থাকে - গলিত হেম (স্বর্ণ)।
- কবিতাটিতে বর্ণিত নদীগুলো- পদ্মা, যমুনা, সুরমা, মেঘনা, গঙ্গা ও কর্ণফুলী (৬টি)।
- চারিদিকে খেলা করে - বিচিত্র জীবনের রং।
- কবি প্রাণ স্বপ্নকে রেখেছে - বঙ্গোপসাগরে।
- প্রাণের জাহাজ বোঝাই থাকে - নরদানবের মুখে।
- কবির ক্রোধ - ভয়াল ঘূর্ণির মতো এবং উপমাহীন।

Ans : B.

৮. 'সভয়ে লোকটি বলল, বাঘ আসছে।' – এখানে নিম্নরেখ পদটি কোন বিশেষণের উদাহরণ?

A. ক্রিয়ার বিশেষণ B. বিশেষণের বিশেষণ
C. বিধেয় বিশেষণ D. বিশেষ্যের বিশেষণ

ব্যাখ্যা : নিচে বিষেশণের প্রকারভেদ :

বিশেষণ
- নাম বিশেষণ (বিশেষ্যের বিশেষণ)
- ভাব বিশেষণ
  - ক্রিয়া বিশেষণ
  - বিশেষণের বিশেষণ
  - অব্যয়ের বিশেষণ
  - বাক্যের বিশেষণ

- সভয়ে লোকটি বলল। এখানে সভয়ে ক্রিয়া বিশেষণ।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**৯. মুমূর্ষ অবস্থা থেকে কৃষকদের মুক্তির জন্য রোকেয়া গ্রামে গ্রামে কী প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দিয়েছেন?**

A. গো-খামার B. কল-কারখানা
C. হাসপাতাল D. পাঠশালা

**ব্যাখ্যা : প্রাবন্ধিক রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- সমস্ত ভারতের অধিবাসী নয়- মুষ্টিমেয় সৌভাগ্যশালী ধনাঢ্য ব্যক্তি।
- প্রবন্ধটির আলোচ্য বিষয়- চাষার দারিদ্র্য বা দরিদ্রতা।
- আমাদের আছে- মোটরকার, গ্রামোফোন।
- জুটমিলের কর্মচারীর বেতন - ৫০০-৭০০ টাকা।
- চাষার দারিদ্র্য ঘুচিবে- পাঠশালা আর চরকা ও টেকো হইলে।

**Ans : D.**

**১০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি শামসুর রাহমানের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?**

A. রৌদ্র করোটিতে B. প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে
C. বন্দিশিবির থেকে D. নিজ বাসভূমে

**ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের 'ফেব্রুয়ারি-১৯৬৯' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতাটির উৎস - 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ।
- কবিতাটির ধরণ - সংগ্রামী চেতনার, দেশপ্রেমের এবং গণজাগরণের কবিতা।
- কবিতাটি রচিত - ১৯৬৯ এর গণআন্দোলনের পটভূমিতে।
- কবি এখানে রচনা করেছেন - বিচিত্র শ্রেণি পেশার মানুষের স্বতঃস্ফূর্ত সংগ্রামী চেতনার অসাধারণ এক শিল্পভাষ্য।
- কবিতাটিতে সংবর্ধিত হয়েছে - দেশের প্রতি জনগণের ভালোবাসা।
- কবিতাটি গদ্যছন্দে রচিত।

**Ans : D.**

**১১. নূরলদীনের ডাকে কত সালে বাংলার মানুষ জেগে উঠেছিল?**

A. ১৭৫৭ B. ১৮৫৭
C. ১৯৭১ D. ১৭৮৩

**ব্যাখ্যা : কবি সৈয়দ শামসুল হকের 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- নূরলদীন বাংলার মানুষকে ডাক দেয়- ১৭৮৩ সালে (১১৮৯ সন)।
- ক্ষেত, মাঠ, নদী, বীজ এবং সংসার - নষ্ট হয়ে গেছে।
- নিলক্ষার (আকাশ) নীলে হঠাৎ দেখা দেয়- তীব্র শিস।
- কবিতাটিতে উল্লিখিত নদীটির (১টি) নাম- ব্রহ্মপুত্র।
- কবির মিনতি সকলকে - স্থির হয়ে বসার জন্য।
- নূরলদীনের বাড়ি ছিল- রংপুরে।
- সোনার বাংলায় নেমে আসে - শকুন।

**Ans : D.**

**১২. ফরাসি লেখক মোপাসাঁর সাহিত্যগুরু কে ছিলেন?**

A. গুস্তাভ ফ্লবেয়ার B. এমিল জোলা
C. ইভান তুর্গেনিভ D. লিও তলস্তয়

**ব্যাখ্যা : গল্পকার 'গী দ্য মোপাসাঁ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- জন্ম- নর্মান্ডি শহরে (১৮৫৩); মৃত্যু : ১৮৯৩ সালে।
- পিতা - গুস্তাভ দ্য মোপাসাঁ; মাতা - লরা লি পয়টিভিন।
- তাঁর সাহিত্যিক গুরু বা অভিভাবক - গুস্তাভ ফ্লবেয়ার।
- ফ্লবেয়ারের বাসায় পরিচয় ঘটে - এমিল জোলাও ইভান তুর্গেনেভসহ অনেক বিশ্ববিখ্যাত লেখকের সাথে।
- তাঁর সাহিত্য জীবন শুরু হয় - কবিতা লেখা দিয়ে।

**Ans : A.**

**১৩. 'স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।' – কোন প্রবন্ধের অংশ?**

A. জীবন ও বৃক্ষ B. আত্মচরিত
C. আমার পথ D. মানব-কল্যাণ

**ব্যাখ্যা : প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন :**
- স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।
- তাদের কাজ জীবনকে সার্থক ও সুন্দর করে তোলা নয় অপরের সার্থকতার অন্তরায় সৃষ্টি করা।
- এদের একমাত্র দেবতা অহংকার। তারই চরণে তারা নিবেদিতপ্রাণ।
- ব্যক্তিগত, পারিবারিক ও জাতিগত অহংকারের নিশান উড়ানোই এদের কাজ।
- মাঝে মাঝে মানবপ্রেমের কথাও তারা বলে। কিন্তু তাতে নেশা ধরেনা। মনে হয় আন্তরিকতাশূন্য, উপলব্ধিহীন বুলি।

**Ans : A.**

**১৪. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত?**

A. স্বরবৃত্ত B. মাত্রাবৃত্ত C. অক্ষরবৃত্ত D. গদ্য

**ব্যাখ্যা : কবি আবু জাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতাটি একটি কাব্যগ্রন্থের নাম কবিতা।
- রচনাটির অভিনবত্ব রয়েছে - বিষয় ও আঙ্গিকগত।
- এ কবিতায় উচ্চারিত হয়েছে - মুক্তির দৃপ্ত ঘোষণা।
- কবিতাটির প্রেক্ষাপটে রয়েছে - বাঙালির ইতিহাস, সংগ্রাম, বিজয়।
- কবি এখানে বারবার সোচ্চার হন - মানব মুক্তির আকাঙ্ক্ষায়।
- কবির একান্ত প্রত্যাশিত মুক্তির প্রতীক - একটি শব্দবন্ধ 'কবিতা'।
- কবিতাটি রচিত - গদ্যছন্দে।

**Ans : D.**

**১৫. 'মসজিদ এই, মন্দির এই, গির্জা ______' 'সাম্যবাদী' কবিতার এই চরণের শূন্যস্থানে কী বসবে?**

A. দেবালয় B. এই হৃদয় C. আনন্দময় D. ভুবনময়

**ব্যাখ্যা : কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :**

"মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়।
এই রণভূমে বাঁশির কিশোর গাহিলেন মহা-গীতা,
এই ঘাটে হলো মেষের রাখাল নবিরা খোদার মিতা।
এই হৃদয়ের ধ্যান-গুহা মাঝে বসিয়া শাক্যমুনি,
ত্যজিল রাজ্য মানবের মহা-বেদনার ডাক শুনি।"

**Ans : B.**

**১৬. কোন গল্পটিতে স্বামীর নির্যাতনের শিকার পিতৃমাতৃহীন তরুণীর জীবন কাহিনি ফুটে উঠেছে?**

A. অপরিচিতা B. বিলাসী
C. আহ্বান D. মাসি-পিসি

**ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'মাসি-পিসি' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- গল্পটির প্রেক্ষাপট - ১৯৪৩ সালের সৃষ্ট দুর্ভিক্ষ।
- গল্পটির মূল কাহিনি - স্বামী নির্যাতিত পিতৃ-মাতৃহীন আহ্লাদির জীবন কাহিনি।
- গল্পটি প্রকাশিত হয় - কলকাতার পূর্বাশা পত্রিকায় (১৯৪৬)।
- আহ্লাদির মাসি-পিসি দুজনেই - বিধবা ও নিঃস্ব।
- গোকুল এর চরিত্র - লালসাপূর্ণ এবং উন্মাদ প্রকৃতির জোতদার।
- গল্পের প্রশংসনীয় দিক - মাসি-পিসির দায়িত্বশীল ও মানবিক জীবনযুদ্ধ।
- জগুর চরিত্র- মাতাল, অত্যাচারী এবং লোভী (শ্বশুরের জমির লোভ)।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৭. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক গল্প?
A. আহ্বান B. সৌদামিনী মালো C. মানুষ D. রেইনকোট

ব্যাখ্যা : গল্পকার আখতারুজ্জামান ইলিয়াস এর 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- গল্পটির প্রকাশকাল - ১৯৯৫ সাল।
- গল্পটির প্রেক্ষাপট - বাংলাদেশের মুক্তিযুদ্ধ (১৯৭১)।
- গল্পটির উৎস - আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র-১।
- গল্পটি সংকলিত হয় - গল্পগ্রন্থ 'জালস্বপ্ন স্বপ্নের জাল'- এ।
- গল্পটির কথক- ঢাকা কলেজের রসায়ন বিভাগের শিক্ষক নুরুলহুদা।
- গল্পে বর্ণিত হয়েছে - পাকিস্তানি বাহিনীর বর্বর নিপীড়ন ও হত্যাযজ্ঞের মধ্যে ঢাকাবাসীর আতঙ্কিত জীবনাচরণ।

Ans : D.

১৮. 'তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ – দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না' – কোন রচনা থেকে নেওয়া?
A. চাষার দুক্ষু B. বিড়াল C. মানব কল্যাণ D. মানুষ

ব্যাখ্যা : প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিড়াল' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু সংলাপ :
- তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ।
- দরিদ্রের ক্ষুধা কেহ বুঝেনা।
- ধর্ম কী? পরোপকারই পরম ধর্ম।
- চুরিই করি, আর যাই করি, আমি তোমার ধর্মসঞ্চয়ের মূলীভূত কারণ।
- চুরির মূল যে কৃপণ, তাহার দন্ড হয় না কেন?
- চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শত গুণে দোষী।
- এ পৃথিবীর মৎস্য-মাংসে আমাদের কিছু অধিকার আছে।
- চোরের দন্ড আছে, নির্দয়তার কি দন্ড নাই?
- দরিদ্রের আহার সংগ্রহের দন্ড আছে, ধনীর কার্পণ্যের দন্ড নাই কেন?

Ans : B.

১৯. 'ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানা মে। আমি বললাম, কিসমত।' উক্তিটি কাকে করা হয়েছে?
A. মহিউদ্দিনকে B. আর্মড পুলিশের সুবেদারকে
C. রেণুকে D. ডেপুটি জেলারকে

ব্যাখ্যা : শেখ মুজিবুর রহমান রচিত 'বায়ান্নর দিনগুলো' থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জেল কর্তৃপক্ষের নাম - সুপারিনটেনডেন্ট আমীর হোসেন।
- তৎকালীন রাজবন্দিদের ডেপুটি জেলার - মোখলেসুর রহমান।
- 'ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানামে' উক্তিটি- আর্মড পুলিশের সুবেদারের।
- 'কিসমত' উক্তিটি শেখ মুজিব করে - সুবেদারের প্রতি।
- গাড়ির ভিতরে শেখ মুজিবদের সাথে বসেছিল- দুজন আর্মড পুলিশ।
- ট্রেনে তাঁরা ফরিদপুর পৌছায় - রাত চারটায়।
- তাঁদের হাসপাতালে নেওয়া হয়, অনশন শুরুর - দুই দিন পর।

Ans : B.

২০. কোনটি আনিসুজ্জামান রচিত গ্রন্থ নয়?
A. বাঙালি নারী B. বিপুলা পৃথিবী
C. মুসলিম মানস ও বাংলা সাহিত্য D. সংস্কৃতি কথা

ব্যাখ্যা : সাহিত্যিক আনিসুজ্জামান রচিত বিখ্যাত গ্রন্থসমূহ :
- মুসলিম মানস ও বাংলা সাহিত্য
- স্বরূপের সন্ধানে
- আঠারো শতকের বাংলা চিঠি
- পুরোনো বাংলা গদ্য
- বাঙালি নারী
- সাহিত্যে ও সমাজে
- পূর্বগামী
- কাল নিরবধি
- ফতোয়া
- বিপুলা পৃথিবী

Ans : D.

২১. রাবণি বলতে কাকে বোঝানো হয়?
A. মেঘনাদকে B. রাবণকে
C. রামচন্দ্রকে D. বিভীষণকে

ব্যাখ্যা : মেঘনাদের বিভিন্ন নাম :
- রাবণি- রাবনের পুত্র হওয়ায় মেঘনাদকে রাবণি বলা হয়।
- ইন্দ্রজিৎ/জীতেন্দ্রিয়- দেবতাদের রাজা ইন্দ্রকে যুদ্ধে পরাজিত করায় মেঘনাদকে ইন্দ্রজিৎ/জীতেন্দ্রিয় বলা হয়।
- বাসবত্রাস/বাসববিজয়ি- ইন্দ্রের অপর নাম বাসব। বাসবকে পরাজিত করলে স্বভাবতই বাসব মেঘনাদকে ভয় পায়, এজন্য মেঘনাদকে বাসবত্রাস/বাসববিজয়ি বলা হয়।
- অরিন্দম - অরি অর্থ শত্রু। মেঘনাদ অরিকে দমন করেছে বলে তাঁকে অরিন্দম বলা হয়।

Ans : A.

২২. 'আঠারো বছর বয়সের নেই ভয়' – পরের লাইনটি কী?
A. পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা
B. তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
C. এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়
D. এ বয়সে তাই নেই কোন সংশয়

ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :

"আঠারো বছর বয়সের নেই ভয়।
পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা,
এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়-
আঠারো বছর বয়স জানেনা কাঁদা।
এ বয়স জানে রক্তদানের পূণ্য
বাষ্পের বেগে স্টিমারের মতো চলে"

Ans : A.

২৩. 'সেই অস্ত্র' কবিতাটি আহসান হাবীবের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
A. রাত্রিশেষ B. সারাদুপুর
C. বিদীর্ণ দর্পণে মুখ D. ছায়াহরিণ

ব্যাখ্যা : কবি আহসান হাবীবের 'সেই অস্ত্র' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবিতাটির উৎস - বিদীর্ণ দর্পণে মুখ।
- কবিতায় কবির প্রত্যাশা - ভালোবাসাকে মানুষের কাছে ফিরে পাওয়া।
- কবিতাটির গঠনগত বিশেষত্ব- অনাড়ম্বর সহজ গতিময়তা।
- কবিতাটি শান্তিপ্রিয় মানুষের কাছে- প্রার্থনাসংগীত।
- এর ছন্দ- অক্ষরবৃত্ত। পর্ববিন্যাস- অসম।
- ভালোবাসা পৃথিবীকে এগিয়ে নিবে- সুখ, শান্তি, সমৃদ্ধির দিকে।

Ans : C.

২৪. 'লালসালু' উপন্যাসে তানু বিবির স্বামীর নাম কী?
A. ধলা মিয়া B. কালু মিয়া
C. খালেক ব্যাপারী D. রতন

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের তানু বিবির সাথে বিভিন্ন চরিত্রের সম্পর্ক :
- তানুবিবি খালেক ব্যাপারির দ্বিতীয় স্ত্রী।
- খালেক ব্যাপারী- তানু বিবির স্বামী।
- আমেনা বেগম - তানু বিবির সতীন।
- ধলা মিয়া- তানু বিবির বড় ভাই।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৫. সৈয়দ ওয়ালীউল্লাহ লেখেননি কোনটি?

A. নাটক B. উপন্যাস C. গল্প D. আত্মজীবনী

**ব্যাখ্যা : কথাসাহিত্যিক সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত বিভিন্ন রচনার নাম :**
**উপন্যাস :** লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো।
**নাটক :** বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।
**ছোটগল্প :** নয়নচারা, জাহাজী, পরাজয়, মৃত্যু-যাত্রা, খুনী, রক্ত, খন্ড চাঁদের বক্রতায়, সেই পৃথিবী, দুই তীর, পাগড়ী, একটি তুলসী গাছের আত্মকাহিনী, কেয়ারা ইত্যাদি।
**Ans : D.**

২৬. 'সিরাজউদ্দৌলা' নাটকে দ্বিতীয় অঙ্কের প্রথম দৃশ্যের স্থান কোনটি?

A. ঘসেটি বেগমের বাড়ি B. নবাবের দরবার
C. মীর জাফরের আবাস D. লুৎফুন্নিসার কক্ষ

**ব্যাখ্যা : নাট্যকার সিকান্দার আবু জাফর এর 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- নাটকের মোট অঙ্কসংখ্যা- ৪টি।
- নাটকটির মোট দৃশ্যসংখ্যা- ১২টি।
- নাটকটির ১ম দৃশ্যস্থান- ফোর্ট উইলিয়াম দূর্গ।
- নাটকটির শেষ দৃশ্যস্থান- জাফরাগঞ্জের কয়েদখানা।
- নাটকটির ২য় অঙ্কের ১ম দৃশ্যস্থান- নবাবের দরবার।
- ২য় অঙ্কের ১ম দৃশ্যের চরিত্রসমূহ- নকিব, সিরাজ, রাজবল্লভ, মিরজাফর, জগৎশেঠ, রায়দুর্লভ, উৎপীড়িত ব্যক্তি, ওয়াটস, মোহনলাল।

**Ans : B.**

২৭. কোনটিতে ব-ফলার উচ্চারণ বহাল রয়েছে?

A. বিধ্বস্ত B. উদ্বর্তন C. স্বত্ব D. দ্বন্দ্ব

**ব্যাখ্যা : প্রদত্ত শব্দ চতুষ্টয়ের শুদ্ধ উচ্চারণ-**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| বিধ্বস্ত | বিদ্‌ধস্‌তো |
| উদ্বর্তন | উদ্‌বর্‌তোন্ |
| স্বত্ব | শত্‌তো |
| দ্বন্দ্ব | দন্‌দো |

**Ans : B.**

২৮. অভিধানে কোন শব্দটি আগে থাকবে?

A. নেশা B. নীলিমা C. নৃশংসতা D. নৃশংস

**ব্যাখ্যা : প্রদত্ত শব্দগুলিকে আভিধানিকভাবে সাজানো হলো :**
- নীলিমা : ন + ঈ + ল + ই + ম + আ।
- নৃশংস : ন + ঋ + শ + ং + স।
- নৃশংসতা : ন + ঋ + শ + ং + স + ত + আ।
- নেশা : ন + এ + শ + আ।

**Ans : B.**

২৯. 'দয়া করে আমাকে কিছু টাকা দিন।' –এটি কী ধরনের বাক্য?

A. অনুজ্ঞাবাচক B. বিস্ময়বাচক
C. প্রশ্নবাচক D. নেতিবাচক

**ব্যাখ্যা : অপশনে প্রদত্ত চার পদের বাক্যের উদাহরণ :**
- দয়া করে আমাকে কিছু টাকা দিন। - অনুজ্ঞাবাচক বাক্য।
- আহ্! আকাশটা কী পরিষ্কার। - বিস্ময়বাচক বাক্য।
- তোমার পরীক্ষার প্রস্তুতি কেমন? - প্রশ্নবাচক বাক্য।
- আমার খাওয়া হয় নি। - নেতিবাচক বাক্য।

**Ans : A.**

৩০. প্রকৃতির সঙ্গে মানব মনের সম্পর্কের দিকটি কোন কবিতায় স্পষ্ট?

A. বিভীষণের প্রতি মেঘনাদ B. তাহারেই পড়ে মনে
C. সাম্যবাদী D. ফেব্রুয়ারি ১৯৬৯

**ব্যাখ্যা : কবি সুফিয়া কামালের 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- কবিতাটির প্রকাশকাল - ১৯৩৫ সালে মাসিক মোহম্মদী পত্রিকায়।
- এই কবিতায় ব্যক্ত হয়েছে- প্রকৃতি ও মানবপ্রেমের সম্পর্ক।
- মানব মনের অফুরন্ত আনন্দের উৎস - প্রকৃতির সৌন্দর্য।
- কবির সাহিত্য সাধনার উৎসাহদাতা (স্বামী) মারা যান - ১৯৩২ সালে।
- স্বামীহারা হয়ে কবিমন আচ্ছন্ন হয়ে যায় - রিক্ততার হাহাকারে।
- বসন্ত এলেও উদাসীন কবির অন্তর জুড়ে থাকে - রিক্ত শীতের করুণ বিদায়ের বেদনা।
- কবিতাটির ছন্দ - অক্ষরবৃত্ত ছন্দ।
- পর্বের বিন্যাস - ১০+৮ এবং ৮+১০ মাত্রার।

**Ans : B.**

৩১. 'Fairy tale' – শব্দের বাংলা পরিভাষা কোনটি?

A. কথাসাহিত্য B. রূপকথা
C. লোকগীতিকা D. গীতিনাট্য

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :**

| | | | |
|---|---|---|---|
| Fairy Tale | রূপকথা | Figure | অক্ষ, আকার |
| Farce | প্রহসন | Fractional | ভগ্নাংশিক |
| Fee | মাশুল | File Keeper | নথিরক্ষক |
| Feudal | সামন্ত | Framework | কাঠামো |
| Fiction | কথাসাহিত্য | Formula | সংকেত |

**Ans : B.**

৩২. বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ের গল্পগ্রন্থ কোনটি?

A. ইছামতি B. অশনি সংকেত C. মেঘমল্লার D. অপরাজিতা

**ব্যাখ্যা : কথাসাহিত্যিক 'বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়' এর বিখ্যাত কিছু রচনার নাম :**
- **গল্পগ্রন্থ :** মেঘমল্লার, মৌরীফুল, যাত্রাবদল, কিন্নরদল।
- **উপন্যাস :** পথের পাঁচালি, অপরাজিতা, দৃষ্টিপ্রদীপ, আরণ্যক, আদর্শ হিন্দু হোটেল, বিপিনের সংসার, দুই বাড়ি, অনুবর্তন, দেবযান, কেদার রাজা, অথৈজল, ইছামতি ইত্যাদি।

**Ans : C.**

৩৩. কোনটি বাগধারার উদাহরণ?

A. কিংকর্তব্যবিমূঢ় B. অহোরাত্র
C. ভবনদী D. ননীর পুতুল

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা :**
- ননীর পুতুল - আদুরে দুলাল
- নাড়াবুনে- মূর্খ
- নবমী দশা - মূর্ছা
- নমাসে-ছমাসে - কালেভদ্রে
- নোলা বাড়ানো - লোভ করা
- নিমরাজি - আংশিক স্বীকার করা
- নারদের ঢেঁকি - বিবাদের বিষয়
- নাচতে নেমে ঘোমটা - বৃথা লজ্জা
- নরক গুলজার - অনেকে জুটে সরগরম
- নগদ নারায়ণ - নগদ অর্থ

**Ans : D.**

৩৪. 'চা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?

A. গ্রিক B. হিব্রু C. ল্যাটিন D. চীনা

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ :**
- চীনাশব্দ - চা, চিনি, লিচু, এলাচি, সিন্দুর ইত্যাদি।
- গ্রিকশব্দ - দাম, কোণ, কেন্দ্র, সুরঙ্গ, আফিং ইত্যাদি।
- গুজরাটিশব্দ - খদ্দর, হরতাল ইত্যাদি।
- পাঞ্জাবি শব্দ - চাহিদা, শিখ ইত্যাদি।
- ম্যাক্সিকান শব্দ - চকোলেট।
- ওলন্দাজশব্দ - ইস্কাপন, টেক্কা, তুরুপ, ইস্কুপ ইত্যাদি।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৫. কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?

A. বৈশিষ্ট্যতা B. সৌন্দর্যতা
C. আধিক্যতা D. সুন্দরতা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অপপ্রয়োগ ও শুদ্ধপ্রয়োগ-

| অপপ্রয়োগ | শুদ্ধপ্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধপ্রয়োগ |
|---|---|---|---|
| বৈশিষ্ট্যতা | বৈশিষ্ট্য | উদ্বেলিত | উদ্বেল |
| সৌন্দর্যতা | সৌন্দর্য | একত্রিত | একত্র |
| আধিক্যতা | আধিক্য | কর্তাপক্ষ | কর্তৃপক্ষ |
| সুন্দরত্বতা | সুন্দরতা | চাতুর্যতা | চাতুর্য,চতুরতা |
| আপ্রাণ | প্রাণপণ | নিঃশঙ্কা | নিঃশঙ্ক |

Ans : D.

## English

**Choose the alternative A, B, C or D that is closest in meaning to the sentence/the underlined word (1-7).**

**1. If I had brought my cheque book, I would have paid by cheque.**

A. I didn't bring my cheque book, so I couldn't pay by cheque.
B. If I could have paid by cheque, I would have brought the cheque book.
C. I'll write you a cheque when I get my cheque book.
D. After I check my cheque book, I'll pay you back.

ব্যাখ্যা : বাক্যটির অর্থ, "আমি যদি আমার চেক বইটা আনতাম, আমি চেক দিয়ে পরিশোধ করতাম" এর অর্থ হচ্ছে "আমি চেক বই আনিনি তাই চেক দিয়ে পরিশোধ করতে পারলাম না" যেটি Option 'A' এর অর্থ।

Ans : A. Conditionals

**2. Samia measured the flour, sugar and spices and then mixed in the eggs.**

A. Samia was doing a chemistry experiment.
B. Samia was baking.
C. Samia became confused.
D. Samia made a mistake.

One word substitution

ব্যাখ্যা : 'ময়দা, চিনি এবং অন্যান্য মসলা যুক্ত করে ডিম এর সাথে মেশানো হয় কিছু bake করার জন্য, তাই, option 'B' correct.

Ans : B.

**3. Mr. Belal will fill you in on what happened at the meeting.**

A. He will give you some forms to complete.
B. He will schedule one last meeting for you.
C. He will ask you what happened at the meeting.
D. He will give you the information you missed.

ব্যাখ্যা : Fill someone on something- to tell someone the details about something.
এখানে, 'মিটিং এ কী হয়েছিল সেটা সম্পর্কে information দেওয়া হবে' এটা বুঝানো হয়েছে।

Ans : D. phrase and idioms

**4. In certain types of quartz, <u>bands</u> of colour form an irregular pattern.**

A. shades B. grains
C. drops D. stripes

Synonym

ব্যাখ্যা : Bands - বর্ণালী
Shades - আবছায়া Grains - শস্য
Drops- ঝরা Stripes - বর্ণালী

**Bands এর synonym এবং antonym :**
**Synonym :** Stripe, Arc, Bow, Crescent, Prism.
**Antonym :** Single, Alone, Individual.

Ans : D.

**5. Laurels are valued for their aromatic oils and spices, edible fruits, and <u>timber</u>.**

A. blossoms B. leaves
C. wood D. sap

Synonym

ব্যাখ্যা : Timber - কাঠ Blossom - পুষ্প
Leaves - পাতা Wood - কাঠ
Sap - প্রাণরস

**Timber এর synonym এবং antonym :**
**Synonym :** Wood, Board, Lumber, Strip
**Antonym :** Axle, Whiten, Uninterestingness.

Ans : C.

**6. Regional planning deals with proposals concerning <u>outlying</u> communities and highways as well as with urban affairs.**

A. outlandish B. exclusive
C. exempted D. remote

Synonym

ব্যাখ্যা : Outlying - দূরবর্তী Outlandish - অদ্ভুত
Exclusive - একচেটিয়া Exempted - নিস্কৃত
Remote - দূরবর্তী

**Outlying এর synonym এবং antonym :**
**Synonym :** Remote, Faraway, External, Outer
**Antonym :** Central, Closeby, Inner, Middle

Ans : D.

**7. Rats are nocturnal animals and <u>tend</u> to sleep during the day.**

A. are certain B. are prone
C. are afraid D. are induce

Synonym

ব্যাখ্যা : Tend - প্রবণ/ঝোঁক Certain - নির্দিষ্ট
Prone - প্রবণ Afraid - ভীত
Induce - বাধ্য করা

**Tend এর synonym এবং antonym :**
**Synonym :** Prone, Lead, Bear, Influence, Lean
**Antonym :** Dislike, Dissuade, Ignore, Neglect

Ans : B.

**Choose the alternative A, B, C or D that best completes the sentence (8-24).**

Conditionals

**8. He ______ to see us if he had been able to.**

A. had come B. would have come
C. is coming D. came

ব্যাখ্যা : এটি 3rd conditional এর example :
**Structure :** Subect + would/could/might + have + verb (p.p) + if + subject + had + verb (p.p)
**Example :** I would have gone there If I had known about the matter.
অনুরূপভাবে, He would have come if he had been able to.

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**9. His father _____ tomorrow morning.** voice

A. operates on B. will operate on

C. will be operated on D. being operated

ব্যাখ্যা : যেহেতু operation অন্য কেউ করবে তাই এটি passive voice হবে। Future indefinite এর passive করার নিয়ম-

**Structure :** Subject + will/shall + be + $v_3$ + object

**Example :** The work will be done tomorrow.

অনুরূপভাবে, His father will be operated on tomorrow morning.

**Ans : C.**

**10. The book _____ is not in the library.** Pronoun

A. that are needed B. I am needed

C. which I needed D. I need

ব্যাখ্যা : We can usually leave out the relative pronoun 'that' when it is the object in a relative clause.

**Example :** The women (that) the man loved was living in New York

অনুরূপভাবে, The book(that) I need is not in the library.

**Ans : D.**

**11. The indirect speech of: He said to her, "What a cold day!" is ______.** Narration

A. He told her that it was a cold day.

B. He exclaimed sorrowfully that it was a cold day.

C. He exclaimed sadly that it was a cold day.

D. He exclaimed that it was very cold day.

**ব্যাখ্যা : Exclamatory sentence কে indirect করার নিয়ম:**

**Structure :** Subject + exclaimed + that + subjct + verb + very + বাকি অংশ.

**Example :** Direct : He said to me, "What a beautiful bird!"

Indirect : He exclaimed that it was a very beautiful bird.

অনুরূপভাবে, He exclaimed that it was very cold day.

**Ans : D.**

**12. The correctly spelled word is _______.** spelling

A. cacophone B. cacophoney

C. cacophoni D. cacophony

ব্যাখ্যা : Cacophony - কর্কশ শব্দ

**গুরুত্বপূর্ণ কিছু spelling -**

Committee Connoisseur Diarrhoea

Enthusiastic Entrepreneur Fictitious

**Ans : D.**

**13. Where _____ to spend your holidays next summer?** Sentence

A. you are going B. are you going

C. you will go D. you going

**ব্যাখ্যা : এটি WH question এর example :**

**Structure :** Wh word + auxiliary + subject + verb + ...?

Auxiliary না থাকলে tense অনুযায়ী do/does/did বসে।

**Example :** What is he doing there?

অনুরূপভাবে, Where are you going to spend your holidays next summer?

**Ans : B.**

**14. The student could not answer the question, so he _______.** Group verb

A. gave off B. gave into

C. gave up D. gave away

ব্যাখ্যা : Give up - বর্জন করা/ ছেড়ে দেওয়া

**গুরুত্বপূর্ণ কিছু group verb :**

Blow out- নিভিয়ে ফেলা Break in - জোড়পূর্বক প্রবেশ

Come away - খুলে যাওয়া Do up - ক্লান্ত

Fall into - বিভক্ত হওয়া Get alone - চলা বা চালানো

**Ans : C.**

**15. I _____ travelling by bus.**

A. am not used to B. did not used to

C. used to D. do not use to

**ব্যাখ্যা : এটি used to এর example :**

**Structure :** Sub + used to + verb (base)

Sub + be/get/become + used to + verb(ing)

**Example :** I am used to swimming.

অনুরূপভাবে, I am not used to travelling by bus.

**Ans : A.** Right form of verb

**16. If _____ I will tell him you called.**

A. I'll see him B. I see him

C. I'd see him D. I saw him

**ব্যাখ্যা : এটি 1st conditional এর example :**

**Structure :** If + subject + verb(base) + subject + will + verb (base)

**Example :** If you tell me, I will go there.

অনুরূপভাবে, If I see him I will tell him you called.

**Ans : B.**

**17. I _________ told him if I had known he was your brother.** Conditionals

A. hadn't B. wouldn't

C. wouldn't have D. haven't

**ব্যাখ্যা : এটি 3rd conditional এর example :**

**Structure :** Subject + would/could/might + have + verb (p.p) + if + subject + had + verb (p.p)

**Example :** I would have gone there If I had known about the matter.

অনুরূপভাবে, I wouldn't have told him if I had known he was your brother.

**Ans : C.**

**18. If your friend always thinks the best will happen, she's ______.** One word substitution

A. despondent B. creative

C. optimistic D. critical

ব্যাখ্যা : Optimistic - আশাবাদী

One who always thinks the best will happen.

**Ans : C.**

**19. Technology is not always _______ to humans.**

A. benefit B. benefited

C. beneficial D. beneficiary

ব্যাখ্যা : Benefit - উপকার Beneficial - উপকারী

Benefited - উপকৃত Beneficiary - উপকৃত

বাক্যের অর্থ, "প্রযুক্তি সবসময় মানুষের জন্য উপকারী নয়।"

**Ans : C.**

Sentence completion

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**20. Passengers must _____ their seat-belt while travelling by air.**

A. knot B. hold C. fasten D. bent

ব্যাখ্যা : **Must এর example :**
কোনো কিছু অবশ্যই করা বুঝাতে must বসে।
**Structure :** Sub + must + verb(base)
**Example :** You must study hard to pass the exam.
অনুরূপভাবে, Passengers must fasten their seat-belt while travelling by air.
**Ans : C.**

Right form of verb

**21. The synonym of 'arduous' is _____.**

A. easy B. laborious
C. simple D. straight

Synonym

ব্যাখ্যা : Arduous - কষ্টসাধ্য Easy - সহজ
Laborious - শ্রমসাধ্য Simple - সাধারণ
Straight - সোজা
**Arduous এর synonym এবং antonym :**
**Synonym :** Laborious, Painful, Burdensome Rigorous, Exhausting
**Antonym :** Easy, Simple, Effortless, Trivial
**Ans : B.**

**22. The committee consists _____ five members.**

A. of B. in
C. with D. about

Preposition

ব্যাখ্যা : Consist of - গঠিত হওয়া
গুরুত্বপূর্ণ কিছু **group verb -**
Fall in- সারিবদ্ধ হওয়া Get away - পালানো
Give up - ত্যাগ করা Hand over - সমর্পণ
Make up - ক্ষতিপূরণ Run away - পালিয়ে যাওয়া
**Ans : A.**

**23. I couldn't sleep last night _____ very tired.**

A. because of B. despite of
C. despite D. because I was

ব্যাখ্যা : because + subject + verb
because of + noun/noun phrase
**Example :** He is absent because of illness.
He is absent because he is ill.
অনুরূপভাবে, I couldn't sleep last night because I was very tired.
**Ans : D.**

conjunction

**24. The weather is better today, _____?**

A. hasn't it B. isn't it
C. does it D. is it

ব্যাখ্যা : এখানে, subject 'the weather' এর জন্য tag question এ it হবে এবং is আছে তাই isn't হবে।
**Ans : B.**

**Identify the alternative A, B, C or D that must be changed to correct the sentence (25-29).**

**25. <u>In an editorial</u>(A), a writer may criticize, <u>praise</u>(B), or merely <u>to discuss</u>(C) the actions of some public <u>official</u>(D) or group.**

pin point error

ব্যাখ্যা : **Parallelism এর নিয়ম :** বাক্যের সবগুলো verb একই form এ হয়। Criticize, Praise এগুলো verb এর simple form এ আছে। তাই option 'C' তে 'to discuss' না হয়ে discuss হবে।
**Ans : C.**

**26. Ancient drawings <u>indicate</u>(A) that juggling is <u>at least</u>(B) a three <u>thousand</u>(C)-<u>years</u>(D)-old skill.**

ব্যাখ্যা : এটি **hyphened adjective এর example :** বাক্যে hyphen দ্বারা দুই বা ততোধিক word যুক্ত হয়ে noun কে modify করলে এদের সাথে s/es যুক্ত হয় না।
**Example :** This is a three-day-long trip.
অনুরূপভাবে, Ancient drawings indicate that Juggling is at least a three thousand-year-old skill.
**Ans : D.**

pin point error

**27. Take this <u>medicine</u>(A) and <u>you will</u>(B) <u>soon</u>(C) <u>come about</u>(D).**

pin point error

ব্যাখ্যা : Come round - আরোগ্য লাভ করা
গুরুত্বপূর্ণ কিছু **group verb -**
Come by- পাওয়া Do up - অত্যন্ত ক্লান্ত
Get away - পালানো Go after - অনুসরণ
Go off - প্রস্থান Put away - সরিয়ে রাখা
**Ans : D.**

**28. He <u>could</u>(A) not do <u>well</u>(B) in the examination <u>because</u>(C) he <u>studied hardly</u>(D).**

pin point error

ব্যাখ্যা : বাক্যটির অর্থ সামঞ্জস্যপূর্ণ না। Option 'D' তে 'he didn't study hard' হবে কারণ পরীক্ষায় ভালো করতে না পারার কারণ ভালোভাবে না পড়া।
**Ans : D.**

**29. The <u>younger</u>(A) <u>you are</u>(B), <u>the easy</u>(C) it is <u>to learn</u>(D).**

ব্যাখ্যা : এটি **double comparative এর example :**
**Structure :** The + Comparative +..., + the + comparative +...
**Example :** The more the price, the better the service.
অনুরূপভাবে, The younger you are, the easier it is to learn.
**Ans : C.**

pin point error

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
♦ বিজ্ঞান - A Unit ♦ ব্যবসায় - C Unit
♦ মানবিক ও বিভাগ পরিবর্তন -B Unit + D Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**Read the passage below and then choose the alternative A, B, C or D to answer the questions (30-35).**

The Man Booker Prize for Fiction is awarded every year for a novel written in the English language and published in the Commonwealth countries and Ireland and it aims to represent the very best in contemporary fiction. The prize was originally called the Booker-McConnell Prize, which was the name of the company that sponsored it, though it was better-known as simply the 'Booker Prize'. In 2002, the Man Group became the sponsor and they chose the new name, keeping 'Booker'.

Publishers can submit books for consideration for the prize, but the judges can also ask for books to be submitted they think should be included. Firstly, the Advisory Committee gives advice if there have been any changes to the rules for the prize and selects the people who will judge the books. The judging panel changes every year and usually a person can be a judge once only.

Great efforts are made to ensure that the judging panel is balanced in terms of gender and professions within the industry, so that a writer, a critic, an editor and an academic are chosen along with a well-known person from wider society. However, when the panel of judges has been finalized, they are left to make their own decisions without any further involvement or interference from the prize *sponsor*.

The Man booker judges include critics, writers and academic to maintain the consistent quality of the prize and its influence is such that the winner will almost certainly see the sales increase considerably, in addition to the $50,000 that comes with prize.

**30. Books can be submitted ______.**

A. by publishers  B. by writers
C. by judges  D. by the sponsors

ব্যাখ্যা : Passage এর 2nd para এর 1st লাইনে আছে, "Publishers can submit books for consideration for the prize" সুতরাং Option "A" সঠিক।
**Ans : A.**

**31. The Man Group ______.**

A. was forced to keep the name 'Booker'.
B. decided to include the name 'Booker'.
C. decided to keep the name 'Booker-McConnell.
D. decided to use only the name 'Booker'.

ব্যাখ্যা : Passage এর first para এর শেষের লাইনে বলা হয়েছে, "In 2002, Man group became the sponsor and they chose the new name, keeping 'Booker' "
**Ans : B.**

**32. The word 'sponsor' in line 16 refers to ______.**

A. academic  B. councillor
C. counsellor  D. patron

ব্যাখ্যা : Sponsor - পৃষ্ঠপোষক
Academic - প্রাতিষ্ঠানিক  Councillor - উপদেষ্টা
Counsellor - পরামর্শদাতা  Patron - পৃষ্ঠপোষক
**Ans : D.**

**33. The consistent quality of the prize ______.**

A. is guaranteed by the prize money.
B. is guaranteed by the gender of the judges.
C. is guaranteed by the increase in sales of the winner.
D. is guaranteed by the make-up of the panel of judges.

ব্যাখ্যা : Passage এর শেষ para তে বলা হয়েছে, "The Man Booker judges include critics, writers and academic to maintain the consistent quality of prize "
সুতরাং, option 'D' correct.
**Ans : D.**

**34. The sponsors of the prize ______.**

A. are not involved at all.
B. are involved in choosing the winner.
C. are involved in choosing the judges.
D. choose the academic for the panel of judges.

ব্যাখ্যা : Passage এর third para তে বলা হয়েছে "However when the panel of judges has been finalized, they are left to make their own decisions without any further involvement or interference from the prize sponser".
অর্থাৎ "Judges panel choose করার পর sponsor দের কোনো involvement থাকবে না', সুতরাং option 'C' correct."
**Ans : C.**

**35. The judging panel ______.**

A. doesn't include women.
B. includes only women.
C. is only chosen from representatives of the industry.
D. includes someone from outside the industry.

ব্যাখ্যা : Passage এর third para তে বলা হয়েছে, "Great efforts are made to ensure that the judging panel is balanced in terms of gender and profession within the industry" সুতরাং, Option 'C' correct.
**Ans : C.**

## সাধারণ জ্ঞান

**১. "যতদিন রবে পদ্মা মেঘনা গৌরী যমুনা বহমান
ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান।"
– এই বিখ্যাত কবিতাংশটি কোন কবির রচনা?**

A. মধুসূদন দত্ত  B. নির্মলেন্দু গুণ
C. অন্নদাশঙ্কর রায়  D. শামসুর রাহমান

ব্যাখ্যা : • এই কবিতাংশটি কবি 'অন্নদাশঙ্কর রায়ের' রচনা।
• অন্নদাশঙ্কর রায় জন্মগ্রহণ করেন ১৫ মে ১৯০৪ সালে এবং মৃত্যুবরণ করেন ২৮ অক্টোবর ২০০২ সালে।
• পেশায় তিনি ছিলেন - কুমিল্লার জজ, নদীয়ার ম্যাজিস্ট্রেট এবং পশ্চিমবঙ্গের সচিব।
• তার রচিত উপন্যাস সমূহ : অসমাপিকা (প্রথম উপন্যাস), অপসারণ, যার যথা দেশ, মর্ত্যের স্বর্গ, কলঙ্কবতী, অজ্ঞাতবাস, দুঃখমোচন।
• আত্মজীবনীসমূহ : বিনুর বই, পথে প্রবাসে, জাপানে।
• ছোট গল্প সমূহ : মন পবন, যৌবন জ্বালা, প্রকৃতির পরিহাস, কামিনী কাঞ্চন।
• ১৯৭৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় তাকে জগত্তারিণী পুরস্কারে ভূষিত করেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়, তাকে সম্মান সূচক ডক্টর অব লিটারেচার (ডিলিট) উপাধি প্রদান করে।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২. **আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর পক্ষে প্রসিকিউটর হিসেবে নিযুক্ত হয়েছিলেন কে?**

A. স্যার উইলিয়াম থমাস B. উইলিয়াম কেরি
C. উইলিয়াম হান্টার D. উইলিয়াম জোন্স

**ব্যাখ্যা :** • আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর পক্ষে প্রসিকিউটর হিসেবে নিযুক্ত হয়েছিলেন" স্যার উইলিয়াম থমাস।
• উইলিয়াম থমাস ব্রিটেনের রাণী এলিজাবেথের আইনজীবী ছিলেন।
• প্রবাসী বাঙালিদের আমন্ত্রণে আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর পক্ষে আইনি লড়াই চালাতে ১৯৬৮ সালের জুলাই মাসে ঢাকায় আসেন।
• উইলিয়াম সহ ২৫ জন আইনজীবীকে আগরতলা মামলায় অভিযুক্ত ব্যক্তিদের পক্ষে নিয়োগ করা হয়।
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ৩৫ জন বিশিষ্ট ব্যক্তির বিরুদ্ধে এই মামলা দায়ের করা হয়েছিল।
• এই মামলাটির পূর্ণ নাম ছিল "রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান গং" মামলা। তবে এটি আগরতলা ষড়যন্ত্র মামলা নামে বেশি পরিচিত।
**Ans : A.**

৩. **আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কত তারিখে পালিত হয়?**

A. ১৬ আগস্ট B. ১৫ সেপ্টেম্বর
C. ১৫ নভেম্বর D. ১৫ ডিসেম্বর

**ব্যাখ্যা :** • ১৫ সেপ্টেম্বর, আন্তর্জাতিক গণতন্ত্র দিবস পালিত হয়।
• এই দিবস পালনকারী জাতিসংঘের সদস্যভুক্ত সকল দেশ।
• ২০০৭ সাল থেকে আন্তর্জাতিক গণতন্ত্র দিবস পালন করা হয়।
• গণতন্ত্র সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং গণতন্ত্র চর্চাকে উৎসাহিত করার জন্য প্রচলিত একটি বিশেষ দিন, যা প্রতি বছর '১৫ সেপ্টেম্বর' তারিখে পালিত হয়।
**Ans : B.**

৪. **ইমরুল কায়েস কোন ভাষার কবি?**

A. আরবি B. ফারসি C. হিন্দি D. উর্দু

**ব্যাখ্যা :** • ইমরুল কায়েস 'আরবি' ভাষার কবি।
• তিনি হলেন ৬ষ্ঠ শতকের আরবি ভাষার উল্লেখযোগ্য ও শ্রেষ্ঠ কবি।
• তার পুরো নাম হল ইমরুল কায়েস বিনহুযর আল কিন্দি।
• তিনি আরবের নাজদ এলাকায় ৬ষ্ঠ শতকের প্রথম দিকে জন্মগ্রহণ করেন। (ধারণা করা হয় ৫২৬ খ্রিস্টাব্দের দিকে জন্মগ্রহণ করেন)
• ইমরুল কায়েস হলেন আরবি ভাষায় লেখা বিখ্যাত কাব্য সংকলন 'মুআল্লাক্বা'র অন্যতম ও শ্রেষ্ঠ লেখক।
• এই মহান কবি ৫৪০ খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন।
**Ans : A.**

৫. **'গুয়ানতানামো বে' কী?**

A. কারাগার B. আদালত
C. সামুদ্রিক মাছ D. প্রাচীন স্থাপত্য

**ব্যাখ্যা :** • 'গুয়ানতানামো বে' মার্কিন যুক্তরাষ্ট্রের একটি কারাগার।
• এই কারাগার বন্দীদের উপর অমানুষিক নির্যাতনের জন্য কুখ্যাত।
• এই কারাগারে বন্দীদের বিনাবিচারে আটক রাখা হয় এবং তথ্য আদায়ের লক্ষ্য নিয়ে বন্দীদের উপর যৌন অত্যাচার, ওয়াটার বোডিং সহ বিবিধ আইন বর্হিভূত উপায়ে নির্যাতন চালানো হয়।
• এই কারাগারটি ২০০২ সালে প্রতিষ্ঠা করা হয়।
• মার্কিন যুক্তরাষ্ট্রের মূল ভূ-খন্ডের বাইরে কিউবার দক্ষিণ-পূর্ব পাশে ক্যারিবীয় সাগরে এর অবস্থান।
• ১৯০৩ সালে হাভানা চুক্তির আওতায় কিউবা থেকে ইজারা নিয়ে মার্কিন সেনাঘাটি নির্মাণ করা হয়।
• দক্ষিণ কিউবাই অবস্থিত মার্কিন সেনাঘাটিতে 'গুয়ানাতানামো বে' কারাগার অবস্থিত।
**Ans : A.**

৬. **ম্যাক্সিম গোর্কি তাঁর বিখ্যাত 'মা' উপন্যাস কোন ভাষায় লিখেছেন?**

A. ইংরেজি B. রুশ C. ফরাসি D. তুর্কি

**ব্যাখ্যা :** • ম্যাক্সিম গোর্কি তার বিখ্যাত মা উপন্যাস 'রুশ' ভাষায় লিখেছেন।
• এটি ম্যাক্সিম গোর্কি রচিত এক কালজয়ী উপন্যাস যা ১৯০৬ সালে প্রথম প্রকাশিত হয়।
• এই উপন্যাসের মূল শিরোনাম হচ্ছে 'MaTb'.
• উপন্যাসটি বিপ্লবী শ্রমিক আন্দোলনের পটভূমিকায় রচিত।
• উপন্যাসের প্রধান দুটি চরিত্র হলো প্যাভেল ও তার মা।
• উপন্যাসটির বাংলা অনুবাদক হচ্ছেন 'পুষ্পময়ী বসু।'
• ম্যাক্সিম গোর্কি ২৮ মার্চ ১৮৬৮ সালে জন্ম গ্রহণ করেন এবং ১৮জুন ১৯৩৬ সালে মৃত্যুবরণ করেন।
• তিনি নিজেই তার সাহিত্যিক ছদ্মনাম হিসেবে গোর্কি অর্থাৎ 'তেতো' নামকে বেছে নেন।
**Ans : B.**

৭. **মণিপুরী নৃত্য বাংলাদেশের কোন অঞ্চলের ঐতিহ্য?**

A. রাজশাহী B. রাঙামাটি C. সিলেট D. নেত্রকোনা

**ব্যাখ্যা :** • মণিপুরী নৃত্য বাংলাদেশের সিলেট অঞ্চলের ঐতিহ্য।
• মণিপুরী জাতি ভারত ও বাংলাদেশের একটি ক্ষুদ্র ও বৈশিষ্ট্যপূর্ণ্য জনগোষ্ঠীর নাম। এদের আদি নিবাস ভারতের মণিপুর রাজ্যে।
• মণিপুরীদের ভাষা হচ্ছে মৈতৈ ও বিষ্ণুপ্রিয়া।
• এরা সনাতন ধর্মে বিশ্বাসী।
• গোপী নাচ (রাধাকৃষ্ণের উদ্দেশ্যে নাচ করা) মণিপুরিদের সবচেয়ে প্রিয়।
• মৈ তৈ পাঙন নামে একটি মুসলিম মণিপুরী জনগোষ্ঠীও আছে।
**Ans : C.**

৮. **রবীন্দ্রনাথের গীতাঞ্জলি-র ইংরেজি অনুবাদ প্রথম প্রকাশিত হয়–**

A. ১৯১২ সালে B. ১৯১০ সালে
C. ১৯১৬ সালে D. ১৯১৪ সালে

**ব্যাখ্যা :** • রবীন্দ্রনাথের গীতাঞ্জলি-র ইংরেজি অনুবাদ সং অফারিংস (song offerings) প্রথম প্রকাশিত হয় ১৯১২ সালে।
• গীতাঞ্জলি কাব্যগ্রন্থটি ১৯১০ সালে প্রকাশিত হয়।
• এই কাব্যগ্রন্থে মোট ১৫৭টি গীতি কবিতা সংকলিত হয়েছে।
• কবিতাগুলি ব্রাহ্ম-ভাবপন্ন ভক্তিমূলক রচনা।
• ১৯৪৭ সালে ইংরেজি কাব্যগ্রন্থটির (song offerings) জন্য সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন।
**Ans : A.**

৯. **বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ – এর গ্রাউন্ড স্টেশন কোথায় স্থাপন করা হয়েছে?**

A. গাজীপুর ও বেতবুনিয়া B. ঢাকা ও গাজীপুর
C. চট্টগ্রাম ও খুলনা D. মানিকগঞ্জ ও কেরাণীগঞ্জ

**ব্যাখ্যা :** • বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গ্রাউন্ড স্টেশন স্থাপন করা হয়েছে - 'গাজীপুর ও বেতবুনিয়া' তে।
• গাজীপুর জেলার জয়দেবপুর ও রাঙ্গামাটির বেতবুনিয়ায় ভূকেন্দ্র তৈরি করা হয়।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ। (১২ মে ২০১৮) সালে মহাকাশে যায়।
• তৈরি করে ফ্রান্সের থালেস অ্যালেনিয়া স্পেস কোম্পানি।
• উৎক্ষেপণ হয় যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার ক্যানভেরাল লঞ্চপ্যাড ব্লক ৫ থেকে।
• নির্মাণ ব্যয়- ২ হাজার ৭৬৫ কোটি টাকা।
• স্যাটেলাইটে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ ৫৭তম দেশ।
• স্যাটেলাইটের আওতায় আসবে সার্কভুক্ত দেশসহ ১৬টি দেশ।
• স্যাটেলাইটের অবস্থান হবে - ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে।
• স্যাটেলাইটটি বহনকারী রকেট- ফ্যালকন-৯
• স্যাটেলাইটে লেখা আছে- জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. 'তুমি শুয়ে র'বে তেতালার' পরে, আমরা রহিব নিচে, অথচ তোমারে দেবতা বলিব, সে ভরসা আজ মিছে'। – কাজী নজরুল ইসলামের কোন কবিতার চরণ?

A. সাম্যবাদী B. চোর-ডকাত
C. মানুষ D. কুলি-মজুর

ব্যাখ্যা : কবিতাংশটি কাজী নজরুল ইসলামের কুলি-মজুর কবিতার চরণ।
- কুলি-মজুর কবিতাটি সাম্যবাদী কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে।
- আরও উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- অগ্নিবাণী, দোলনচাপাঁ, ছায়ানট, ফণি-মনসা, সিন্ধু-হিল্লোল, সন্ধ্যা, সর্বহারা।
- উপন্যাস সমূহ - বাঁধন হারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা।
- গল্পগ্রন্থ - ব্যাথার দান, রিক্তের বাধন, শিউলিমালা।
- নজরুল - 'আনন্দময়ীর আগমনে ও বিদ্রোহীর কৈফিয়ৎ' কবিতার জন্য ১ বছর এবং প্রলয় শিখা রচনার জন্য ৬ মাস কারাবরণ করেন।
- কাজী নজরুল ইসলামের জন্ম ২৪মে ১৮৯৯(১১ জৈষ্ঠ্য ১৩০৬ বঙ্গাব্দ) মৃত্যু ২৯ আগস্ট ১৯৭৬ (১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দ)
- সম্পাদিত পত্রিকা - ধুমকেতু, লাঙল ও নবযুগ।
- ছদ্মনাম - ধুমকেতু।

Ans : D.

১১. ২০১৯ সালের ২ অক্টোবর কোন নেতার সার্ধশত জন্মজয়ন্তী পালিত হয়?

A. মতিলাল নেহরু B. আবুল কালাম আজাদ
C. মহাত্মা গান্ধী D. জওহরলাল নেহরু

ব্যাখ্যা : • মহাত্মা গান্ধীর অবদানকে মনে রেখেই '২ অক্টোবর' সার্ধশত জন্মজয়ন্তী পালন করা হয়।
- পুরো নাম - মোহনদাস করমচাঁদ গান্ধী।
- অন্যান্য নাম - বাপুজি, গান্ধীজি।
- ২০০৭ সালের ১৫ই জুন জাতিসংঘের সাধারণ সভায় ২রা অক্টোবরকে আন্তর্জাতিক অহিংস দিবস হিসেবে ঘোষণা করা হয়।
- মহাত্মা গান্ধীর আত্মজীবনীর নাম "দি স্টোরি অফ মাই এক্সপেরিমেন্ট উইথ ট্রুথ"।
- রাজনৈতিক দল - ভারতীয় জাতীয় কংগ্রেস।
- ২৫ বছর পূর্তি অনুষ্ঠানকে - রজত জয়ন্তী।
- ৫০ বছর পূর্তি অনুষ্ঠানকে - সুবর্ণ জয়ন্তী।
- ৬০ বছর পূর্তি অনুষ্ঠানকে - হীরক জয়ন্তী।
- ৬৫ বছর পূর্তি অনুষ্ঠানকে - নীলা জয়ন্তী।
- ৭৫ বছর পূর্তি অনুষ্ঠানকে - প্লাটিনাম জুবিলি।
- ১০০ বছর পূর্তি অনুষ্ঠানকে - শতবর্ষ।
- ১৫০ বছর পূর্তি অনুষ্ঠানকে - সার্ধশত বর্ষ বলা হয়।

Ans : C.

১২. 'দেশবন্ধু' উপাধি পেয়েছিলেন কোন রাজনীতিবিদ?

A. সুভাষচন্দ্র বসু B. এ কে ফজলুল হক
C. চিত্তরঞ্জন দাশ D. শরৎচন্দ্র বসু

ব্যাখ্যা : • দেশবন্ধু উপাধি পেয়েছিলেন রাজনীতিবিদ 'চিত্তরঞ্জন দাশ'।
- চিত্তরঞ্জন দাশ বর্তমান মুন্সিগঞ্জ জেলার বিক্রমপুরে টংগিবাড়ী উপজেলায় - ১৮৭০ সালের ৫ নভেম্বর জন্মগ্রহণ করেন।
- ভবানীপুর লন্ডন মিশনারি স্কুলে তার শিক্ষাজীবন আরম্ভ হয়।
- ১৮৯৪ সালে কলকাতা হাইকোর্টে ব্যারিস্টার হিসেবে তালিকাভুক্ত হন।
- ১৯২৫ সালের ১৬ই জুন মৃত্যুবরণ করেন।

Ans : C.

১৩. পেলোপনেশীয় যুদ্ধ কাদের মধ্যে সংঘটিত হয়েছিল?

A. এথেন্স ও স্পার্টার মধ্যে B. এথেন্স ও করিন্থ-এর মধ্যে
C. করিন্থ ও করথিয়ার মধ্যে D. করিন্থ ও স্পার্টার মধ্যে

ব্যাখ্যা : • পেলোপনেশীয় যুদ্ধ সংঘটিত হয় এথেন্স ও স্পার্টার মধ্যে।
- স্পার্টার নেতৃত্বে গড়ে ওঠা পেলোপনেশীয় লিগ ও এথেন্সের নেতৃত্বে গড়ে ওঠা ডেলিয়ান লিগের অন্তর্ভুক্ত রাষ্ট্রগুলোর মধ্যে এই যুদ্ধ সংগঠিত হয়।
- দুই বছরের মাথায় মহামারি প্লেগরোগে আক্রান্ত হলো এথেন্স।
- এই রোগে আক্রান্ত হয়ে ৪২৯ খ্রিস্টাব্দে মারা গেলেন এথেন্সের কর্ণধার পেরিক্লিস।
- ৩৬৯ খ্রিস্টপূর্বাব্দে এথেন্স চলে যায় স্টার্টার অধীনে।

Ans : A.

১৪. ব্রাহ্মধর্ম কোনটি প্রচারে উদ্যোগী হয়েছিল?

A. বহু ঈশ্বরবাদ B. একেশ্বরবাদ
C. শূন্যবাদ D. কোনো কিছুই নয়

ব্যাখ্যা : • ব্রাহ্মধর্ম একেশ্বরবাদ প্রচারে উদ্যোগী হয়েছিল।
- ব্রাহ্মধর্ম হলো ১৯শ শতাব্দীর বাংলার একটি ধর্মীয় আন্দোলন।
- রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ আন্দোলনের প্রথম প্রবক্তা।
- যুক্তিবাদ প্রয়োগের উপর অধিক গুরুত্বারোপ করে তিনি হিন্দু ধর্ম ও সামাজিক রীতিনীতি সংস্কারে উদ্যোগী হন।
- তিনি নিজে একেশ্বরবাদী ধর্ম ও আধুনিক বিজ্ঞানের দ্বারা অনুপ্রাণিত হন।
- ১৮২৮ সালে রামমোহন রায় 'ব্রাহ্মসভা' স্থাপন করে।

Ans : B.

১৫. ২০১৯ সাল পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকনিষ্ঠ অধিনায়ক কে?

A. সাকিব আল হাসান B. মুশফিকুর রহিম
C. রশিদ খান D. ব্রায়ান লারা

ব্যাখ্যা : • ২০১৯ সালের আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকনিষ্ঠ অধিনায়ক 'রশিদ খান'।
- তার পুরো নাম 'রশিদ খান আরমান'।
- জন্ম- ২০ সেপ্টেম্বর ১৯৯৮ সালে। পূর্ব আফগানিস্তানের নাংগারে জন্মগ্রহণ করেন।
- ২০১৫ সালে ১৮ অক্টোবর তারিখে জিম্বাবুয়ের বিপক্ষে তার একদিনের আন্তর্জাতিক ম্যাচ অভিষেক ঘটে।

Ans : C.

১৬. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই আই কানের জন্ম কোন দেশে?

A. এস্তোনিয়া B. সার্বিয়া C. বুলগেরিয়া D. লিথুয়ানিয়া

ব্যাখ্যা : • জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই আই কান 'এস্তোনিয়া' তে জন্মগ্রহণ করেন।
- লুই. আই. কান এর পুরো নাম - লুই ইসাডোর কান।
- জন্ম- ২০ ফেব্রুয়ারি ১৯০১ সালে এবং মৃত্যু- ১৭ মার্চ ১৯৭৪ সালে।
- বাংলাদেশের জাতীয় সংসদ ভবন তার বিখ্যাত কীর্তি।
- এটির নির্মাণ শুরু ১৯৬১ সালে এবং সম্পূর্ণ হয় ১৯৮২ সালে।
- ব্যয় $৩২ মিলিয়ন ইউএস ডলার।

Ans : A.

১৭. জর্জ অরওয়েলের জন্মস্থান কোথায়?

A. ফ্রান্স B. ইংল্যান্ড C. ভারত D. জার্মানি

ব্যাখ্যা : • জর্জ অরওয়েলের জন্মস্থান ভারতে (জুন ২৫, ১৯০৩ সালে)
- তার প্রকৃত নাম- এরিক আর্থার ব্লেয়ার।
- বিশ্ব সাহিত্য অঙ্গনে তিনি জর্জ অরওয়েল ছদ্মনামে সমধিক পরিচিত।
- তিনি একজন ইংরেজ সাহিত্যিক ও রাজনৈতিক লেখক।
- তার দুটি উপন্যাস 'এনিমেল ফার্ম' ও 'নাইন্টিন এইটি ফোর' বিংশ শতাব্দীর সর্বশ্রেষ্ঠ গ্রন্থের তালিকায় স্থান পেয়েছে।
- তিনি আজীবন স্বৈরাচার ও একদলীয় মতবাদের বিরুদ্ধে সোচ্চার ছিলেন।
- জর্জ অরওয়েল মাত্র ৪৬ বছর বয়সে যক্ষ্মা রোগে মৃত্যুবরণ করেন। (২১ জানুয়ারি, ১৯৫০ সালে)

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৮. ব্ল্যাক হোলের মধ্যাকর্ষণ কেমন?**

A. শক্তিশালী B. দুর্বল C. হালকা D. কোনো অস্তিত্ব নেই

ব্যাখ্যা : • ব্লাক হোলের মধ্যাকর্ষণ 'শক্তিশালী'।
• ব্লাক হোল (Black Hole) অর্থ হলো কৃষ্ণ গহ্বর বা কালো গহ্বর বা কৃষ্ণ বিবর।
• ব্লাক হোল বা কৃষ্ণ গহ্বর মহাবিশ্বের এমন একটি বস্তু যা এত ঘন সন্নিবিষ্ট বা অতি ক্ষুদ্র আয়তনের। এর ভর এত বেশি যে এর মহাকর্ষীয় শক্তি কোন কিছুকেই তার ভেতর থেকে বের হতে দেয় না, এমনকি তড়িৎ চুম্বকীয় বিকিরণকে ও নয়।
• ১৯১৫ সালে বিজ্ঞানী আইনস্টাইন তার আপেক্ষিকতা তত্ত্বে এই মহাকর্ষীয় তরঙ্গের কথা উল্লেখ করেন।
• সাধারণ কোন একটি নক্ষত্র চুপসে গেলে কৃষ্ণ গহ্বরে পরিণত হয়।
**Ans : A.**

**১৯. ইবনে বতুতা কোন দেশের নাগরিক?**

A. সিরিয়া B. মরক্কো C. ব্যাবিলন D. তিউনিসিয়া

ব্যাখ্যা : • ইবনে বতুতা মরক্কোর নাগরিক।
• তার পূর্ণ নাম হলো- আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবনে বতুতা।
• তিনি ২৪ ফেব্রুয়ারি ১৩০৪ খ্রিস্টাব্দে মরক্কোর তান্জিয়াবে জন্মগ্রহণ করেন।
• চীন সহ পৃথিবীর অনেক জায়গায় তিনি "শামস-উদ-দ্বীন" নামেও পরিচিত। ভারতে "মাওলানা বদ্‌র-উদ-দ্বীন' নামে পরিচিত।
• তিনি সুন্নি মুসলিম পর্যটক, চিন্তাবিদ, বিচারক এবং সুন্নি ইসলামের মালিকি মাজহাবে বিশ্বাসী একজন ধর্মতাত্ত্বিক।
• ৩০ বছরে তিনি ৪০টি দেশ ভ্রমণ করেন।
• তার ভ্রমণকাহিনীর নাম 'রিহলা'।
**Ans : B.**

**২০. বাংলাদেশের বৃহত্তম স্থল বন্দর কোনটি?**

A. বুড়িমারী B. জাফলং C. সোনা মসজিদ D. বেনাপোল

ব্যাখ্যা : • বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর 'বেনাপোল' (যশোর)।
• বাংলাদেশে মোট স্থলবন্দর ২১টি।
• সর্বশেষ স্থলবন্দর ভোলাগঞ্জ, সিলেট।
• ভোলাগঞ্জের সাথে সংযোগ মেঘালয় রাজ্যের।
• বেনাপোল বন্দরের অপরপ্রান্তে ভারতীয় অংশের নাম- পেট্রোপোল
**Ans : D.**

**২১. শেখ হাসিনা কিসের জন্য ইউনেস্কো'র 'ফেলিক্স-হোফে-বোইনি শান্তি পদক'-এ ভূষিত হন?**

A. সমুদ্র সীমা মামলায় জয়ের জন্য B. পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির জন্য
C. গঙ্গা পানি বন্টন চুক্তির জন্য D. ছিটমহল সমস্যা সমাধানের জন্য

ব্যাখ্যা : • শেখ হাসিনা "পাবর্ত্য চট্টগ্রাম শান্তি চুক্তির জন্য" ফেলিক্স হোক-বাইনি শান্তি পদক এ ভূষিত হন।
• শেখ হাসিনা বর্তমান বাংলাদেশের ১৩তম প্রধানমন্ত্রী।
• জন্মস্থান- টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
• ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ থেকে স্নাতক ডিগ্রি সম্পন্ন করেন ১৯৭৩ সালে।
• আওয়ামীলীগ সভাপতি হন ১৯৮১ সালে (৬ষ্ঠ)।
• শেখ হাসিনা ১৯৯৭ সাল থেকে এ পর্যন্ত ২৭টি পুরস্কার ও পদক অর্জন করেছেন।
**গুরুত্বপূর্ণ পুরস্কার সমূহ :**
• ২০১৯ সালে নারীর ক্ষমতায়নে "Lifetime contribution for women Empowerment Award"
• ২০১৮ সালে "দীর্ঘস্থায়ী নারী শাসক"।
• ২০১৭ সালে রোহিঙ্গা ইস্যুতে "মাদার অব হিউম্যানিটি"।
• ২০১৫ সালে "চ্যাম্পিয়ন অব দ্যা আর্থ"।
• ২০১০ সালে এমডিজি (MDG) পুরস্কার পান।
**Ans : B.**

**২২. অ্যাশেস ক্রিকেট সিরিজ প্রতিবছর কোন দুটি দেশের মধ্যে অনুষ্ঠিত হয়?**

A. ইংল্যান্ড ও অস্ট্রেলিয়া B. অস্ট্রেলিয়া ও ভারত
C. নিউজিল্যান্ড ও ইংল্যান্ড D. নিউজিল্যান্ড ও ওয়েস্ট ইন্ডিজ

ব্যাখ্যা : • অ্যাশেস ক্রিকেট সিরিজ প্রতি বছর ইংল্যান্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে অনুষ্ঠিত হয়।
• অ্যাশেস ক্রিকেট সিরিজ শুরু হয় ১৮৮২ সাল থেকে।
• ১৮৮২ সাল থেকে সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত ৭১টি সিরিজ অনুষ্ঠিত হয়।
• অ্যাশেস সিরিজ সাধারণত : পাঁচ বা ততোধিক টেস্টের হয়ে থাকে।

| | | |
|---|---|---|
| • ৭১টি সিরিজের মধ্যে | অস্ট্রেলিয়ার জয় | ৩৩ টি |
| | ইংল্যান্ডের জয় | ৩২ টি |
| | ড্র | ৬ টি |

• অ্যাশেস ক্রিকেট সিরিজে বর্তমান ট্রপির ধারক "অস্ট্রেলিয়া"।
• পরবর্তী টুর্নামেন্ট ২০২১-২২।
**Ans : A.**

**২৩. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কে উত্থাপন করেছিলেন?**

A. হোসেন শহীদ সোহরাওয়ার্দী B. চৌধুরী খালেকুজ্জামান
C. আবুল হাশিম D. এ কে ফজলুল হক

ব্যাখ্যা : • ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপন করেন 'এ কে ফজলুল হক'।
• লাহোর প্রস্তাব বা পাকিস্তান প্রস্তাব হচ্ছে ভারতীয় উপমহাদেশে বসবাসকারী মুসলিমদের জন্য একটি পৃথক রাষ্ট্রের দাবী জানিয়ে উত্থাপিত প্রস্তাবনা।
• ১৯৪০ সালের ২৩ শে মার্চ সাধারণ অধিবেশনে মুসলিম লীগের পক্ষ হতে তৎকালিন মুখ্যমন্ত্রী শেরে বাংলা এ কে ফজলুল হক ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপন করেন।
• প্রস্তাবের মূলকথা ছিল উপমহাদেশের উত্তর-পশ্চিম ও পূর্বাঞ্চলীয় মুসলিম অধ্যুষিত এলাকাগুলো নিয়ে একাধিক স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র গঠন করতে হবে।
• মূল প্রস্তাবটি ছিল উর্দু ভাষায়।
• এই সম্মেলনে ফজলুল হককে 'শেরে বাংলা' উপাধি দেওয়া হয়।
**Ans : D.**

**২৪. ১৯৬৯ সালে কোন তারিখের জনসভায় শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?**

A. ২১ ফেব্রুয়ারি B. ২২ ফেব্রুয়ারি
C. ২৩ ফেব্রুয়ারি D. ২৪ ফেব্রুয়ারি

ব্যাখ্যা : • কারামুক্ত শেখ মুজিবুর রহমানকে ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে তৎকালীন রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) গণসংবর্ধনা দেওয়া হয় এবং ছাত্র সংগ্রাম পরিষদের পক্ষ থেকে ছাত্রনেতা তোফায়েল আহমেদ তাকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।
• ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি আগরতলা মামলা প্রত্যাহার এবং বন্দীদের নিঃশর্ত মুক্তি দান করে আইয়ুব খান।
**Ans : C.**

**২৫. কোন খেলোয়াড় ২০১৯ সালে ইউএস ওপেন (পুরুষ-একক) শিরোপা জেতেন?**

A. রাফায়েল নাদাল B. রজার ফেদেরার
C. নোভাক ইউকোভিচ D. ডি. মেডভেডেভ

ব্যাখ্যা : • রাফায়েল নাদাল ২০১৯ সালে ইউএস ওপেন (পুরুষ একক) শিরোপা জিতেন।
• পুরো নাম - রাফায়েল নাদাল পারেরা।
• জন্ম (৩ জুন ১৯৮৬)- স্পেনে।
• 'লাল কোর্টের রাজা' বা 'কিং অফ ক্লে-কোর্ট' বলে পরিচিত নাদালকে সর্বকালের সেরা ক্লে-কোর্ট খেলোয়াড় বলে অভিহিত করা হয়।
• নাদাল ২০১১ সালে মর্যাদাপূর্ণ 'Laurius sportsman of the year' খেতাব অর্জন করেন।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৬. ১৯৪৭ সালে গঠিত বেঙ্গল বাউন্ডারি কমিশনের চেয়ারম্যান কে ছিলেন?

A. স্যার স্ট্যাফোর্ড ক্রিপস B. লর্ড ওয়াভেল

C. সি. সি. বিশ্বাস D. সিরিল র‍্যাডক্লিফ

ব্যাখ্যা : • ১৯৪৭ সালে গঠিত বেঙ্গল বাউন্ডারি কমিশনের চেয়ারম্যান ছিলেন "সিরিল র‍্যাডক্লিফ"।

• র‍্যাডক্লিফ রেখা হল ব্রিটিশ ভারতের পাঞ্জাব প্রদেশ ও বেঙ্গল প্রেসিডেন্সিকে বিভাজন করে নবগঠিত ভারত ও পাকিস্তানের সীমানা নির্ধারণকারী রেখা।

• এই রেখার পরিকল্পক 'স্যার শেরিল র‍্যাডক্লিফ" এর নামে নামাঙ্কিত হয়।

• ১৭ ই আগস্ট ১৯৪৭ খ্রিস্টাব্দে ভারত বিভাজন সংক্রান্ত সীমানা নির্ধারণ রেখার পরিকল্পনা প্রকাশ করা হয়।

• বর্তমানে এই রেখাটির পশ্চিম ভাগ ভারত- পাকিস্তান সীমান্ত ও পূর্বভাগ বাংলাদেশ-ভারত সীমান্ত নামে পরিচিত।

**Ans : D.**

২৭. জাতিসংঘ কয়টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) নির্ধারণ করেছে?

A. ১৬ টি B. ১৭ টি C. ১৮ টি D. ১৯ টি

ব্যাখ্যা : • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো ভবিষ্যৎ আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত এক গুচ্ছ লক্ষ্যমাত্রা।

• এসব লক্ষ্যগুলো সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) কে প্রতিস্থাপন করেছে, যা ২০১৫ সালের শেষ নাগাদ মেয়াদোত্তীর্ণ হয়ে গেছে।

• SDG এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।

• SDG বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা তে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।

**Ans : B.**

২৮. মুজিবনগর সরকারের অস্থায়ী সদরদপ্তর কোথায় ছিল?

A. মেহেরপুর B. কলকাতা C. দিল্লি D. আগরতলা

ব্যাখ্যা : • ১৭ এপ্রিল, বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার ভবের পাড়াগ্রামের বৈদ্যনাথ তলায়।

• শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন সংসদ আবদুল মান্নান।

• মুজিবনগর সরকারের প্রধান ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

• তার নামানুসারে বৈদ্যনাথতলার নতুন নামকরণ হয় মুজিব নগর এবং অস্থায়ী সরকার ও পরিচিত হয় 'মুজিব নগর' সরকার নামে।

• এই সরকার প্রবাসী সরকার ও অস্থায়ী বিপ্লবী সরকার নামে ও পরিচিত।

• এই সরকারের অস্থায়ী সদর দপ্তর বা সচিবালয় স্থাপিত হয় কলকাতার ৮নং থিয়েটার রোড (বর্তমান শেক্সপিয়র সরণী)।

• এই জন্য প্রতি বছর ১৭ এপ্রিল 'মুজিবনগর দিবস' হিসেবে পালিত হয়।

**Ans : B.**

২৯. জাতিসংঘ শরণার্থী বিষয়ক কমিশন (UNHCR) – এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

A. নিউইয়র্ক B. রোম C. জুরিখ D. জেনেভা

ব্যাখ্যা : • জাতিসংঘ শরণার্থী বিষয়ক কমিশন (UNHCR) এর সদর দপ্তর 'জেনেভা', সুইজারল্যান্ড।

• UNHCR,- জাতিসংঘের কার্যত একটি আন্তর্জাতিক সংস্থা যার দায়িত্ব হচ্ছে জাতিসংঘ বা কোন দেশের সরকারের অনুরোধে স্বদেশহীন, বাস্তহারা, বিতাড়িত, মাতৃভূমিচ্যুত শরণার্থীদের রক্ষা করা, তাদের অবস্থানকে সমর্থন যোগানো এবং নিজদেশে ফেরা বা যথোপযুক্ত পুনর্বাসনের ব্যবস্থা করা।

• UNHCR- ১৪ ডিসেম্বর ১৯৫০ সালে প্রতিষ্ঠিত হয়।

• UNHCR- দুইবার ১৯৫৪ এবং ১৯৮১ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করে।

• বর্তমান হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্ডি (১১তম)।

**Ans : D.**

৩০. আমাজন ফরেস্ট কোন মহাদেশে অবস্থিত?

A. অস্ট্রেলিয়া B. দক্ষিণ আমেরিকা C. এশিয়া D. ইউরোপ

ব্যাখ্যা : • আমাজন ফরেস্ট 'দক্ষিণ আমেরিকা' মহাদেশে অবস্থিত।

• আমাজন ফরেস্টকে বলা হয় পৃথিবীর ফুসফুস।

• আমাজনকে রেইনফরেস্ট ও বলা হয়, এর অর্থ এই নয় যে সারাবছর বৃষ্টি হয় বরং ওখানকার অত্যাধিক আর্দ্রতা, বৃষ্টিপাত এবং গরম আবহাওয়ার কারণে রেইন ফরেস্ট বলা হয়।

• বিশ্বের নিরক্ষীয় বনের অর্ধেকের বেশি অঞ্চল এই আমাজনে।

• গড়ে প্রতি কিলোমিটার প্রায় ৭৫,০০০ ধরনের বৃক্ষ পাওয়া যায়।

• বিশ্বের মোট ওষুধের ২৫ ভাগ কাঁচামাল এই বনের ৪০০ প্রজাতির গাছ থেকে সংগ্রহ করা হয়।

**Ans : B.**

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)

**শিক্ষাবর্ষ : ২০১৯-২০ [বিকাল]**

### বাংলা

১. 'ধর্ম কী? পরোপকারই ধর্ম।' – উক্তিটি কোন রচনা থেকে নেয়া হয়েছে?

A. জীবন ও বৃক্ষ B. চাষার দুক্ষু C. বিড়াল D. আমর পথ

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিড়াল' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন–

• ধর্ম কী? পরোপকারই পরম ধর্ম। এই দুগ্ধটুকু পান করিয়া আমার পরম উপকার হইয়াছে।

• এ সংসারে ক্ষীর, সর, দুগ্ধ, দধি, মৎস্য, মাংস সকলই তোমরা খাইবে, আমরা কিছু পাইব না কেন? তোমরা মনুষ্য, আমরা বিড়াল, প্রভেদ কী।

• যদি যাহার যত ক্ষমতা, সে তত ধনসঞ্চয় করিতে না পায়, অথবা সঞ্চয় করিয়া চোরের জ্বালায় নির্বিঘ্নে ভোগ করিতে না পায়, তবে কেহ আর ধনসঞ্চয়ে যত্ন করিবে না। তাহাতে সমাজের ধনবৃদ্ধি হইবে না। না হইলে তো আমার কী? সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি।

**Ans : C.**

২. 'নিজ কর্ম-দোষে, হায়, মজাইলা/এ কণক-লঙ্কা রাজা, মজিলা আপনি!' -কার উক্তি?

A. মেঘনাদ B. রাম C. রাবণ D. বিভীষণ

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার বিভীষণের বিভিন্ন উক্তি–

• বৃথা এ সাধনা, ধীমান! রাঘবদাস আমি ; কী প্রকারে তাঁহার বিপক্ষে কাজ করিব, রক্ষিতে অনুরোধ?

• নাহি দোষী আমি, বৎস; বৃথা ভৎস মোরে তুমি! নিজ কর্ম-দোষে, হায়, মজাইলা এ কনক-লঙ্কা রাজা, মজিলা আপনি!

• বিরত সতত পাপে দেবকুল; এবে পাপপূর্ণ লঙ্কাপুরী ; প্রলয়ে যেমতি বসুধা, ডুবিছে লঙ্কা এ কালসলিলে!

**Ans : D.**

৩. 'কার্তুজ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?

A. ফরাসি B. ফারসি C. তুর্কি D. উর্দু

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ–

• ফরাসি শব্দ : আঁশ, ইংরেজ, ইংরেজি, কুপন, কার্তুজ, ক্যাফে, ওলন্দাজ, বিস্কুট, বুর্জোয়া, রেস্তরাঁ, শেমিজ, দিনেমার, গ্যারেজ, আঁতাত।

• জাপানি শব্দ : রিকসা, হারিকিরি, প্যাগোডা, হাস্নাহেনা, সুনামি, কারাতে।

• বর্মি শব্দ : লুঙ্গি, ফুঙ্গি, ঘুঘনি, কিয়াং, আরাকান, ইয়াঙ্গুন।

• ওলন্দাজ শব্দ : ইস্কাপন, টেক্কা, রুইতন, হরতন, তুরুপ।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪. মানিক বন্দ্যোপাধ্যায়ের পৈতৃক নিবাস কোন জেলায়?
A. কলকাতা B. ফরিদপুর
C. চট্টগ্রাম D. ঢাকা

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- তাঁর পৈতৃক নিবাস ঢাকায় তবে জন্ম সাঁওতাল পরগনার দুমকায়।
- তিনি ছিলেন একজন বিজ্ঞানমনস্ক লেখক।
- তিনি চিকিৎসার অভাবে সরকারি নিলরত্ন হাসপাতালে মারা যান।
- তার শরীরে মৃগী রোগ চরম আকারে বাসা বেঁধেছিলো।
- মৃগী রোগ থেকে বাঁচার জন্য তিনি প্রচুর মদ পান করতেন।
- বিশ বছর বয়সে তার প্রথম গল্প 'অতসীমামী' প্রকাশিত হয়।
- তিনি একজন বিখ্যাত কথাসাহিত্যিক নামে খ্যাতি অর্জন করেন।

Ans : D.

৫. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
A. ঝরাপালক B. রূপসী বাংলা
C. বনলতা সেন D. ধূসর পাণ্ডুলিপি

ব্যাখ্যা : কবি জীবনানন্দ দাসের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- কবিতাটি চয়ন করা হয়েছে– 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থ থেকে।
- এই কবিতার মূল কথা– বাংলার সৌন্দর্যের পরিচয় দান।
- কবিতায় বর্ণিত হয়েছে প্রাকৃতির উপাদান (বৃক্ষ, সূর্যোদয়, নদীর পরিবেশ)।
- পানের বন, শঙ্খচিল, লক্ষ্মীপেঁচা নামক পাখি এবং পোকার (সুদর্শন) পরিচয় পর্যন্ত তুলে ধরেছেন কবি।
- বাংলার ফসলী মাঠকে তুলনা করেছেন হলুদ শাড়ী পড়া সুন্দরী নারীর সাথে।
- কবি বাংলাকে আকাশের রং নীলের সাথে তুলনা করে পৃথিবীর অন্য সব এলাকার চেয়ে উত্তম জ্ঞান করেছেন।

Ans : B.

৬. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।' –লালসালু উপন্যাসের কার সম্পর্কে এ কথা বলা হয়েছে?
A. মজিদ B. জমিলা C. রহিমা D. খ্যাংটা বুড়ি

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু লাইন–
- মজিদ নীরব হয়ে থাকে, কিন্তু উত্তর শুনে তারও চোখ জ্বলে ধিকিধিকি।
- ভেতরে তার ক্রোধের আগুন জ্বলছে– বাইরে যত ঠান্ডা থাকুক না কেন?
- যে জিনিস বোঝার জন্য নয়, তার জন্যে কৌতূহল প্রকাশ করা অর্থহীন।
- কিন্তু সে-প্রশ্ন দ্বিতীয়ার চাঁদের মত ক্ষীণ, উঠেই ডুবে যায়।
- শয়তানের শক্তি ধূলিসাৎ হয়ে গিয়েছিল সে কান্নার মধ্যে।
- মাসগুলো ঘুরে এলে বরঞ্চ বাপের নিরুদ্দেশ হবার মধ্যে একটা অন্তর্নিহিত অর্থ খুঁজে পায়।
- সে (জমিলা) যেন খাঁচায় ধরা পড়েছে।

Ans : B.

৭. 'সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা' – কোন কবিতার চরণ?
A. ঐকতান B. রক্তে আমার অনাদি অস্থি
C. আমি কিংবদন্তির কথা বলছি D. ফেব্রুয়ারি ১৯৬৯

ব্যাখ্যা : কবি আবুজাফর ওবায়দুল্লাহ রচিত 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ–

"আমি কবি এবং কবিতার কথা বলছি।
সশস্ত্র সুন্দরের অনিবার্য অভ্যুত্থান কবিতা
সুপুরুষ ভালোবাসার সুকণ্ঠ সংগীত কবিতা
জিহ্বায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কবিতা
রক্তজবার মতো প্রতিরোধের উচ্চারণ কবিতা।
আমরা কি তাঁর মতো কবিতার কথা বলতে পারবো
আমরা কি তাঁর মতো স্বাধীনতার কথা বলতে পারবো।"

Ans : C.

৮. বঙ্গবন্ধু জাদুঘর কোথায় অবস্থিত?
A. ধানমণ্ডি B. সেগুন বাগিচা C. পল্টন D. আগারগাঁও

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন জাদুঘর যেসব জায়গায় অবস্থিত–

| জাদুঘরের নাম | অবস্থান এবং প্রতিষ্ঠাকাল |
|---|---|
| বাংলাদেশ জাতীয় জাদুঘর | ঢাকার শাহবাগ (১৯১৩) |
| জাতিতাত্ত্বিক জাদুঘর | চট্টগ্রামের আগ্রাবাদ (১৯৬৫) |
| ঢাকা জাদুঘর | ঢাকা নগর ভবন (১৯৮৭) |
| মুক্তিযুদ্ধ জাদুঘর | আগারগাঁও, ঢাকা (১৯৯৬) |
| বঙ্গবন্ধু জাদুঘর | ধানমন্ডি (১৯৯৭) |
| বিজ্ঞান জাদুঘর | আগারগাঁও (১৯৬৫) |
| সামরিক জাদুঘর | বিজয় স্মরণী (১৯৮৭) |
| বরেন্দ্র জাদুঘর | রাজশাহী (১৯১০) |

Ans : A.

৯. নিচের কোনটি বেগম রোকেয়া সাখাওয়াত হোসেনের রচনা নয়?
A. মেঘমল্লার B. অবরোধবাসিনী C. পদ্মরাগ D. মতিচূর

ব্যাখ্যা : রোকেয়া সাখাওয়াত হোসেন সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- জন্ম : ০৯ ডিসেম্বর ১৮৮০, মৃত্যু : ০৯ ডিসেম্বর ১৯৩২।
- তিনি একজন বাঙালি চিন্তাবিদ, প্রাবন্ধিক, ঔপন্যাসিক, সাহিত্যিক, সমাজ সংস্কারক।
- তিনি বাঙালি নারী জাগরণের অগ্রদূত এবং প্রথম বাঙালি নারীবাদী।
- তিনি বিবিসি বাংলার জরিপে (২০০৪) ৬ষ্ঠ 'সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি'।
- তাঁর প্রবন্ধ– অবরোধবাসিনী, মতিচূর।
- তাঁর উপন্যাস– সুলতানার স্বপ্ন, পদ্মরাগ।
- মেঘমল্লার - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা গল্পগ্রন্থ।
- মেঘমল্লার - আখতারুজ্জামান ইলিয়াস রচিত রেইনকোট গল্প অবলম্বনে তৈরিকৃত চলচ্চিত্র যা ২০14 সালে নির্মিত।

Ans : A.

১০. রেইনকোট গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?
A. কেমিস্ট্রি B. ইংরেজি C. বাংলা D. জিওগ্রাফি

ব্যাখ্যা : গল্পকার আখতারুজ্জামান ইলিয়াস রচিত 'রেইনকোট' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- নুরুল হুদা পেশায় ছিলেন ঢাকা কলেজের– কেমিস্ট্রির প্রভাষক।
- রাস্তায় বের হলে ঠোঁটের উপর সর্বদা পাঁচ কালেমা রেডি থাকে– নুরুলহুদার।
- প্রিন্সিপালের পিওনের গলা চিনচিনে হলেও তার স্বর – গম্ভীর।
- পুব দিকের বিল দিয়ে নৌকা করে আসে– স্টেনগানওয়ালা ছোকরার দল।
- সপ্তাহে দুই-তিন দিন মেয়ের বাড়িতে ফ্রিজ, টেপ রেকর্ডার, সোফাসেট, ফ্যান, খাট-পালং সব চালান পাঠায়– রাজাকার।
- বেশ কয়েকজন মানুষ আসাদ গেট বাসস্টপে অপেক্ষা করছিল– ঝিরঝির বৃষ্টিতে।

Ans : A.

১১. কাদের বিরুদ্ধে নূরলদীন জেগে ওঠার কথা বলেছেন?
A. পাকিস্তানি B. নবাব C. পর্তুগিজ D. ব্রিটিশ

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- হঠাৎ নিলক্ষার নীলে তীব্র শিস দিয়ে দেখা দেয়– বড় চাঁদ।
- মানুষের বন্ধ দরোজায় হঠাৎ করে হানা দেয়– অতীত।
- নূরলদীন ডাক দিয়েছিল ১১৮৯ সনে রংপুরে– ব্রিটিশদের বিরুদ্ধে।
- শকুন নেমে আসলে সোনার বাংলায়, আমার দেশ ছেয়ে যায়– দালালের আলখাল্লায়।
- কবির কণ্ঠ বাজেয়াপ্ত করে এবং স্বপ্ন লুট করে– শাসক শ্রেণি।
- কবির দেশেই কবির দেহ থেকে রক্ত ঝরে– ইতিহাসের পৃষ্ঠায়।
- যখন স্মৃতির দুধ জ্যোৎস্নার সাথে ঝরে পড়ে তখন– সবাই জেগে ওঠে।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১২. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন ঋতুর আগমনের কথা বলা হয়েছে?
A. শীত B. বসন্ত
C. গ্রীষ্ম D. বর্ষা

ব্যাখ্যা : কবি সুফিয়া কামাল রচিত 'তাহারেই পড়ে মনে' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- এই কবিতায় শীত ঋতুর তিরোভাব এবং বসন্তের আগমনের কথা বলা হয়েছে।
- গন্ধে গন্ধে অধীর আকুল হয়েছে– দখিনা সমীর (বাতাস)।
- কবি উন্মনা এবং তাঁর নব পুষ্পসাজ নাই কারণ– সে শীতের স্মৃতি ভুলতে পারেনি।
- কবি গান রচনা করলেও বসন্ত চলে এসেছে– ফাগুনকে স্মরণ করে।
- কবির উপেক্ষা সত্ত্বেও বসন্ত চলে আসায় তিনি– অভিমান করেছেন।
- ফুল ফোটা, পুষ্পারতি, কুঁড়ির বুকের গন্ধ এবং অর্ঘ্য বিরচন এসবই ঋতুর রাজনকে বরণ করে নিয়েছে।
- রিক্ত হস্তে দিগন্তের পথে ধীরে চলে গেছে– মাঘের সন্ন্যাসী।

**Ans : B.**

১৩. কোন বাক্যটিতে অপপ্রয়োগ ঘটেনি?
A. তিনি সন্ত্রাস দূরীকরণে কিছু পরামর্শ দেন।
B. পরবর্তিতে দুজনকে গ্রেফতার করা হয়।
C. এ তথ্য গ্রাহ্যযোগ্য নয়।
D. সভায় সকল সদস্যরা উপস্থিত ছিল।

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ–

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|
| তিনি সন্ত্রাশ দূরীকরণে কিছু পরামর্শ দেন। | তিনি সন্ত্রাস দূরীকরণে কিছু পরামর্শ দেন। |
| পরবর্তিতে দুজনকে গ্রেফতার করা হয়। | পরবর্তীকালে দুজনকে গ্রেফতার করা হয়। |
| এ তথ্য গ্রাহ্যযোগ্য নয়। | এ তথ্য গ্রহণযোগ্য নয়। |
| সভায় সকল সদস্যরা উপস্থিত ছিল। | সভায় (সকল সদস্য/সদস্যরা) উপস্থিত ছিল। |

**Ans : A.**

১৪. মোতাহের হোসেন চৌধুরী কোনটিকে মনুষ্যত্বের প্রতীক করতে চেয়েছেন?
A. নদীকে B. আত্মাকে
C. ধর্মকে D. বৃক্ষকে

ব্যাখ্যা : প্রাবন্ধিক মোতাহের হোসেন চৌধুরী রচিত 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- মোতাহের হোসেন চৌধুরীর কাছে জীবনের প্রতীক– বৃক্ষ।
- রবীন্দ্রনাথ ঠাকুর মনে করেছেন জীবনের সাথে বেশি সাদৃশ্য– নদীর।
- বৃক্ষের সার্থকতা ও পরিপূর্ণতা দেখার জন্য প্রয়োজন– বৃক্ষের গতি ও বিকাশকে উপলব্ধি করা।
- ফুলের ফোটা সহজ হলেও বৃক্ষের ফুল ফোটানো আর নদীর গতি– কঠিন।
- বৃক্ষের বেদনা উপলব্ধি করার জন্য দরকার– অনুভূতির চক্ষু।
- নদীর সাগরে পতিত হওয়া প্রাপ্তি নয় বরং– বিসর্জন।
- বৃক্ষের পানে তাকিয়ে রবীন্দ্রনাথ উপলব্ধি করেছেন– অন্তরের সৃষ্টিধর্ম।

**Ans : D.**

১৫. ফরিদপুর জেল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়টি চিঠি লিখেছিলেন?
A. চারটি B. তিনটি
C. দুইটি D. পাঁচটি

ব্যাখ্যা : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত 'বায়ান্নর দিনগুলি' রচনার গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- ফরিদপুর জেলে বসে বঙ্গবন্ধু চিঠি লিখেন– চারটি।
- বঙ্গবন্ধু ফরিদপুরে ১৯৪৬ সালের ইলেকশনে ছিলেন– ওয়ার্কার ইনচার্জ।
- অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করে মরায় থাকে– শান্তি।
- ২৭ তারিখ (ফেব্রুয়ারি) বঙ্গবন্ধু ও মহিউদ্দীন কেউ কারো সাথে কথা বলেনা, কারণ তাদের কথা বলার ইচ্ছা বা শক্তি কোনটাই ছিল না।
- শেখ মুজিবের মুক্তির অর্ডার এসেছিলো– রেডিওগ্রামে এবং জেলা ম্যাজিস্ট্রেট সাহেবের অফিস থেকে।
- বঙ্গবন্ধুকে দেখতে এসেছিলো তাঁর সহকর্মীরা– গোপালগঞ্জ, খুলনা ও বরিশাল থেকে।

**Ans : A.**

১৬. বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকে কী বলে?
A. আকাঙ্ক্ষা B. যোগ্যতা
C. আসক্তি D. রীতিসিদ্ধতা

ব্যাখ্যা : বাক্য সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- বাক্য → এক বা একাধিক অর্থবোধক শব্দ মিলে বাক্য গঠন করে। যথা: তমাল ভালো ছাত্র।
- ধ্বনি (বর্ণ) → শব্দ → বাক্য।
- ধ্বনি ভাষার মূল উপাদান, আর বাক্য ভাষার মূল-উপকরণ।
- আসক্তি → বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকে আসক্তি বলে। উদাহরণ:

**ভুলবাক্য :** তমাল যায় পড়ালেখা স্কুলে করে এবং নিয়মিত প্রতিদিন এটি একটি ভুল বাক্য। কারণ এর পদবিন্যাস ঠিক নাই।
**সঠিকবাক্য :** তমাল প্রতিদিন স্কুলে যায় এবং নিয়মিত পড়ালেখা করে।

**Ans : C.**

১৭. শব্দের আগে বসে নতুন শব্দ গঠন করে কোনটি?
A. অনুসর্গ B. বিভক্তি C. প্রত্যয় D. উপসর্গ

ব্যাখ্যা : উপসর্গ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- সংজ্ঞা : যে অব্যয়বাচক শব্দের নিজস্ব কোন অর্থ নাই অথচ অন্য শব্দের পূর্বে বসে নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে।
- উপসর্গের অর্থবাচকতা নেই তবে অর্থদ্যোতকতা আছে।
- উপসর্গের কাজ : নতুন অর্থবোধক শব্দ গঠন করা, অর্থের পূর্ণতা, সম্প্রসারণ, সংকোচন এবং পরিবর্তন সাধন করা।
- প্রকারভেদ : i) বাংলা উপসর্গ
  ii) সংস্কৃত উপসর্গ
  iii) বিদেশি উপসর্গ

হার একটি শব্দ এর সাথে উপসর্গ যুক্ত হয়ে নতুন নতুন শব্দ গঠন করে।
যেমন: উপ + হার = উপহার  পরি + হার = পরিহার
আ + হার = আহার  বি + হার = বিহার
প্র + হার = প্রহার

**Ans : D.**

১৮. 'রচিয়া লহ না আজও গীতি' – এখানে 'না' কী অর্থে ব্যবহৃত?
A. অনুরোধ B. উপদেশ C. নিষেধ D. তিরস্কার

ব্যাখ্যা : অব্যয়বাচক 'না' এর বিভিন্ন ব্যবহার–
- অনুরোধ অর্থে– রচিয়া লহ না আজও গীতি।
  – আমার কাজটা করে দাও না দাদু।
- বিকল্প অর্থে– তুমি বাড়ি যাবে না আমি যাব।
  – আজ সবজি কিনব না হয় মাছ কিনব।
- না অর্থে– সকলে সবকিছু জানে না।
  – তোমার যাওয়া হবে না।

**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৯. 'আমি অন্নপূর্ণার কোলে গজাননের ছোট ভাইটি।' – কোন রচনার অংশ?

A. নেকলেস B. চাষার দুক্ষু
C. অপরিচিতা D. আমার পথ

ব্যাখ্যা : গল্পকার রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- অনুপমকে দেখে মনে হয়– গজাননের ছোট ভাইয়ের মত।
- অপরিচিতা বিশেষণের আড়ালে কল্যাণীর মধ্যে আছে– বলিষ্ঠ ব্যক্তিত্ব।
- এই গল্পের নায়ক বিশ্ববিদ্যালয়ের উচ্চতর উপাধীধারী তার– ব্যক্তিত্ব রহিত।
- কল্যাণী যখন তার দল নিয়া চানাচুর খায়, অনুপম তখন– লজ্জায় প্রকৃতির শোভা দেখে।
- অনুপম কুলি ডাকতে শুরু করলে কল্যাণীর চোখে– অগ্নিবর্ষণ দেখা যায়।
- কল্যাণীকে তুলনা করা হয়েছে– রজনীগন্ধার শুভ্র মঞ্জুরীর সাথে।
- নব যৌবনা মেয়েটির (কল্যাণীর) বয়স ছিল– মাত্র সতেরো।

**Ans : C.**

২০. 'আমি পৃথিবীর কবি, ......' অপূর্ণ এই পঙক্তির পরের অংশ কোনটি?

A. যেথা তার যত উঠে ধ্বনি B. যতটুকু জানি
C. সাড়া তার জাগিবে তখনি D. দেখেছি কত না নগর রাজধানী

ব্যাখ্যা : কবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ–

"আমি পৃথিবীর কবি, যেথা তার যত উঠে ধ্বনি
আমার বাঁশির সুরে সাড়া তার জাগিবে তখনি,
এই স্বরসাধনায় পৌঁছিল না বহুতর ডাক-/ রয়ে গেছে ফাঁক।
প্রকৃতির ঐকতানস্রোতে/ নানা কবি ঢালে গান নানা দিক হতে;
তাদের সবার সাথে আছে মোর এইমাত্র যোগ-
সঙ্গ পাই সবাকার, লাভ করি আনন্দের ভোগ,
পাইনে সর্বত্র তার প্রবেশের দ্বার।"

**Ans : A.**

২১. কোনটি সঠিক বানান?

A. অভূতপূর্ব B. অভুতপূর্ব
C. অভূতপূর্ব D. অভুতপুর্ব

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অশুদ্ধ বানান–

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অভুতপূর্ব | অভূতপূর্ব | দির্ঘশ্বাস | দীর্ঘশ্বাস |
| গৃহিনী | গৃহিণী | ভীরূ | ভীরু |
| অনুগামীনি | অনুগামিনী | শংসয় | সংশয় |
| স্বচ্ছলতা | সচ্ছলতা | পূন্যাহ | পুণ্যাহ |
| মন্ত্রনা | মন্ত্রণা | সর্নশ্যাম | স্বর্ণশ্যাম |

**Ans : C.**

২২. গী দ্য মোপাসাঁ কোন শতাব্দীতে জন্মগ্রহণ করেন?

A. সপ্তদশ B. উনবিংশ
C. অষ্টাদশ D. বিংশ

ব্যাখ্যা : গী দ্য মোপাসাঁ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- জন্ম : আগস্ট ১৮৫০, মৃত্যু : জুলাই ১৮৯৩।
- তিনি একাধারে একজন বিখ্যাত কবি, গল্পকার এবং ঔপন্যাসিক।
- তাঁর 'নেকলেস' গল্পটি অন্তর্ভুক্ত– লা গাইলাইস গল্পগ্রন্থের।
- তাঁর জাতীয়তা– ফরাসি।
- তিনি সিভিল সার্ভেন্ট হিসেবে কাজ করেন– নৌ মন্ত্রনালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ে।
- তিনি সরকারি চাকরি করেন– ১৮৭২ থেকে ১৮৮০ পর্যন্ত।
- তাঁর সাহিত্যজগতে পদার্পণ– ১৮৮০ সালে।

**Ans : B.**

২৩. কবি দিলওয়ার-এর জন্মস্থান কোন জেলায়?

A. রংপুর B. টাঙ্গাইল
C. যশোর D. সিলেট

ব্যাখ্যা : কবি দিলওয়ার সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- জন্ম : ১লা জানুয়ারি ১৯৩৭ সিলেটে, মৃত্যু : ১০ই অক্টোবর ২০১৩।
- জাতীয়তা এবং পেশা– বাংলাদেশি এবং কবি ও সাংবাদিক।
- তিনি মূলত কবি হলেও– প্রবন্ধ, ভ্রমণকাহিনী এবং গানও লিখেছেন।
- সম্মাননা ও পুরস্কার– বাংলা একাডেমি পুরস্কার (১৯৮০) এবং একুশে পদক (২০০৮)।
- প্রকাশিত কাব্যগ্রন্থ– রক্তে আমার অনাদি অস্থি, ঐকতান, উদ্ভিন্ন উল্লাস, স্বনিষ্ঠ সনেট, সপৃথিবী রইবো সজীব।
- প্রকাশিত প্রবন্ধগ্রন্থ– বাংলাদেশ জন্ম না নিলে।
- প্রকাশিত ছড়াগ্রন্থ– দিলওয়ারের শতছড়া, ছড়ায় অ আ ক খ।

**Ans : D.**

২৪. কোন বাগধারাটি সমার্থক নয়?

A. তেলে বেগুনে জ্বলে উঠা B. অহি-নকুল সম্বন্ধ
C. দা-কুমড়া D. আদায় কাঁচকলায়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমার্থক বাগধারা দেওয়া হলো–
- আদায় কাঁচকলায়, অহি-নকুল সম্বন্ধ, দা-কুমড়া = ভীষণ শত্রুতা।
- তেলে বেগুনে জ্বলে উঠা - ক্রোধে অগ্নিশর্মা হওয়া।
- বুদ্ধির ঢেঁকি, ঢেঁকির কুমির, ঘটিরাম, ঢাকের বায়া = অপদার্থ।
- দুধের মাছি, সুখের পায়রা, বসন্তের কোকিল = সুসময়ের বন্ধু।
- রাজযোটক, সোনায়-সোহাগা, মণিকাঞ্চন যোগ = উপযুক্ত মিলন।
- বিড়াল তপস্বী, ভিজে বিড়াল, বর্ণচোরা = কপটাচারী।

**Ans : A.**

২৫. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?

A. বাবা-মা B. সপ্তাহ
C. অভাব D. পলান্ন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু দ্বন্দ্ব সমাস দেওয়া হলো–

| | |
|---|---|
| ক্ষত ও বিক্ষত = ক্ষতবিক্ষত | নদী ও নালা = নদীনালা |
| জীবন ও মরণ = জীবন-মরণ | চুন ও সুরকী = চুনসুরকী |
| তাল ও তমাল = তালতমাল | মাথা ও মুন্ডু = মাথামুন্ডু |
| দেনা ও পাওনা = দেনাপাওনা | সাত ও সতেরো = সাতসতেরো |
| ধুতি ও চাদর = ধুতিচাদর | বাবা ও মা = বাবা-মা |

**Ans : A.**

২৬. 'শিশুটি খেলা করে।' – এই বাক্যে 'খেলা' কোন কারকে কোন বিভক্তির উদাহরণ?

A. কর্তায় শূন্য B. করণে শূন্য
C. সম্প্রদানে শূন্য D. কর্মে শূন্য

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু কর্মকারকের উদাহরণ–
- শিশুটি খেলা করে – কর্মকারকে শূণ্য বিভক্তি।
- ঝিকে মেরে বৌকে শিক্ষা দেওয়া – কর্মকারকে দ্বিতীয়া বিভক্তি (দুইটায়)।
- বিপদে যেন করিতে পারি জয় – কর্মকারকে সপ্তমী বিভক্তি।
- বালিকা মালা গাঁথে – কর্মকারকে শূণ্য বিভক্তি।
- ঈদের চাঁদ উঠেছে – কর্মকারকে শূণ্য বিভক্তি।

**Ans : D.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
◆ গুচ্ছ ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
◆ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**২৭. শামসুর রাহমানের গ্রন্থ নয় কোনটি?**

A. উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ
B. বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা
C. বুক তার বাংলাদেশের হৃদয়
D. ফিরিয়ে নাও ঘাতক কাঁটা

**ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের বিখ্যাত কিছু কাব্যগ্রন্থের নাম–**
- প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে (১৯৬০)।
- রৌদ্র করোটিতে (১৯৬৩)।
- বিধ্বস্ত নিলীমা (১৯৬৭)।
- নিরালোকে দিব্যরথ (১৯৬৮)।
- নিজ বাসভূমে (১৯৭০)।
- বন্দী শিবির থেকে (১৯৭২)।
- দুঃসময়ের মুখোমুখি (১৯৭৩)।
- ফিরিয়ে নাও ঘাতক কাটা (১৯৭৪)।
- উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ (১৯৮৩)।
- বুক তার বাংলাদেশের হৃদয় (১৯৮৮)।
- 'বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা' কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর লেখা।

**Ans : B.**

**২৮. আহ্বান ছোট গল্পে 'তিত্তিরাজ' কী?**

A. বক জাতীয় পাখি B. এক ধরনের মাছ
C. আঞ্চলিক রাজা D. এক ধরনের গাছ

**ব্যাখ্যা : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত 'আহ্বান' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য–**
- বুড়ি ডান হাত উঁচিয়ে তালু আড়ভাবে চোখের ওপর ধরে - গল্পকথককে ভালো করে দেখার জন্য।
- বুড়ি আদৌ গায়ে মাখলোনা – লেখকের অবহেলো।
- লেখক দুধের দাম জিজ্ঞেস করলে বুড়ি – ভয় পায় এবং ঘাবড়ে যায়।
- খাজুরের চাটাই পুরনো হয়ে ভেঙ্গে যাওয়ার কথা বুড়ি লেখকের কাছে প্রকাশ করে- মা-পিসির মতো অনুযোগে।
- বুড়িকে কবর দেওয়া হয় – মাকাল লতা দোলানো তিত্তিরাজ গাছের তলায়।

**Ans : D.**

**২৯. কবি সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার কিশোর সভার সদস্য ছিলেন?**

A. দৈনিক স্বাধীনতা B. পূর্বাশা C. আজাদ D. সওগাত

**ব্যাখ্যা : কবি সুকান্ত ভট্টাচার্য সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–**
- জন্ম : ১৫ই আগস্ট ১৯২৬, মৃত্যু : ১৩ই মে ১৯৪৭।
- পিতা : নিবারণচন্দ্র ভট্টাচার্য, মাতা : সুনীতি দেবী।
- তিনি ছোটবেলা থেকেই রাজনীতি সচেতন ছিলেন।
- কিশোর বয়সে তিনি 'দৈনিক স্বাধীনতার' কিশোর সভা প্রতিষ্ঠা করেন।
- তাঁর কবিতার বৈশিষ্ট্য– অন্যায়, অবিচার, শোষণ, বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ এবং বিদ্রোহ, বিপ্লব ও মুক্তির আহ্বান।
- তাঁর কাব্যগ্রন্থ - ছাড়পত্র, ঘুম নেই, পূর্বাভাস ।

**Ans : A.**

**৩০. Dynamic শব্দটির বাংলা পরিভাষা কোনটি?**

A. গতিশীল B. উজ্জ্বল C. বৈদ্যুতিক তরঙ্গ D. স্থিতিশীল

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ দেওয়া হলো–**

| | | | |
|---|---|---|---|
| Dealer | ব্যাপারী | Eclipse | গ্রহণ (চন্দ্রসূর্যগ্রহণ) |
| Designation | পদবী | Editorial | সম্পাদকীয় |
| Devout | ধর্মনিষ্ঠা | Emigration | প্রবাসন |
| Dynamic | গতিশীল | Entry | ভুক্তি/লিখন |
| Duplication | অনুলিপি | Equation | সমীকরণ |

**Ans : A.**

**৩১. 'তুমি এলে আমি যাবো।' – বাক্যটি কোন শ্রেণির?**

A. সরল B. যৌগিক C. অনুজ্ঞাসূচক D. জটিল

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সরল বাক্য–**
- লোকটি ধনী হলেও সুখী নয়।
- তুমি আসলে আমি যাব।
- পড়াশুনা না করলে ফেল করবে।
- বিপদ আসলে দুঃখও আসে।
- রক্ষকই ভক্ষক।
- পরিশ্রম করলে সফল হবে।
- ছেলেটি দরিদ্র হলেও মেধাবী।

**Ans : A.**

**৩২. 'এইখানে এসে লুটাইয়া পড়ে সকল ______ ।' – 'সাম্যবাদী' কবিতার এই চরণের শূন্যস্থানে কোনটি রয়েছে?**

A. তাজাফুল B. দেবতা C. রাজমুকুট D. মহাগীতা

**ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ–**

"এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।
এই হৃদয়ই সে নীলাচল, কাশী, মথুরা, বৃন্দাবন,
বুদ্ধ-গয়া এ, জেরুজালেম এ, মদিনা, কাবা-ভবন,
মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়।
এই রণ-ভূমে বাঁশির কিশোর গাহিলেন মহা-গীতা,
এই মাঠে হলো মেষের রাখাল নবিরা খোদার মিতা।"

**Ans : C.**

**৩৩. 'দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।' – সিরাজউদ্দৌলা নাটকে এই উক্তি কার?**

A. উমিচাঁদ B. ঘসেটি বেগম
C. রাজবল্লভ D. মিরজাফর

**ব্যাখ্যা : উমিচাঁদের গুরুত্বপূর্ণ কিছু উক্তি–**
- বোধহয় দুপুরের আহারের জন্য সাময়িক বিরতি দেওয়া হয়েছে।
- আমি গভর্নর ড্রেকের ধ্বংস দেখতে চাই।
- ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।
- আমি দুধের হাড়ির কাছে যেতে না যেতেই কালি মেখে গুলবাঘা বনে যাই।
- ইংরেজরা আবার সংঘবদ্ধ হয়ে উঠেছে। সিরাজের পতনই তাদের কাম্য
- দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।
- আমার প্রস্তাব অনুমোদন করে তিনি (ড্রেক) জবাব দিয়েছেন।

**Ans : A.**

**৩৪. 'না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচজনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোনোদিনই করব না।' –উক্তিটি কার?**

A. মোতাহের হোসেন চৌধুরী B. বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন
C. মানিক বন্দ্যোপাধ্যায় D. কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা : প্রাবন্ধিক কাজী নজরুল ইসলামের 'আমার পথ' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন–**
- না বুঝে বোঝার ভণ্ডামি করে পাঁচ জনের শ্রদ্ধা আর প্রশংসা পাবার লোভ আমি কোন দিনই করব না।
- ভুল করছি বা করেছি বুঝেও শুধু জেদের খাতিরে বা গোঁ বজায় রাখবার জন্যে ভুলটাকে ধরে থাকব না।
- হিন্দু-মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা আমার এ পথের অন্যতম উদ্দেশ্য।
- মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল, সেখানে ধর্মের বৈষম্য, কোন হিংসার দুশমনির ভাব আনে না।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৩৫. প্রত্যয়ের কাজ কী?

A. বাক্যস্থিত শব্দে অন্বয় স্থাপন B. নতুন শব্দ গঠন
C. সমস্যমান পদ নির্ণয় D. উচ্চারণ শ্রুতিমধুর করা

ব্যাখ্যা : প্রত্যয় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য–
- শব্দ বা ধাতুর শেষে যে বর্ণ বা বর্ণগুচ্ছ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাই প্রত্যয়।
- প্রত্যয় নতুন শব্দ গঠনের সহজ উপাদান।
- প্রত্যয় অর্থহীন বর্ণ বা বর্ণগুচ্ছ। এদের নিজস্ব কোন অর্থ নেই।
- প্রত্যয় সাধিত শব্দের সাথে কেবলমাত্র বিভক্তি যুক্ত হলেই তা বাক্যে ব্যবহৃত হতে পারে।
- ধাতু বা শব্দের পরে প্রত্যয় যোগে যে নতুন শব্দ গঠিত হয় তাকে সাধিত শব্দ বলে।
- প্রত্যয় শব্দটি একাধারে সংস্কৃত এবং পারিভাষিক শব্দ।

**Ans : B.**

## ENGLISH

**Choose the alternative A, B, C or D that best completes the sentence (1-17).**

**1. Have you sent that e-mail to Mr. Kabir? Yes, I've _____ done it.**

A. already B. still
C. yet D. now

ব্যাখ্যা : Already - ইতোমধ্যে
Present perfect tense এ ইতোমধ্যে কোনো কাজ করা হয়েছে বুঝাতে already বসে।
**Structure :** sub + have/has + already + $v_3$ + obj
or, sub + have/has + $v_3$ + obj + already
**Example :** I have already gone through the book.
অনুরূপভাবে, yes, I've already done it.
**Ans : A.**

**2. Which would you ______ have, gold or silver?**

A. prefer B. rather
C. could D. better

ব্যাখ্যা : Would rather- অধিকতর পছন্দ করা
**Structure :** sub + would rather + $v_1$ + ....
**Example :** I would rather go to home.
অনুরূপভাবে, Which would you rather have?
**Ans : B.**

**3. Antonym of the word 'foremost' is _____.**

A. hindmost B. disposed
C. unimportant D. utmost

ব্যাখ্যা : Foremost - সর্বপ্রথম/সবচেয়ে গুরুত্বপূর্ণ
Hindmost - অপেক্ষাকৃত পরবর্তী Disposed - বিন্যস্ত
Unimportant - গুরুত্বহীন Utmost - চরম/পরম
**Foremost এর synonym এবং antonym :**
**Synonym :** Chief, Head, Initial, Most important
**Antonym :** Unimportant, Inferior, Last, Lowest
**Ans : C.**

**4. They had to provide some evidence to the court to clear him of the accusation, ______?**

A. wouldn't they B. haven't they
C. did they D. didn't they

ব্যাখ্যা : বাক্যটি Past indefinite tense এ আছে এবং had এখানে principle verb এর past form হিসেবে ব্যবহৃত হয়েছে। সুতরাং সঠিক tag question হবে didn't they?
**Ans : D.**

**5. I was reading a book when you _____ into the room.**

A. have come B. came
C. come D. had come

ব্যাখ্যা : When দ্বারা অতীতের দুইটি কাজের সময় indicate করা হলে,
**Structure :** sub + was/were + v(ing) + when + sub + $v_2$ + ...
**Example :** Imran was doing homework when his father came.
অনুরূপভাবে, I was reading book when you came into the room.
**Ans : B.**

**6. Rajiv failed because his answers were not _____ to the questions asked.**

A. allusive B. revealing
C. referential D. pertinent

ব্যাখ্যা : Allusive - সাংকেতিক Revealing - প্রকাশক
Referential - উল্লেখ Pertinent - প্রাসঙ্গিক
বাক্যটির অর্থ "রাজীব ফেল করার কারণ তার উত্তর প্রশ্নের সাথে প্রাসঙ্গিক ছিল না।" প্রাসঙ্গিক বুঝাতে এখানে Pertinent সঠিক হবে।
**Ans : D.**

**7. The woman ____ was old and bent.**

A. I spoke to B. that I spoke
C. whom I spoke to her D. I spoke to her

ব্যাখ্যা : Subject কে indicate করতে সাধারণত who/whom/that/which বসাতে হয় কিন্তু এই sentence এ relative pronoun হবে না বাক্যকে simplify করার জন্য শুধুমাত্র "I spoke to" বসবে।
**Ans : A.**

**8. The man said he did not ______ to go by bus.**

A. mind having B. bother about
C. care for D. minded

ব্যাখ্যা : Bother about - কোনো কিছু সম্পর্কে বিরক্ত বোধ করা। বাক্যটির অর্থ "লোকটি বললো তিনি বাসে চড়তে বিরক্ত বোধ করেন না"। সুতরাং gap এ bother about সঠিক হবে।
**Ans : B.**

**9. Most people are unfailingly obsequious to persons in authority. Here 'obsequious' means ______.**

A. servile B. differential
C. disgruntled D. obedient

ব্যাখ্যা : Obsequious - আদেশ পালনে আগ্রহশীল/চাটুকার
Servile - ক্রিতদাসতুল্য Differential - পার্থক্যমূলক
Disgruntled - খেয়ালী Obedient - অনুগত
**Obsequious এর synonym এবং antonym :**
**Synonym :** Abject, Servile, Slavish, Compliant, Enslaved
**Antonym :** Arrogant, Brazen, Assertive, Confident
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. Synonym of "stumbling block" is _____.**
A. argument B. hurdle C. advantage D. frustration

ব্যাখ্যা : Stumbling block - বাঁধা
Argument - তর্ক Hurdle - বাঁধা/দরজা
Advantage - সুবিধা Frustration - হতাশা
**Stumbling block এর synonym এবং antonym :**
**Synonym :** Barrier, Hurdle, Hindrance, Deterrent, Handicap, Hitch, Impediment
**Antonym :** Advance, Aid, Advantage, Benefit, Assistance
**Ans : B.**

**11. Whenever there was a visitor, the dog _____ to the door.**
A. will run B. is running
C. was running D. would run

ব্যাখ্যা : অতীতের কোনো অভ্যাসগত কাজ বুঝাতে would/used to ব্যবহৃত হয়।
**Example :** He would never go to school.
**অনুরূপভাবে,** The dog would run to the door.
**Ans : D.**

**12. She _____ a baby sitter for three years when she decided to qualify as a nurse.**
A. has been B. is being C. is D. had been

ব্যাখ্যা : অতীত কালে দুইটি কাজ একটি আগে ও অন্যটি পরে বুঝানো হলে আগের কাজটি past perfect এবং পরেরটি past indefinite হয়।
**Structure :** Sub + had + $v_3$.... + sub + $v_2$ + ....
**Example :** Faysal had worked here when he did his masters.
**অনুরূপভাবে,** She had been a baby sitter for three years when she decided to qualify as a nurse.
**Ans : D.**

**13. The station is too far away _____ to.**
A. for walking B. in walking
C. to walk D. by walking

ব্যাখ্যা : কারণ এবং ফলাফল বুঝাতে too.... to বসে।
**Structure :** Sub + verb + too + adj./adv. + to + v(base)
**Example :** It is too hard to finish the project.
**অনুরূপভাবে,** The station is too far away to walk to.
**Ans : C.**

**14. The world _____ a lot by 2099.**
A. is changing B. will have changed
C. has changed D. changes

ব্যাখ্যা : by + future time থাকলে future perfect tense হয়।
**Structure :** Sub + will/shall + have + $v_3$ + by + f.t.
**Example :** I will have done the work by friday.
**অনুরূপভাবে,** The world will have changed a lot by 2099.
**Ans : B.**

**15. The house _____ is adjacent to the church is mine ; I was the one _____ met you the other day.**
A. who, that B. where, that
C. that, who D. that, which

ব্যাখ্যা : The house এর জন্য relative pronoun হবে that এবং I এর জন্য হবে who.
সুতরাং, option 'C' correct.
**Ans : C.**

**16. People who don't like boys with long hair or girls with tattoos are probably _____.**
A. considerate B. confident
C. conservative D. cantankerous

ব্যাখ্যা : Considerate - সহানুভূতিশীল
Confident - সুনিশ্চিত
Conservative - রক্ষণশীল
Cantankerous - ঝগড়াটে
ছেলেদের লম্বা চুল এবং মেয়েদের ট্যাটু অপছন্দ কারীদের সাধারণত রক্ষণশীল মনে করা হয়।
**Ans : C.**

**17. How many cups of milk _____ yesterday?**
A. you have drunk B. did you drink
C. were you drinking D. do you drink

ব্যাখ্যা : এখানে yesterday আছে তাই এটি past indefinite tense. এই ধরনের Sentence কে Intrrogative করার নিয়ম -
**Structure :** WH words + auxiliary/did + sub + v (base) + ....?
**Example :** What did you do yesterday?
**অনুরূপভাবে,** How many cups of milk did you drink yesterday?
**Ans : B.**

**Read the passage below and choose the alternative A, B, C or D to answer the questions (18-23).**

Washington was the first city in history to be created solely for the purpose of governance. Following the Revolution, members of Congress had hotly debated the question of a permanent home for themselves and for those departments – the Treasury, the Patent Office, and so on – which even the sketchiest of central governments would feel obliged to establish.

In 1790, largely in order to put an end to congressional bickering, George Washington was *charged with* selecting a site for the newly designated federal district. Not much to anyone's surprise but to the disappointment of many, he chose a tract of land on the banks of the Potomac River, a few miles upstream from his beloved plantation Mount Vernon.

The District of Columbia was taken in part from Virginia and in part from Maryland. At the time it was laid out, its hundred square miles consisted of gently rolling hills, some under cultivation and the rest heavily wooded, with a number of creeks and much swampy land along the Potomac. There is now a section of Washington that is commonly referred to as *Foggy Bottom*; that section bore the same nickname a hundred and eighty years ago. Two port cities, Alexandria and Georgetown, flourished within sight of the new capital and gave it access by ship to the most important cities of the infant nation – Charleston, Baltimore, Philadelphia, New York, Newport, Salem, and Portsmouth – and also to the far-off parts of England and the Continent.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**18. Why was George Washington's choice for the site of the capital not very surprising?**

A. George Washington had lived on the site before the American Revolution.
B. The river would bring trade to the city.
C. The members of Congress had already stated their preference for the site.
D. The site was very close to George Washington's own home.

ব্যাখ্যা : Passage এর শেষের আগের লাইন পড়লে বুঝা যায় নতুন capital অনেক important শহরকে ship এর মাধ্যমে access প্রদান করবে। তাই বুঝা যায় trade করার সুবিধার্থে New capital choose করা হয়।
**Ans : B.**

**19. It can be inferred from the passage that the term "Foggy Bottom" in the third paragraph refers to a section of Washington, D. C. that**

A. lies at the bottom of Mount Vernon
B. used to be mostly swampland
C. has the lowest population in the district
D. used to be the site of the national weather station

ব্যাখ্যা : Passage এর 3rd para এর 2nd লাইনের শেষাংশে বলা হয়েছে - এটি সব সময় swampland ছিল।
**Ans : B.**

**20. In line 7, the phrase "charged with" could best be replaced by which of the following?**

A. attacked with
B. accused of
C. given the responsibility of
D. asked to pay for

ব্যাখ্যা : Charged with - শাস্তি পাওয়া
Attacked with - আক্রমণের স্বীকার হওয়া
Accused of - শাস্তি পাওয়া/দোষী সাব্যস্ত হওয়া
Given the responsibility of - দায়িত্ব দেয়া
Asked to pay for - পরিশোধ করতে বলা
**Ans : C.**

**21. The author implies that Georgetown was important in the eighteenth century because it**

A. was the home of the Treasury and the Patent Office.
B. was a model for building the new federal district.
C. defended the east coast against invaders.
D. linked the federal district with the ocean.

ব্যাখ্যা : Goergetown এবং Alexandria 18th century তে important ছিল কারণ এর সমুদ্রের মাধ্যমে linked ছিল।
**Ans : D.**

**22. What is the main topic of the passage?**

A. The role of George Washington in the American Revolution.
B. The founding of Washington, D.C.
C. The first years of the United States Congress.
D. The governing of the federal district.

ব্যাখ্যা : The main topic of the passage is the founding of washington, D.C.
**Ans : B.**

**23. In 1790 a large part of the federal district was-**

A. seashore
B. village squares
C. wilderness
D. a flourishing port

ব্যাখ্যা : Wilderness - a tract or region uncultivated and uninhabitad by human beings.
**Ans : C.**

**Choose the alternative A, B, C or D that is closest in meaning to the sentence/the underlined word (24-30).**

**24. At first, many people didn't like that kind of music, but after a while it caught on.**

A. Not many people enjoy that kind of music.
B. You'd never catch me listening to that kind of music.
C. The public's first reaction to that music was positive.
D. It took a while for that music to become popular.

ব্যাখ্যা : বাক্যটির অর্থ "প্রথমে অনেক লোকই এইরকম গান পছন্দ না করলেও কিছু সময় পর এটি জনপ্রিয় হয়"।
Option 'D' অর্থ অনুযায়ী সঠিক হবে।
**Ans : D.**

**25. Shirley's place is always tidy.**

A. Shirley's place is always busy
B. Shirley is not always on time
C. Shirley's place is never messy
D. Shirley is always unprepared

ব্যাখ্যা : বাক্যটির অর্থ, "শার্লির ঘরটির সর্বদাই পরিপাটি"।
সুতরাং, Option 'C' সঠিক হবে।
**Ans : C.**

**26. On the whole, I don't care for fish.**

A. I seldom eat fish whole
B. I don't like fish very much
C. Pet fish are difficult to care for
D. It's difficult to buy a whole fish

ব্যাখ্যা : বাক্যটির অর্থ, "সর্বোপরি, আমি মাছ পছন্দ করি না"।
অর্থ অনুযায়ী Option 'B' সঠিক হবে।
**Ans : B.**

**27. Biologists have <u>ascertained</u> that specialized cells convert chemical energy into mechanical energy.**

A. pretended
B. argued
C. determined
D. hypothesized

ব্যাখ্যা : Ascertain - অনুধাবন করা
Pretend - ভান করা  Argue - ঝগড়া করা
Determine - নির্ধারণ করা  Hypothesize - ধারণা করা
**Ascertain এর synonym এবং antonym :**
**Synonym :** Confirm, Determine, Divine, Find out
**Antonym :** Disprove, Aid, Assist, Confuse
**Ans : C.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A-Unit ♦ মানবিক - B+D Unit
♦ ব্যবসায় - C Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**28. Ice skates manufactured entirely of iron were first sold in the 1800s.**
A. routinely B. mainly
C. successfully D. solely

ব্যাখ্যা : Entirely - সম্পূর্ণরূপে, একেবারে।
Routinely - নিয়মিতভাবে Mainly- প্রধানত
Successfully - সফলভাবে Solely - একক ভাবে, সম্পূর্ণরূপে
**Entirely এর synonym এবং antonym :**
**Synonym :** Absolutely, Solely, Alone, Fully, Only, Wholly
**Antonym :** Partially, Partly, Incompletely
**Ans : D.**

**29. When humming birds fly, their wing-beats are so rapid that the wings seem blurred.**
A. indistinct B. fragile
C. tiny D. inexhaustible

ব্যাখ্যা : Blurred - ঝাপসা Indistinct - অস্পষ্ট
Fragile - ভঙ্গুর Tiny - ক্ষুদ্র
Inexhaustible - অব্যয়
**Blurred এর আরো synonym এবং antonym :**
**Synonym :** Obscure, Indistinct, Dim, Muddy, Dazzle
**Antonym :** Brighten, Clear, Lighten, Clean
**Ans : A.**

**30. Mary was disappointed in her new secretary.**
A. Mary was appointed by the secretary.
B. The new secretary was disappointed in mary.
C. Mary was not pleased with her secretary.
D. The new secretary cancelled Mary's appointment.

ব্যাখ্যা : বাক্যটির অর্থ "ম্যারি তার নতুন সহকারীর প্রতি অসন্তুষ্ট ছিল"। সুতরাং, অপশন 'C' সঠিক হবে।
**Ans : C.**

**31. A well-planned resume is the first step towards finding a satisfaction job.**
(A) A, (B) the, (C) finding, (D) satisfaction

ব্যাখ্যা : Adjective + Noun হয়। এখানে Job একটি noun তাই এর আগে Adjective হবে। Satisfaction (N) - Satisfactory (Adj.) সুতরাং অপশন 'D' তে Satisfactory হবে।
**Ans : D.**

**32. If a baby bird stays alive for two or three weeks after leaving the nest, it has a fair chance of become an adult.**
(A) stays alive, (B) leaving, (C) fair, (D) become

ব্যাখ্যা : Preposition + v(ing) হয়। Option 'D'তে become না হয়ে becoming হবে।
**Ans : D.**

**33. Wind and rain continually hit against the surface of the earth, broken large rocks into smaller and smaller particles.**
(A) Wind and rain, (B) surface, (C) broken, (D) smaller and smaller

ব্যাখ্যা : **Parallelism** এর নিয়ম : একই sentence এ verb গুলো একই form এ হবে।
সুতরাং, option 'C' তে broken না হয়ে broke হবে।
**Ans : C.**

**34. The amphibians are of few economic importance to humans.**
(A) are of, (B) few, (C) economic, (D) humans

ব্যাখ্যা : 'economic importance' uncountable noun তাই few না হয়ে little হবে।
**Ans : B.**

**35. The earth was once inhabited by plants and animals of which today there is none living trace.**
(A) once, (B) inhabited, (C) of which, (D) none

ব্যাখ্যা : None একটি pronoun যার অর্থ হলো- Not one, Not any or No persons or things. এখানে Option 'D' তে none না হয়ে no অধিক যুক্তিযুক্ত হবে।
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

**১. দার্শনিকদের ক্ষেত্রে কোনটি কালানুক্রমিক সঠিক বিন্যাস?**
A. সক্রেটিস, প্লেটো, অ্যারিস্টটল B. সক্রেটিস, অ্যারিস্টটল, প্লেটো
C. প্লেটো, অ্যারিস্টটল, সক্রেটিস D. অ্যারিস্টটল, প্লেটো, সক্রেটিস

ব্যাখ্যা : • দার্শনিকদের ক্ষেত্রে কালানুক্রমিক বিন্যাস হচ্ছে- সক্রেটিস, প্লেটো, অ্যারিস্টটল।
• সক্রেটিসকে সব জ্ঞানীদের গুরু বলা হয়। তিনি ছিলেন গ্রীস দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান।
• **তার বিখ্যাত উক্তি সমূহ -**
- Know thyself.
- Slonderers do not hurt me because they do not hit me.
• সক্রেটিসের ছাত্র দার্শনিক প্লেটো। তিনি গ্রিক দর্শনকে চরম উন্নতির দিকে নিয়ে যান।
• প্লেটো তার চিন্তাধারাগুলো, ধরে রাখেন, 'দি রিপাবলিক' নামক গ্রন্থ রচনা করেন।
• প্লেটো ৩৮৫ খ্রিস্টপূর্বাব্দে দর্শনের স্কুল 'Akademia' প্রতিষ্ঠা করেন।
• **প্লেটোর বিখ্যাত উক্তি-**
- Virtue is knowledge and Education is the main thing do acquire virtue.
• প্লেটোর ছাত্র ছিলেন, এরিস্টটল। তার বিখ্যাত গ্রন্থের নাম 'দ্যা পলিটিক্স'।
• তিনি 'লাইসিয়াম' এর প্রতিষ্ঠাতা।
• **এরিস্টলের উক্তি-**
- মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব।
- যে ব্যক্তি সমাজে বাস করেনা সে হয় দেবতা নয় পশু।
- আইন হল পক্ষপাতহীন যুক্তি।
- সংবিধান হচ্ছে রাষ্ট্র কর্তৃক মনোনীত পূর্ণাঙ্গ জীবন বিধান।
- রাষ্ট্র হল পরিবারের সম্প্রসারিত ফল।
- মানুষ প্রকৃতিগত ভাবেই রাজনৈতিক কবি।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২. "অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।" –কবিতার চরণটির কার?

A. সত্যেন্দ্রনাথ ঠাকুর
B. কাজী নজরুল ইসলাম
C. সুকান্ত ভট্টাচার্য
D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : • অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃনসম দহে-
• কবি গুরু রবীন্দ্রনাথ ঠাকুর এর 'নৈবদ্য' কাব্যগ্রন্থের 'ন্যায়দন্ড' কবিতা থেকে এই দুটো লাইন নেওয়া হয়েছে।
• রবীন্দ্রনাথ ঠাকুর (জন্ম : ৭ই মে ১৮৬১, মৃত্যু : ৭ই আগস্ট ১৯৪১) ছিলেন অগ্রণী বাঙালি কবি, ঔপন্যাসিক, নাট্যকার।
• রবীন্দ্রনাথকে গুরুদেব, কবিগুরু ও বিশ্বকবি উপাধিতে ভূষিত করা হয়।
• তার ছদ্মনাম - ভানুসিংহ ঠাকুর (ভনিতা)
• গীতাঞ্জলি কাব্যগ্রন্থের জন্য ১৯১৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পেয়েছেন।
**Ans : D.**

৩. একুশের প্রথম কবিতার রচয়িতা কে?

A. আলাউদ্দিন আল আজাদ
B. আবদুল লতিফ
C. জহির রায়হান
D. মাহবুব উল আলম চৌধুরী

ব্যাখ্যা : • একুশের প্রথম কবিতার রচিয়তা 'মাহবুব উল আলক চৌধুরী'।
• তিনি একজন কবি, সাংবাদিক এবং ভাষা সৈনিক।
• ভাষা আন্দোলন ভিত্তিক প্রথম কবিতা, -
'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি।'
• তিনি ৭ই নভেম্বর, ১৯২৭ সালে, চট্টগ্রামের রাউজান উপজেলার গহিরা গ্রামে জন্মগ্রহণ করে।
• ২৩ ডিসেম্বর ২০০৭ সালে, মৃত্যুবরণ করেন।
**Ans : D.**

৪. চৌচির উপন্যাসটি কার লেখা?

A. সেলিনা হোসেন
B. আবু ইসহাক
C. আবুল ফজল
D. শওকত ওসমান

ব্যাখ্যা : • চৌচির উপন্যাসটির রচয়িতা, প্রখ্যাত সাহিত্যিক 'আবুল ফজল'।
• আবুল ফজল, ১ জুলাই ১৯০৩ সালে চট্টগ্রামের সাতকানিয়া উপজেলায় জন্মগ্রহণ করেন এবং ৪ মে ১৯৮৩ সালে মৃত্যুবরণ করেন।
• সাহিত্যিক আবুল ফজল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং রাষ্ট্রপতির শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা ছিলেন।
• তার প্রকাশিত উপন্যাস সমূহ- রাঙ্গাপ্রভাত, চৌচির, প্রদীপ ও পতঙ্গ, জীবন পথের যাত্রী।
• আত্মজীবনী- রেখা চিত্র।
• গল্পগ্রন্থ- মাটির পৃথিবী, মৃতের আত্মহত্যা।
• তার ছদ্মনাম- 'শমসের উল আজাদ'।
**Ans : C.**

৫. মির্জা গালিব কোন ভাষার কবি?

A. আরবি B. বাংলা C. উর্দু D. হিন্দি

ব্যাখ্যা : • মির্জা গালিব 'উর্দু' ভাষার কবি।
• তার পূর্ণ নাম- 'মির্জা আসাদুল্লাহ বেগ'।
• তিনি ভারতবর্ষে মোঘল সাম্রাজ্যের শেষ এবং ব্রিটিশ শাসনের শুরুর দিকে একজন উর্দু এবং ফার্সি ভাষার কবি।
• সাহিত্যে তার অনন্য অবদানের জন্য তাকে 'দাবির-উল-মালিক ও নাজিম-উদ-দৌলা উপাধি' দেওয়া হয়।
• তার ছদ্মনাম- আসাদ, গালিব।
• তিনি ১৭৯৭ সালে আগ্রায় জন্মগ্রহণ করে এবং ১৮৬৯ সালে মৃত্যুবরণ করেন।
**Ans : C.**

৬. 'অর্থনৈতিক সমীক্ষা-২০১৯' অনুযায়ী বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?

A. ৭২ বছর
B. ৭১ বছর
C. ৭৩ বছর
D. ৭৪ বছর

ব্যাখ্যা : • অর্থনৈতিক সমীক্ষা- ২০১৯ অনুযায়ী বাংলাদেশের মানুষের গড় আয়ু- ৭২ বছর।
• জনসংখ্যা বৃদ্ধির হার- ১.৩৭%
• জনসংখ্যার ঘনত্ব/বর্গ কিলোমিটারে- ১,১০৩ জন।
• স্বাক্ষরতার হয়- ৭২.৩%।
• দারিদ্রের হার- ২১.৮%।
• জিডিপির হার- ৮.১৩%।
• মাথাপিছু জিডিপি ১৮২৭ মার্কিন ডলার।
• মাথাপিছু আয় ১৯০৯ মার্কিন ডলার।
• বর্তমান বাংলাদেশে মোট বনভূমির পরিমাণ ২.৩২ মিলিয়ন হেক্টর।
**Ans : A.**

৭. ইতিহাসের জনক কে?

A. এডওয়ার্ড গিবন
B. আল বেরুণী
C. হেনরি পিরেন
D. হেরোডোটাস

ব্যাখ্যা : • ইতিহাসের জনক 'হেরোডোটাস।'
• রোমান আইনবিদ, ইতিহাসবিদ ও দার্শনিক 'সিসেরা' তাকে ইতিহাসের জনক অ্যাখ্যা দিয়েছেন।
• হেরোডোটাস জন্মগ্রহণ করেছিলেন - হালি কারনাসাস, কারিয়তে (বর্তমান বোদরাম, তুরস্কে)।
• দ্য হিস্টোরিস (The Histories) বইটি তার অমর সৃষ্টিকর্ম।
**Ans : D.**

৮. রাজা কণিষ্ক কোন ধর্মের অনুসারী ছিলেন?

A. জরথুস্ত্র B. বৌদ্ধ ধর্ম C. হিন্দু ধর্ম D. বাহাই

ব্যাখ্যা : • রাজা কণিষ্ক 'বৌদ্ধ ধর্মের' অনুসারী ছিলেন।
• তার রাজত্বকাল (৯০-১০০ খ্রিস্টাব্দ)।
• তিনি একজন কুষাণ সম্রাট ছিলেন, যিনি তাঁর সামরিক, রাজনৈতিক, আধ্যাত্মিক কার্যকলাপের জন্য বিখ্যাত ছিলেন।
• তিনি ছিলেন কুষাণ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা- 'কুজুল কদফিসেস'- এর উত্তরসূরি।
• পুরুষপুর, কপিশা ও মথুরা তার রাজ্যের রাজধানী ছিল।
**Ans : B.**

৯. শেখ হাসিনার জীবনভিত্তিক হাসিনা: আ ডটার্স টেল কোন ধরনের শিল্পকর্ম?

A. পূর্ণ দৈর্ঘ্য চলচ্চিত্র
B. ডকুড্রামা
C. উপন্যাস
D. মঞ্চনাটক

ব্যাখ্যা : • শেখ হাসিনার জীবনভিত্তিক 'হাসিনা : আ ডটার্স টেল' হচ্ছে - ডকুড্রামা।
• এটি বাংলা পূর্ণদৈর্ঘ্য প্রামাণ্য চিত্র।
• দৈর্ঘ্য- ৭০ মিনিট।
• পরিচালক- রেজাউর রহমান খান পিপলু।
• ট্রেলারটির ধারা বর্ণনা করেছেন- 'শেখ রেহানা'।
• নির্মাতা প্রতিষ্ঠান- গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ইনফরমেশন (সিআরআই) ও অ্যাপল বক্স ফিল্মস।
• চিত্রগ্রাহক - সাদিক আহমেদ।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. কোন সালকে ভিত্তি ধরে হিজরি সন গণনা শুরু হয়?
A. ৬২৪ খ্রি. B. ৬২২ খ্রি. C. ৬২৮ খ্রি. D. ৬৩২ খ্রি.

ব্যাখ্যা : • '৬২২' খ্রিস্টাব্দকে ভিত্তি করে হিজরি সন গণনা শুরু হয়।
• হিজরী সন বা বছর বা যুগ হল, ইসলামী চন্দ্র পঞ্জিকায় ব্যবহৃত যুগ, যার গণনা '৬২২ খ্রিস্টাব্দে ইসলামী নববর্ষ থেকে শুরু হয়।
• হযরত মুহাম্মদ (সাঃ) মক্কার কাফেরদের ষড়যন্ত্রের কারণে মক্কা ছেড়ে মদিনা চলে যান। যা হিজরত নামে পরিচিত।
• পরবর্তীতে আরবেরা এই হিজরতের সময় থেকে হিজরি সাল গণনা শুরু করেন।
• তবে আনুষ্ঠানিকভাবে ৬৩৯ খ্রিস্টাব্দ থেকে হিজরি সন চালু হয়ে থাকে।
Ans : B.

১১. শিখদের ধর্মগ্রন্থের নাম কী?
A. গ্রন্থসাহেব B. গীতা
C. জেন্দাবেস্তা D. ত্রিপিটক

ব্যাখ্যা : • শিখদের ধর্মগ্রন্থের নাম হচ্ছে- 'গ্রন্থসাহেব'।
• শিখধর্ম গুরু নানক (১৪৬৯-১৫৩৮) প্রবর্তিত ধর্ম।
• এ ধর্মের মূলকথা নিরাকার এক ঈশ্বরের উপাসনা করা।
• শিখ ধর্মে কোন জাতিবেদ নেই, সবাই সমান।
• শিখদের প্রধান মন্দির পাঞ্জাবের অমৃতস্বরের স্বর্ণমন্দির।
• বাংলাদেশের শিখ সম্প্রদায়ের প্রধান ধর্মীয় উপাসনালয় - 'গুরুদুয়ারা নানক শাহী'।
Ans : A.

১২. পাহাড়পুর বৌদ্ধ বিহার নির্মাণ করেন কে?
A. বিক্রমাদিত্য B. লক্ষণ সেন
C. মহীপাল D. ধর্মপাল

ব্যাখ্যা : • পাহাড়পুর বৌদ্ধ বিহার নির্মাণ করেন 'ধর্মপাল'।
• নওগাঁ জেলার বদলগছি উপজেলার পাহাড়পুর গ্রামে অবস্থিত প্রাচীন বৌদ্ধ বিহার।
• 'পাহাড়পুর বৌদ্ধ বিহার' বা 'সোমপুর বিহার' বা 'সোমপুর মহাবিহার' বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন বৌদ্ধবিহার।
• পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮১২) এই বিহার তৈরি করেছিলেন।
• ১৮৭৯ খ্রিস্টাব্দে 'স্যার আলেকজান্ডার কানিং হাম' এই বিশাল স্থাপনা আবিষ্কার করেন।
• ১৯৮৫ খ্রিস্টাব্দে ইউনেস্কো এটিকে বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের স্বীকৃতি প্রদান করে।
Ans : D.

১৩. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ –এর প্রথম বাণিজ্যিক সম্প্রচার কখন উদ্বোধন করা হয়?
A. ১ অক্টোবর ২০১৯ B. ৩ অক্টোবর ২০১৯
C. ২ অক্টোবর ২০১৯ D. ৪ অক্টোবর ২০১৯

ব্যাখ্যা : • বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর প্রথম বাণিজ্যিক সম্প্রচার '২ অক্টোবর' উদ্বোধন করা হয়।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে দেশের ৩৪টি বেসরকারি টেলিভিশন চ্যানেল সম্প্রচার কার্যক্রম চালাবে।
• এটি দেশের প্রথম যোগাযোগ উপগ্রহ।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ চালু করে বিটিআরসি ও স্পারসো।
• মেয়াদ- ১৫ বছর।
• স্যাটেলাইটের অবস্থান- ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে।
• অবস্থানের জন্য অরবিটাল স্লট কেনা হয়েছে- রাশিয়ার ইন্টার স্পুটনিকের কাছ থেকে।
Ans : C.

১৪. ২০১৮ সালে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবল–এর 'ম্যান অব দ্য ফাইনাল' হয়েছেন কে?
A. অ্যান্তনি গ্রিজম্যান B. অ্যান্তনি হাইডম্যান
C. অ্যান্তনি ম্যাথিও D. অ্যান্তনি রজারম্যান

ব্যাখ্যা : • ২০১৮ সালে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবল এর ম্যান অব দ্য ফাইনাল হয়েছেন- অ্যান্তনি গ্রিজম্যান।
• ২০১৮ সালে বিশ্বকাপ ফুটবল এর আয়োজক রাশিয়া।
• চ্যাম্পিয়ন- ফ্রান্স (২য় শিরোপা)।
• রানার-আপ- ক্রোয়েশিয়া।
অন্যান্য পুরস্কার সমূহ -
• গোল্ডেন বল - ক্রোয়েশিয়ার অধিনায়ক 'লুকা মডরিচ'।
• সিলভার বল- বেলজিয়ামের অধিনায়ক ইডেন হ্যাজার্ড।
• ব্রোঞ্জ বল - ফ্রান্সের অধিনায়ক অ্যান্তনি গ্রিজম্যান।
• গোল্ডেন বুট- ইংলিশ অধিনায়ক হ্যারি কেইন।
• এই বিশ্বকাপে ৩২টি জাতীয় ফুটবল দল প্রতিদ্বন্দ্বিতা করেছে।
• ভেন্যু- ১২টি।
Ans : A.

১৫. জাতিসংঘের সিদ্ধান্ত অনুসারে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নের সময়সীমা কত সাল পর্যন্ত?
A. ২০২১ B. ২০৩৫
C. ২০৩০ D. ২০৪১

ব্যাখ্যা : • জাতিসংঘের সিদ্ধান্ত অনুযায়ী টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বাস্তবায়নের সময়সীমা ২০৩০ সাল পর্যন্ত।
**টেকসই উন্নয়ন :** ভবিষ্যৎ প্রজন্মের ক্ষতি না করে বর্তমান প্রজন্মের চাহিদা পূরণ করার মাধ্যমে যে উন্নয়ন তাই টেকসই উন্নয়ন।
• টেকসই উন্নয়ন লক্ষমাত্রা চালু হয় - ১ জানুয়ারি ২০১৬ সাল থেকে।
**বৈশ্বিক উন্নয়নের নতুন রূপকল্প :** টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) বা Global Goals বা Agenda 2030.
• লক্ষ্য- ১৭টি [বাংলাদেশের দেয়া ১৫টি]
• সূচক - ২৩২টি।
Ans : C.

১৬. আন্তর্জাতিক অভিবাসী দিবস কত তারিখ?
A. ১৮ ডিসেম্বর B. ১৫ ডিসেম্বর
C. ১৯ ডিসেম্বর D. ২০ ডিসেম্বর

ব্যাখ্যা : • প্রতি বছর ১৮ ডিসেম্বর জাতিসংঘের সদস্যভুক্ত দেশে আন্তর্জাতিক অভিবাসী দিবস পালিত হয়ে আসছে।
**জাতিসংঘের সাধারণ পরিষদ :** ডিসেম্বর ২০০০ সালে, দিনটি বিশ্বব্যাপী উৎযাপনের সিদ্ধান্ত নেয়।
• মূলত বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে-ছিটিয়ে থাকা ব্যাপক হারে অভিবাসন ও বিপুলসংখ্যক অভিবাসীদের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদিকে ঘিরেই এ দিবসের উৎপত্তি।
Ans : A.

১৭. বিশ্বের সবচেয়ে চিরহরিৎ বনাঞ্চল কোনটি?
A. আমাজন ফরেস্ট B. ডেইনট্রি ফরেস্ট
C. সুন্দরবন D. কাপ্তাই ফরেস্ট

ব্যাখ্যা : • বিশ্বের সবচেয়ে চিরহরিৎ বনাঞ্চল 'আমাজন ফরেস্ট'।
• আমাজন বনকে বলা হয় পৃথিবীর ফুসফুস।
• এই বনের উদ্ভিদ ও প্রাণী বৈচিত্র্য পৃথিবীর দ্বিতীয় কোথাও নেই।
• দক্ষিণ আমেরিকার আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত বিশাল বনভূমি এ আমাজন ছেয়ে আছে ৭০ লাখ বর্গ কিলোমিটার।
• ৫৫ লাখ বর্গকিলোমিটার এলাকাটি মূলত আর্দ্র জলবায়ু বেষ্টিত।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. অভিন্ন ইউরো মুদ্রা চালু করার ম্যাসট্রিক্ট চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?

A. ১৯৯৪ B. ১৯৯৩
C. ১৯৯২ D. ১৯৯৫

ব্যাখ্যা : • অভিন্ন ইউরো মুদ্রা চালু করার ম্যাসট্রিক্ট চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৯২ সালে।
• এই চুক্তি স্বাক্ষরিত হয় ইউরোপীয় ইউনিয়নের ১২টি দেশ কর্তৃক।
• চুক্তি সম্পাদনের স্থান-নেদারল্যান্ডের ম্যাসট্রিক্ট শহরে।
• মূল বিষয়- অভিন্ন ইউরো মুদ্রা প্রচলন।
**Ans : C.**

১৯. 'ইনডেমনিটি' বলতে কী বোঝায়?

A. রাজসাক্ষী B. আসামি
C. বিচারপ্রার্থী D. দায়মুক্তি

ব্যাখ্যা : • ইনডেমনিটি অর্থ 'দায়মুক্তি'।
• ইউডেমনিটি হলো কোনো বিচার কার্যকে বাধা প্রধান সংক্রান্ত অধ্যাদেশ বা আইন।
• কোনো অভিযান বা অভ্যুথানের ক্ষয়ক্ষতি আদালতের বহির্ভূত রাখার জন্য আইন সভা যে বিল পাস করে তাকেই ইনডেমনিটি বিল বলে।
**বাংলাদেশে ইনডেমনিটি বিল পাসের ইতিহাস :**
১৯৭৫ সালের ১৫ আগস্ট সপরিবারে শেখ মুজিবুর রহমান হত্যার সাথে জড়িতদের দায়মুক্তি করে ২৬ সেপ্টেম্বর ১৯৭৫ সালে প্রথম ইনডেমনিটি অধ্যাদেশ জারী করা হয়েছিল।
**Ans : D.**

২০. সম্প্রতি 'ভ্যাকসিন হিরো' পুরস্কারে ভূষিত হয়েছেন কোন নেতা?

A. শেখ হাসিনা B. ডোনাল্ড ট্রাম্প
C. নরেন্দ্র মোদি D. অ্যাঙ্গেলা মার্কেল

ব্যাখ্যা : • সম্প্রতি 'ভ্যাকসিন হিরো' পুরস্কারে ভূষিত হয়েছেন- শেখ হাসিনা।
• শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে বাংলাদেশে টিকাদান কর্মসূচির সাফল্যের জন্য 'ভ্যাকসিন হিরো' সম্মাননায় ভূষিত হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
• এছাড়াও তিনি মার্চ ২০১৯ সালে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে 'লাইফ টাইম কন্ট্রিবিউশন ফর উইমেন এমপাওয়ারমেন্ট এ্যাওয়ার্ড'এ ভূষিত হন।
• ২০১৮ সালে, ২৬তম ক্ষমতাধর নারী ও ৬ষ্ঠ নারী রাজনীতিবিদ হিসেবে পুরস্কার লাভ করেন।
**Ans : A.**

২১. পৃথিবীর কোন শহরকে স্বর্ণনগরী বলা হয়?

A. ইস্তাম্বুল B. জোহানেসবার্গ
C. কায়রো D. ভেনিস

ব্যাখ্যা : • 'জোহানেস বার্গ' শহরকে স্বর্ণনগরী বলা হয়।
• 'জোহানেস বার্গ' দক্ষিণ আফ্রিকার সবচেয়ে বড় শহর।
• আফ্রিকা মহাদেশের সর্বদক্ষিণের একটি রাষ্ট্র- দক্ষিণ আফ্রিকা।
• আফ্রিকার দক্ষিণে অবস্থিত একটি স্বাধীন রাষ্ট্র। এটি নয়টি প্রদেশে বিভক্ত।
• দক্ষিণ আফ্রিকার সরকারি ভাষা- ১১টি।
• দক্ষিণ আফ্রিকার সরকার- সাংবিধানিক গণতন্ত্র।
• মুদ্রা- র‍্যান্ড।
• ঐতিহাসিকভাবে বিংশ শতাব্দীর মধ্য হতে শেষ দশক পর্যন্ত এই দেশটি বর্ণবাদের জন্য সারা বিশ্বে নিন্দিত ছিল।
**Ans : B.**

২২. ২০১৯ সালে কোন শহরকে 'OIC City of Tourism' হিসেবে ঘোষণা করা হয়?

A. টোকিও B. ঢাকা
C. দিল্লি D. প্যারিস

ব্যাখ্যা : • ২০১৯ সালে ঢাকা শহরকে OIC City of Tourism হিসেবে ঘোষণা করা হয়।
• OIC পূর্ণরূপ হলো : Organisation of Islamic Cooperation.
• OIC মোট সদস্য রাষ্ট্র ৫৭টি দেশ। বাংলাদেশ ৩২তম সদস্য হিসাবে সদস্যপদ লাভ করে।
• OIC বা ওআইসির লক্ষ্য ও উদ্দেশ্য ৭টি।
• OIC সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত।
• ১৯৬৯ সালের ২৫ সেপ্টেম্বর ওআইসি প্রতিষ্ঠিত হয়।
• মরক্কোর রাজধানী রাবাতে ওআইসির প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়।
• দাপ্তরিক ভাষা সমূহ- আরবি, ইংরেজি, ফরাসি।
**Ans : B.**

২৩. Veto – কোন ভাষার শব্দ?

A. ইংলিশ B. ফ্রেঞ্চ C. ল্যাটিন D. স্প্যানিশ

ব্যাখ্যা : • 'Veto' 'ল্যাটিন' ভাষার শব্দ। যার অর্থ হচ্ছে 'আমি মানি না'।
• Veto হচ্ছে একপক্ষীয়ভাবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, সংস্থা, দেশের মনোনীত প্রতিনিধি কর্তৃক কোন সিদ্ধান্ত বা আইনের উপর স্থগিতাদেশ প্রদান করা।
• বিশ্বের বিভিন্ন দেশে রাষ্ট্রপতি বা রাষ্ট্রপ্রধান কোন বিলের উপর ভেটো (Veto) প্রদান করার ক্ষমতা রাখেন।
• ভেটো (Veto) শব্দটি জাতিসংঘ নিরাপত্তা পরিষদে ব্যাপকভাবে পরিচিত ও এটি বৈশ্বিকভাবে বিরাট প্রভাব বিস্তার করে।
**Ans : C.**

২৪. ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ীর নাম কী?

A. অ্যান্তনিও গুতেরেস B. শিরিন এবাদি
C. গ্রেটা থুনবার্গ D. আবি আহমেদ আলি

ব্যাখ্যা : • ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার বিজয়ীর নাম হচ্ছে - 'আবি আহমেদ আলি'।
• আবি আহমেদ আলি হচ্ছেন ইথিওপিয়ার প্রধানমন্ত্রী (১৫ তম)।
• তিনি, 'শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতা অর্জনের জন্য এবং বিশেষত প্রতিবেশী দেশ ইরিত্রিয়ার সাথে সীমান্ত সংঘাত নিরসনে তার সিদ্ধান্ত মূলক উদ্যোগের জন্য ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান।
• এছাড়া তিনি ইউনেস্কো শান্তি পুরস্কার লাভ করেন ২ মে ২০১৯।
• হেসিয়ান শান্তি পুরস্কার লাভ করেন আগস্ট ২০১৯।
• বিশ্ব স্বাস্থ্য সংস্থার কাছ থেকে 'পি এইচ সি লিডারশীপ অ্যাওয়ার্ড' লাভ করেন সেপ্টেম্বর ২০১৯।
**Ans : D.**

২৫. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' জাপানি ভাষায় অনুবাদকের নাম কী?

A. ইশিকাওয়া ওয়াতানাবে B. হাইয়ামি ওয়াতানাবে
C. কাজুহিরো ওয়াতানাবে D. কুনোহিরো ওয়াতানাবে

ব্যাখ্যা : • বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' জাপানি ভাষায় অনুবাদ করেন- 'কাজুহিরো ওয়াতানাবে'।
• এই বইটি ২০১২ সালের জুন এ প্রকাশিত হয়।
• বইটি মোট ১৪টি ভাষায় অনুবাদ হয়েছে।
• বইটি লেখার সময়কাল- ১৯৬৭ থেকে ১৯৬৯ পর্যন্ত কারাগারে থাকাকালীন।
• লেখার জন্য প্রেরণা দেন 'শেখ ফজিলাতুন্নেসা মুজিব'।
• ইংরেজি অনুবাদ করেন- অধ্যাপক ফখরুল আলম।
• ইংরেজি নাম- The Unfinished Memories (স্মৃতিকথা)
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রচিত আরও ২টি গ্রন্থ :
১। কারাগারের রোজনামচা ২। আমার দেখা নয়া চীন।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**২৬. জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র কোনটি?**

A. এতটুকু আশা B. অমরপ্রেম
C. ওরা এগারো জন D. স্টপ জেনোসাইড

**ব্যাখ্যা :** • জহির রায়হান পরিচালিত চলচ্চিত্র 'স্টপ জেনোসাইড'।
• জহির রায়হান জন্মগ্রহণ করেন ১৯ আগস্ট ১৯৩৫ সালে এবং মৃত্যুবরণ করেন ৩০ জানুয়ারি ১৯৭২।
• তিনি একজন প্রখ্যাত বাংলাদেশি চলচ্চিত্র পরিচালক, ঔপন্যাসিক এবং গল্পকার।
• তার রচিত উপন্যাস সমূহ শেষ বিকেলের মেয়ে (প্রথম উপন্যাস), হাজার বছর ধরে, ও আরেক ফাল্গুন।
**তার নির্মিত চলচ্চিত্র সমূহ-**
কখনো আসিনি (প্রথম চলচ্চিত্র),কাঁচের দেয়াল, বেহুলা, সঙ্গম, আনোয়ারা এবং জীবন থেকে নেওয়া।
• A State is Born- মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র।
• Let there be light.
**Ans : D.**

**২৭. কবি জসীমউদ্দীনের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?**

A. সোজন বাদিয়ার ঘাট B. রাখালী
C. ধানক্ষেত D. বালুচর

**ব্যাখ্যা :** • কবি জসীমউদ্দীনের প্রথম কাব্যগ্রন্থ 'রাখালী'।
• জসীমউদ্দীন ১৯০৩ সালের ১ জানুয়ারি ফরিদপুর জেলার তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন।
• তিনি 'পল্লীকবি' নামে খ্যাতি অর্জন করেন।
• রাখালী (১৯২৭ খ্রিস্টাব্দে), কবির প্রথম গ্রন্থ তথা কাব্যগ্রন্থ। অন্যান্য কবিতা সমূহ- রাখাল ছেলে, কবর, পল্লী জননী।
• 'নকশী কাঁথার মাঠ' কবির শ্রেষ্ঠ কাহিনী কাব্য বা গীতি কাব্য।
• 'নকশী কাঁথার মাঠ' গ্রন্থটি ইংরেজি ভাষায় অনুবাদ করেন- E M Milford. ইংরেজি নাম- "Field of the Embroidered Quilt".
• শিশুতোষ কাব্যগ্রন্থ - এক পয়সার বাঁশি।
• তার রচিত উপন্যাস ১টি - বোবা কাহিনী।
**Ans : B.**

**২৮. *Interventions : A Life in War and Peace* শীর্ষক আত্মজীবনী কার লেখা?**

A. বারাক ওবামা B. বিল ক্লিনটন
C. কফি আনান D. ইয়াসির আরাফাত

**ব্যাখ্যা :** • *Interventions : A Life in War and Peace* শীর্ষক আত্মজীবনী রচনা করেন 'কফি আনান'।
• তার পূর্ণ নাম 'কফি আততা আনান'।
• জন্মগ্রহণ করেন ৮ এপ্রিল ১৯৩৮ এবং মৃত্যুবরণ করেন ১৮ আগস্ট ২০১৮ সালে।
• কফি আনান ঘানার কূটনীতিবিদ এবং জাতিসংঘের সপ্তম মহাসচিব।
• কফি আনান এবং জাতিসংঘ যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন ২০০১ সালে।
• তিনি Interventions : A Life in War and Peace এ রুয়ান্ডার গণহত্যা সম্পর্কে সচেতনতা বাড়ানোর কথা উল্লেখ করেন।
**Ans : C.**

**২৯. ২০১৯ সালে কে 'ম্যান বুকার ইন্টারন্যাশনাল প্রাইজ' লাভ করেন?**

A. জিয়া হায়দার B. ড্যান ব্রাউন
C. নোয়া হারারী D. জোখা আলহারথি

**ব্যাখ্যা :** • ২০১৯ সালে 'জোখা আলহারথি' 'ম্যান বুকার ইন্টারন্যাশনাল প্রাইজ' লাভ করেন।
• প্রথম আরব নারী হিসাবে 'ম্যান বুকার ইন্টারন্যাশনাল' পুরস্কার জিতেছেন ওমানের লেখিকা 'জোখা আলহারথি'।
• নিজ দেশের ঔপনিবেশিক আমল পরবর্তী বিবর্তন নিয়ে লিখিত 'সেলেস্টিয়াল বডিজ' উপন্যাসের জন্য ব্রিটেনের মর্যাদাপূর্ণ এই পুরস্কার লাভ করেন।
• 'ম্যান বুকার ইন্টারন্যাশনাল' পুরস্কারটি দেওয়া হয় ইংরেজি ভাষায় লেখা সেরা উপন্যাসের জন্য।
• 'ম্যান বুকার' পুরস্কার জেতা উপন্যাসটি অনুবাদ করেছেন যুক্তরাষ্ট্রের অধ্যাপক 'মারিলিন বুথ'।
**Ans : D.**

**৩০. ঐতিহাসিক 'রোজ গার্ডেন' ঢাকার কোথায় অবস্থিত?**

A. সোনারগাঁও B. পলাশি
C. লালবাগ D. টিকাটুলি

**ব্যাখ্যা :** • ঐতিহাসিক 'রোজ গার্ডেন' 'ঢাকার টিকাটুলিতে' অবস্থিত।
• বিংশ শতাব্দীর বাংলাদেশের একটি ঐতিহাসিক প্রাচীন ভবন।
• এই প্রাচীন ভবনটি বাংলাদেশের ঐতিহাসিক পুরাকীর্তি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক সংরক্ষিত।
• বাংলাদেশ প্রত্নতত্ত্ব বিভাগ ১৯৮৯ সালে রোজ গার্ডেনকে সংরক্ষিত ভবন ঘোষণা করে।
• দেশী বিদেশী পর্যটকদের নিকট এটি ঢাকার অন্যতম একটি দর্শনীয় স্থান।
**Ans : D.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
BASIC ICT
বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের একমাত্র পূর্ণাঙ্গ সহায়িকা

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
◆ গুচ্ছ ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
◆ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
◆ ঢাবি (সকল ইউনিট) ◆ জাবি (সকল ইউনিট)
◆ চবি (সকল ইউনিট) ◆ রাবি (সকল ইউনিট)

!!! বের হয়েছে !!!
সম্পূর্ণ নতুন আঙ্গিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইউনিট ভিত্তিক লিখিত অংশের পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য
◆ পানকৌড়ি Written (A Unit)
◆ পানকৌড়ি Written (B Unit)
◆ পানকৌড়ি Written (C Unit)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)

শিক্ষাবর্ষ : ২০১৯-২০ [সকাল]

## বাংলা

১. 'বিচারক' উপন্যাসটির রচয়িতা কে?

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
C. তারাশঙ্কর বন্দোপাধ্যায় D. কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা : কথাসাহিত্যিক 'তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের' গুরুত্বপূর্ণ রচনাবলী: নিশিপদ্ম, ব্যর্থ নায়িকা, বিচারক, ফরিয়াদ, তামস তপস্যা, কালিন্দী, গণদেবতা, পঞ্চগ্রাম, রসকলি, পাষাণপুরী, চাঁপাডাঙার বৌ, সন্ধ্যামনি, লেখার কথা, নীলকণ্ঠ, রাইকমল, জলসাঘর ইত্যাদি।

**Ans : C.**

২. 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয় আত্মিকও' – কার উক্তি?

A. মোতাহের হোসেন চৌধুরী B. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
C. আনিসুজ্জামান D. রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু উক্তি :
"স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।"
"এদের একমাত্র দেবতা অহংকার।"
"চর্মচক্ষুকে বড় না করে কল্পনা ও অনুভূতির চক্ষুকে বড় করে তুললে বৃক্ষের বেদনাও সহজে উপলব্ধি করা যায়।"
"নদীর সার্থকতার ছবি সহজে উপলব্ধি করা যায় না।"
"সাধনার ব্যাপারে প্রাপ্তি একটা বড় জিনিস।"
"নীরব ভাষায় বৃক্ষ আমাদের সার্থকতার গান শোনায়।"
"মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।"

**Ans : A.**

৩. মানিক বন্দোপাধ্যায়ের প্রথম গল্প 'অতসীমামী' কত বছর বয়সের রচনা?

A. উনিশ B. বিশ C. একুশ D. বাইশ

ব্যাখ্যা : মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রকাশিত গুরুত্বপূর্ণ কিছু গল্পের নাম:
- অতসীমামী, প্রাগৈতিহাসিক, চোর, সিঁড়ি, সরীসৃপ, হলুদপোড়া, হারানের নাতজামাই, ছোট বকুলপুরের যাত্রী, আজকাল পরশুর গল্প, টিকটিকি, সমুদ্রের স্বাদ ইত্যাদি।
- 'অতসীমামী' গল্পটি মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম লেখা। যা তিনি বন্ধুদের সাথে বাজি ধরে লেখেন। তখন তার বয়স মাত্র ২০ বছর। এটি ১৯২৮ সালে প্রকাশ পায়। এটি তৎকালীন 'বিচিত্রা' পত্রিকায় প্রকাশিত হয়।

**Ans : B.**

৪. শওকত ওসমান রচিত উপন্যাস কোনটি?

A. জননী B. মা C. দেবী D. কবি

ব্যাখ্যা : শওকত ওসমানের লেখা গুরুত্বপূর্ণ কিছু উপন্যাস :
- জননী, (১৯৫৮)
- ক্রীতদাসের হাসি (১৯৬২)
- সমাগত (১৯৬৭)
- চৌরসন্ধি (১৯৬৮)
- রাজা উপাখ্যান (১৯৭১)
- জাহান্নাম হইতে বিদায় (১৯৭১)
- দুই সৈনিক (১৯৭৩)
- নেকড়ে অরণ্য (১৯৭৩)
- পতঙ্গ পিঞ্জর (১৯৮৩)
- আর্তনাদ (১৯৮৫)

**Ans : A.**

৫. 'মৃগেন্দ্র' শব্দের অর্থ–

A. হরিণ B. বাঘ C. হাতি D. সিংহ

ব্যাখ্যা : কবি মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ :
- পশিল - প্রবেশ করল
- তাত - পিতা
- তস্কর - চোর
- আহব - যুদ্ধ
- বিধু - চাঁদ
- স্থাণু - নিশ্চল
- রথী - রথচালক
- মৃগেন্দ্র - সিংহ
- জীমূত - মেঘ
- প্রগলভে- নির্ভীক চিত্তে

**Ans : D.**

৬. 'গুণবান যদি পরজন, গুণহীন স্বজন, তথাপি নির্গুন স্বজন শ্রেয়ঃ', – উক্তিটি কার?

A. রাবণ B. রাম C. মেঘনাদ D. বিভীষণ

ব্যাখ্যা : মেঘনাদের গুরুত্বপূর্ণ কিছু উক্তি :
"স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে;"
"পড়ি কি ভূতলে শশী যান গড়াগড়ি ধূলায়?"
"স্বচ্ছ সরোবরে করে কেলি রাজহংস পঙ্কজ- কাননে;"
"যায় কি সে কভু; প্রভু, পঙ্কিল সলিলে"
"মৃগেন্দ্র কেশরী, কবে, হে বীরকেশরী, সম্ভাসে শৃগালে মিত্রভাবে।"
"বর্বরতা কেন না শিখিবে? গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।"

**Ans : C.**

৭. 'সাম্যবাদী' কবিতায় কবি কোথায় ঈশ্বরকে খুঁজতে বলেছেন?

A. বিশ্বপ্রকৃতিতে B. নিজ হৃদয়ে
C. মসজিদে-মন্দিরে D. ধর্মগ্রন্থে

ব্যাখ্যা : কবি কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতা থেকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবি এই কবিতায় তাঁর অসাম্প্রদায়িক মনোভাব ব্যক্ত করেছেন।
- তিনি মানবধর্ম এবং প্রাণধর্মকে গুরুত্ব দিয়েছেন।
- মানুষের মাঝেই স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর (বীর ও রাক্ষস)।
- ধর্মগ্রন্থের প্রকৃত জ্ঞান আহরণ এবং উপলব্ধির জন্য প্রয়োজন- মানবিকতা।
- মানুষের হৃদয়ের চেয়ে শ্রেষ্ঠ কোন তীর্থ নেই।
- কবি ঈশ্বরকে খুঁজতে বলেছেন নিজ হৃদয়ে।

**Ans : B.**

৮. কবি রবীন্দ্রনাথ ঠাকুর জ্ঞানের দীনতা দূরীকরণে কী ধরনের গ্রন্থ পড়তেন?

A. উপন্যাস B. গল্প
C. ভ্রমণবৃত্তান্ত D. কাব্য

ব্যাখ্যা : কবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবির মন জুড়ে থাকে পৃথিবীর অতি ক্ষুদ্র এক - কোণে।
- তিনি জ্ঞানের দীনতা দূরীকরণে পড়েন - ভ্রমণবৃত্তান্ত।
- জ্ঞানের দীনতা পূরণ করেন - ভিক্ষালব্ধ ধনে।
- প্রকৃতির ঐকতানস্রোতে নানাদিক হতে নানাকবি ঢালে- গান।
- কবির সবর্ত্র প্রবেশের বাধা - জীবনযাত্রার বেড়াগুলি।
- সম্মানের চিরনির্বাসন সংসারের- অতিক্ষুদ্র অংশ।
- কবি পাড়ায় প্রবেশ করতে না পারার কারণ- শক্তির অভাব।

**Ans : C.**

৯. কনফুসিয়াস ছিলেন একজন–

A. ধর্মগুরু B. নবী
C. দার্শনিক D. সমাজকর্মী

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় উল্লিখিত বিভিন্ন বিখ্যাত ব্যক্তি ও জাতির পরিচয়-
- **পার্সি**- পারস্যদেশের বা ইরানের নাগরিক।
- **জৈন** - জিন বা মহাবীর প্রতিষ্ঠিত ধর্মমতাবলম্বী জাতি।
- **ইহুদি** - প্রাচীন হিব্রু বা জু-জাতি ও ধর্ম-সম্প্রদায়ের মানুষ।
- **সাঁওতাল, ভীল**- ভারতীয় উপমহাদেশের (দুটি) আদিম নৃগোষ্ঠীবিশেষ।
- **গারো**- গারো পর্বত অঞ্চলের অধিবাসী। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বিশেষ।
- **কনফুসিয়াস** - চীনা দার্শনিক।
- **চার্বাক** - একজন বস্তুবাদী দার্শনিক ও মুনি।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১০. 'নির্জনতম কবি' কে?

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. আল-মাহমুদ
C. শামসুর রাহমান D. জীবনানন্দ দাশ

ব্যাখ্যা : জীবনানন্দ দাশ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- বুদ্ধদেব বসুর মতে তিনি- নির্জনতম কবি।
- অন্নদাশঙ্কর রায়ের মতে তিনি - শুদ্ধতম কবি।
- রবীন্দ্রনাথ ঠাকুরের মতে তাঁর কবিতা- চিত্ররূপময়।
- সমালোচকদের মতে তিনি - রবীন্দ্রনাথ ও কাজী নজরুলের পর প্রধান কবি।
- তার লিখিত ছোটগল্প ও উপন্যাস যথাক্রমে - ১২৬ ও ২১টি।
- তাঁর অন্য নাম - মিলু।
- তাঁর জন্মস্থান বরিশাল - সমাধিস্থল কলকাতা।

**Ans : D.**

১১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি শামসুর রাহমানের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত–

A. রৌদ্র করোটিতে B. নিজ বাসভূমে
C. বন্দি শিবির থেকে D. বিধ্বস্ত নীলিমা

ব্যাখ্যা : কবি শামসুর রাহমানের বিভিন্ন কাব্যগ্রন্থ :
- নিজ বাসভূমে (১৯৭০)
- আদিগন্ত নগ্ন পদধ্বনি (১৯৭৪)
- এক ধরনের অহঙ্কার (১৯৭৫)
- আমি অনাহারী (১৯৭৬)
- শূন্যতায় তুমি শোকসভা (১৯৭৭)
- বাংলাদেশ স্বপ্ন দেখে (১৯৭৭)
- প্রতিদিন ঘরহীন ঘরে (১৯৭৮)
- প্রেমের কবিতা (১৯৮১)
- ইকারুসের আকাশ (১৯৮২)
- মাতাল ঋত্বিক- (১৯৮২)
- ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতাটি নিজ বাসভূমে কাব্যগ্রন্থের অন্তর্গত।

**Ans : B.**

১২. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কয়টি নদীর নাম উল্লেখ করা হয়েছে?

A. পাঁচটি B. ছয়টি C. সাতটি D. আটটি

ব্যাখ্যা : 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- এটি (১১-১২) পাঠ্যবইয়ের সিলেবাসের সর্বশেষ কবিতা।
- এর চরণসংখ্যা : ২৪টি।
- প্রথম চরণ - পদ্মা তোমার যৌবন চাই।
- শেষ চরণ - বিদেশে জানে না কেউ।
- এই কবিতায় উল্লেখিত নদীর সংখ্যা - ছয়টি।
- উল্লিখিত নদীগুলোর নাম - পদ্মা, যমুনা, সুরমা, মেঘনা, গঙ্গা, কর্ণফুলী।
- এর প্রতি পঙক্তি ৬ + ৬ মাত্রার পূর্ণ পর্ব এবং ২ মাত্রার অপূর্ণ পর্বে বিন্যস্ত।

**Ans : B.**

১৩. 'শীর্ণ মানুষটির পেছনে মাছের পিঠের মতো মাজারটির বৃহৎ ছায়া দেখে' – কে দেখে?

A. রহিমা B. জমিলা C. আমিনা D. খালেক ব্যাপারী

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- শীর্ণ মানুষটির পেছনে মাছের পিঠের মতো মাজারটির বৃহৎ ছায়া দেখে - রহিমা।
- সভায় দম খিচে লজ্জায় নত করে রাখে চোখ- অশীতিপর সোলেমানের বাপ।
- হিংসা, বিদ্বেষের জন্য আত্মমর্যাদার ভুয়োঝান্ডা উঁচিয়ে রাখার জন্য মানুষ জমিকে ভাগ করে ফেলে- দাবার ছকের মতো।
- জমি শ্রমের সম্মান দেয়- বুক উজাড় করে।
- ধানক্ষেতে হাওয়া গান তুললেও মুসল্লিদের গল্প- আকাশে ভাসেনা।
- দশ কথায় রাগ নেই, রক্তে রাগ নেই- রহিমার।

**Ans : A.**

১৪. 'প্রদোষ' শব্দের অর্থ–

A. সকাল B. সন্ধ্যা C. বিকেল D. দুপুর

ব্যাখ্যা : 'প্রদোষ' শব্দের গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ : সন্ধ্যা, নিশাগম, অসকাল, দিবাবসান, রাত, রাত্রি, রজনি, অন্ধকার, নিশি, নিশা, সান্ধ্য, উষশী, সায়াহ্ন, মৃত্যু, শেষ বয়স ইত্যাদি।

**Ans : B.**

১৫. 'ব্যাকরণ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?

A. সাধারণ বিশ্লেষণ B. বিশেষভাবে সংযোজন
C. সাধারণ সংশ্লেষণ D. বিশেষভাবে বিশ্লেষণ

ব্যাখ্যা : ব্যাকরণ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- ব্যাকরণ শব্দটি একাধারে বিশেষ্য, পারিভাষিক শব্দ এবং কৃৎপ্রত্যয়সাধিত শব্দ।
- ব্যাকরণের কাজ - ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার/সাধন করা।
- ব্যাকরণের সন্ধি বিচ্ছেদ - বি + আকরণ = ব্যাকরণ।
- ব্যাকরণের প্রকৃতি-প্রত্যয় - বি + আ + √কৃ + অন = ব্যাকরণ
- ব্যাকরণকে বলা হয় ভাষার - সংবিধান।
- ব্যুৎপত্তিগত অর্থ- বিশেষভাবে বিশ্লেষণ।
- প্রকৃত অর্থ- ভাষার প্রকৃতি ও প্রয়োগরীতি আলোচনা ও ব্যাখ্যা।

**Ans : D.**

১৬. কবি দিলওয়ার-এর জন্মস্থান কোন জেলায়?

A. সিলেট B. টাঙ্গাইল
C. রংপুর D. যশোর

ব্যাখ্যা : কবি 'দিলওয়ার' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- তাঁর জন্ম : সিলেটে (১৯৩৭)। মৃত্যু : সিলেট (২০১৩)।
- পিতা : মৌলভী মোহাম্মদ হাসান খান। মাতা : রহিমুন্নেসা।
- তাঁর পুরো নাম - দিলওয়ার খান।
- পেশা - শিক্ষকতা, সাংবাদিকতা, লেখালেখি।
- তাঁর কবিতার মূল সুর - দেশ, মাটি ও মানুষের প্রতি আস্থা ও দায়বদ্ধতা।
- তিনি ছিলেন একজন - বিভেদমুক্ত কল্যাণী পৃথিবীর স্বাপ্নিক।
- তাঁর কাব্যগ্রন্থ - ঐকতান, উদ্ভিন্ন উল্লাস, স্বনিষ্ঠ সনেট, রক্তে আমার অনাদিঅস্থি।

**Ans : A.**

১৭. বাংলা ভাষা কোন ভাষাগোষ্ঠী থেকে জাত?

A. কেলটিক B. স্লাভিক
C. ইন্দো-ইউরোপিয় D. ইন্দো-ইরানিয়

ব্যাখ্যা : বাংলা ভাষা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- বাংলা ভাষা ইন্দো-ইউরোপিয় ভাষা-গোষ্ঠীর জাতভুক্ত।
- ভাষাভাষীর দিক থেকে পৃথিবীতে বাংলা ভাষার অবস্থান - ৪র্থ।
- দাপ্তরিক ভাষা হিসেবে বাংলা ভাষার অবস্থান - ১০ম।
- সিয়েরা লিওন এর দ্বিতীয় রাষ্ট্রীয় ভাষা - বাংলা।
- বাংলাদেশের দাপ্তরিক ভাষা - বাংলা।

**Ans : C.**

১৮. 'শিশুটি খেলা করে' – এখানে 'খেলা' কোন কারকে কোন বিভক্তি?

A. কর্তায় শূন্য B. কর্মে শূন্য
C. করণে শূন্য D. সম্প্রদানে শূন্য

ব্যাখ্যা : 'কর্মকারক' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- যাকে বা যে বস্তুকে (বিষয়) আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পাদন করে তাকে 'কর্ম কারক' বলে।
- কর্ম দুই প্রকার : (১) মুখ্য কর্ম (বিভক্তিহীন, বস্তুজাত)
 (২) গৌণকর্ম (বিভক্তি থাকে, ব্যক্তিজাত)
- তমাল খেলা খেলে - কর্মে শূন্য বিভক্তি।
- তাকে বল - কর্মে ২য় বিভক্তি।
- তোমার দেখা পেলাম না - কর্মে ৬ষ্ঠী বিভক্তি।
- জিজ্ঞাসিবে জনে জনে - কর্মে ৭মী বিভক্তি।

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৯. 'পথের রাজা' –এটি কোন সমাসের ব্যাসবাক্য?
A. দ্বিগু B. বহুব্রীহি C. কর্মধারয় D. তৎপুরুষ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু ষষ্ঠী তৎপুরুষ সমাস :
- উপলের খন্ড - উপলখন্ড
- কবিদের গুরু - কবিগুরু
- পুষ্পের অঞ্জলি - পুষ্পাঞ্জলি
- মৃগীর শিশু - মৃগশিশু
- ঝরনার ধারা - ঝরনাধারা
- পুষ্পের সৌরভ - পুষ্পসৌরভ
- পাষাণের স্তূপ - পাষাণস্তূপ
- ভারের অর্পন - ভারার্পন
- সুখের সময় - সুখসময়
- পথের রাজা - রাজপথ

Ans : D.

২০. 'Epistemology' – এর পরিভাষা কোনটি?
A. স্বয়ংক্রিয় B. খন্ডতত্ত্ব C. জ্ঞানতত্ত্ব D. উদ্বায়ু

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Epistemology | জ্ঞানতত্ত্ব | Epitaph | সমাধিফলকে খোদিত লেখা |
| Enforcement | বলবৎকরণ | Etiquete | শিষ্টাচার |
| Epidemic | মহামারী | Evidence | সাক্ষ্য প্রমাণ |
| Eviction | উৎখাতকরণ | Eye witness | প্রত্যক্ষদর্শী |
| Evolution | অভিব্যক্তি | Epic | মহাকাব্য |

Ans : C.

২১. অপমান শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়?
A. নিকৃষ্ট B. বিপরীত C. বিকৃত D. অভাব

ব্যাখ্যা : 'অপ' উপসর্গের বিভিন্ন অর্থে ব্যবহার :
- বিপরীত অর্থে - অপমান, অপবাদ, অপকার, অপচয়।
- নিকৃষ্ট অর্থে - অপসংস্কৃতি, অপকর্ম, অপসৃষ্টি, অপযশ।
- স্থানান্তর অর্থে - অপসারণ, অপহরণ, অপনোদন।
- বিকৃত অর্থে - অপমৃত্যু।

Ans : B.

২২. কোন বাক্যটি শুদ্ধ?
A. সকল লোকেরাই ক্ষমা প্রার্থনা করেছিল
B. আমি আসিতে থাকবো
C. আমি আদালতে সাক্ষি দিতে যাচ্ছি
D. সে আদালতে সাক্ষ্য দিয়েছে

ব্যাখ্যা : বাক্যগুলোর শুদ্ধরূপ :
অশুদ্ধ : সকল লোকেরাই ক্ষমা প্রার্থনা করেছিল।
শুদ্ধ : সকল লোক ক্ষমা প্রার্থনা করেছিলো।
অশুদ্ধ : আমি আসিতে থাকবো।
শুদ্ধ : আমি আসতে থাকবো/আমি আসিতে থাকিব।
অশুদ্ধ : আমি আদালতে সাক্ষি দিতে যাচ্ছি।
শুদ্ধ : আমি আদালতে সাক্ষ্য দিতে যাচ্ছি।

Ans : D.

২৩. 'অপরিচিতা' গল্পের নায়িকা কোন ধরনের যানবাহনে আরোহণ করেছিল?
A. ট্রেন B. জিপগাড়ি C. ঘোড়ার গাড়ি D. পাল্কি

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের নায়িকা কল্যাণী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য -
- কল্যাণীর পিতা শম্ভুনাথ বাবু পেশায় একজন- ডাক্তার।
- কল্যাণীর বয়স ছিল - সতেরো।
- কল্যাণীকে অনুপম তুলনা করেছিল- রজনীগন্ধার শুভ্র মঞ্জরীর সাথে।
- ট্রেন ভ্রমণে কল্যাণীর সাথে ছিলো - দুটি-তিনটি ছোট ছোট মেয়ে।
- কল্যাণী অনুপমকে বিয়ে না করার কারণ - মাতৃ-আজ্ঞা।
- কল্যাণী ট্রেন থেকে নেমেছিলো - কানপুর স্টেশনে।

Ans : A.

২৪. 'বহিপীর' নাটকটির রচয়িতা কে?
A. মনোজ মিত্র B. শওকত ওসমান
C. বাদল সরকার D. সৈয়দ ওয়ালী উল্লাহ

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর গুরুত্বপূর্ণ কিছু উপন্যাস ও নাটকের নাম :
উপন্যাস :
- লালসালু - ১৯৪৮ সাল (ঢাকা)
- চাঁদের অমাবস্যা- ১৯৬৪ (ঢাকা)
- কাঁদো নদী কাঁদো - ১৯৬৮ (ঢাকা)

নাটক :
- বহিপীর - ১৯৬০ (ঢাকা)
- তরঙ্গভঙ্গ - ১৯৬৫ (ঢাকা)
- আষাঢ় - ১৯৬৫ (ঢাকা)
- সুড়ঙ্গ - ১৯৬৪ (ঢাকা)
- উজানে মৃত্যু - ১৯৬৩

Ans : D.

২৫. কবি আলাওল কোন যুগের কবি?
A. প্রাচীন যুগ B. আদি-মধ্যযুগ
C. অন্ত্য-মধ্যযুগ D. আধুনিক যুগ

ব্যাখ্যা : মধ্যযুগের কবি 'আলাওল' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম ১৫৯৭ (ফতেহাবাদ) মৃত্যু ১৬৭৩ সালে।
- পরিচিতির কারণ - মধ্যযুগের শ্রেষ্ঠ বাঙালি কবি।
- যেসব ভাষা জানতেন - আরবি, ফারসি, হিন্দি, সংস্কৃত, ব্রজবুলী।
- যেসব বিদ্যার্জন করেছিলেন- প্রাকৃতপৈঙ্গল, যোগশাস্ত্র, কামশাস্ত্র, অধ্যাত্মবিদ্যা, ইসলাম ও হিন্দু ধর্মশাস্ত্র, যুদ্ধবিদ্যা ইত্যাদি।
- গুরুত্বপূর্ণ রচনা- পদ্মাবতী, সতীময়না, লোরচন্দ্রানী, সপ্ত পয়কর, সিকান্দারনামা, তোহফা, রাগতালনামা ইত্যাদি।

Ans : C.

২৬. কৃষকনেতা নূরলদীন কোন অঞ্চলের অধিবাসী ছিলেন?
A. রংপুর B. ময়মনসিংহ
C. কিশোরগঞ্জ D. পাবনা

ব্যাখ্যা : কবি সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- এ কবিতায় জ্যোৎস্নাকে তুলনা করা হয়েছে- সাদা (ধবল) দুধের সাথে।
- নীরব নিস্তব্ধ পরিবেশের নির্দেশ করা হয়েছে- স্তব্ধতার দেশ শব্দদ্বয়ে।
- নূরলদীনের বসবাস- রংপুর জেলায়।
- অভাগা মানুষ জেগে উঠে সকল অন্যায়কে ভাসিয়ে দিবে - পাহাড়ি ঢলের মত।
- নূরলদীন বাংলার সাধারণ মানুষের সাথে মিশে যায় - ইতিহাসের পাতা থেকে বের হয়ে।

Ans : A.

২৭. বাংলায় ণ-ত্ব ও ষ-ত্ব বিধান কোন ধরনের শব্দের ক্ষেত্রে খাটে?
A. তৎসম B. তদ্ভব
C. দেশী D. বিদেশী

ব্যাখ্যা : ণ-ত্ব ও ষ-ত্ব বিধান সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- যে নিয়মানুসারে 'ন' - 'ণ' তে পরিণত হয় তাই 'ণ-ত্ব' বিধান।
- যে নিয়মানুসারে 'স'- 'ষ' তে পরিণত হয় তাই 'ষ-ত্ব' বিধান।
- 'ণ-ত্ব'/'ষ-ত্ব' বিধান সংস্কৃত ব্যাকরণে ছিল।
- এই বিধানদ্বয় বাংলা শব্দ, বিদেশি শব্দ এবং সমাসবদ্ধ শব্দে খাটেনা।
- কিছু কিছু শব্দে স্বভাবতই 'ণ' বা 'ষ' হতে পারে।
- তৎসম শব্দ- প্রাণ, ঝর্ণা, ধারণা, দারুণ, ভীষণ, দূষণ, সুষম।
- তৎসম শব্দ নয়- পরান, ঝরণা, ধরন, দরুন, দিস্, যাস, নিস্পৃহ।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২৮. কে নবাব সিরাজউদ্দৌলা'র আত্মীয় ছিলেন?
A. মুর্শিদকুলি খাঁ B. মির কাশেম
C. মিরজাফর আলি খান D. আলিবর্দি খাঁ

ব্যাখ্যা : নবাব সিরাজউদ্দৌলার বিভিন্ন আত্মীয়:
- আলীবর্দী খান - নানা।
- আমিনা - মাতা।
- জৈনুদ্দিন আহমদ - পিতা।
- লুৎফুন্নেসা - স্ত্রী।
- ঘষেটি বেগম - বড় খালা।
- শওকত জঙ্গ - খালাতো ভাই।

Ans : D.

২৯. 'I want to help Mr. J as much as I can' –এটির বঙ্গানুবাদ কোনটি?
A. আমি জে সাহেবকে অনেক সাহায্য করতে চাই
B. আমার যত খুশি আমি জে সাহেবকে সাহায্য করবো
C. জে সাহেবকে যতটা সম্ভব সাহায্য করতে চাই
D. জে সাহেব যত খুশি আমার সাহায্য পাবেন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অনুবাদ :
- I want to help Mr. J as much as I can - জে সাহেবকে যতটা সম্ভব সাহায্য করতে চাই।
- Self help is the best help - স্বাবলম্বন সর্বশ্রেষ্ঠ অবলম্বন।
- Set a thief to catch a thief - কাঁটা দিয়ে কাঁটা তোলা।
- Every shoe fits not every foot - অনভ্যাসের ফোঁটা কপাল চড়চড় করে।
- Blood is thicker than water - রক্তের টান বড় টান।
- David and Jorathan - অন্তরঙ্গ বন্ধুদ্বয়।
- Praise a fair day at night - না আঁচালে বিশ্বাস নেই।

Ans : C.

৩০. 'সমাজের ধনবৃদ্ধির অর্থ হল ধনীর ধনবৃদ্ধি' – উক্তিটি কোথা থেকে নেয়া হয়েছে?
A. সাম্যবাদী B. বিড়াল C. আমার পথ D. চাষার দুক্ষু

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিড়াল' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন:
- সমাজের ধনবৃদ্ধির অর্থ হল ধনীর ধনবৃদ্ধি।
- তাঁহাদের প্রয়োজনাতীত ধন থাকিতেও চোরের প্রতি সে মুখ তুলিয়া চাহেনা, ইহাতেই চোর চুরি করে।
- আমার মত দরিদ্রের ব্যথায় ব্যথিত হওয়া, লজ্জার কথা সন্দেহ নাই।
- অনাহারে মরিয়া যাইবার জন্য এ পৃথিবীতে কেহ আইসে নাই।
- আফিঙের বিশেষ প্রয়োজন নাই, তবে হাঁড়ি খাওয়ার কথা, ক্ষুধানুসারে বিবেচনা করা যাইবে।

Ans : B.

## English

**In questions 1-4, each sentence has four underlined words or phrases (A, B, C and D). Identify the one underlined word or phrase that must be changed for the sentence to be correct:**

1. When I was sick with (A) the flu (B), my mother made (C) me to eat (D) chicken soup and rest in bed.

pin point error

ব্যাখ্যা : এটি causative verb 'make' এর example :
Structure : sub + make + direct object + verb (simple)
Example : She made her husband help her in the kitchen.
সুতরাং, option 'D' তে to eat না হয়ে শুধু eat হবে।
Ans : D.

2. The professor was considering (A) postponing (B) the examination until (C) the following week because (D) the students' confusion.

ব্যাখ্যা : Structure : because of + noun/noun phrase
because + sub + verb
Example : He is absent because of his sickness.
এখানে, option 'D' তে because না হয়ে because of হবে কারণ 'the student's confusion' একটি noun phrase.
Ans : D. pin point error

3. Hardly had he (A) entered the office (B) when (C) he realised that he has forgotten (D) his documents.

ব্যাখ্যা : Hardly had বাক্যের শুরুতে থাকলে -
Structure : Hardly had + subject + verb(p.p) + when + subj. + verb (past)
Example : Hardly had we reached the station when the train left.
এখানে, option 'D' তে has না হয়ে had হবে কারণ sentence টি past tense এ আছে।
Ans : D. pin point error

4. Salma had (A) better changed (B) her study habit (C) if he hopes (D) to be admitted to a good university.

ব্যাখ্যা : এটি had better এর example :
Structure : subject + had better + verb (base)
Example : I had better leave now.
অনুরূপভাবে. Salma had better change her study habit.... হবে।
Ans : B. pin point error

**Choose the word or phrase (A, B, C or D) that best fills in the blank/completes the meaning in the following (5-25):**

5. She is accustomed to ________ late in the morning.
A. get up B. getting up
C. got up D. had got up

ব্যাখ্যা :
Structure : {with a view to / look forward to / accustomed to / in order to} + v(ing)
Example : I am looking forward to meeting you.
অনুরূপভাবে, She is accustomed to getting up late in the morning.
Ans : B. sub-verb agreement

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**6. Less moderate political parties are insisting that the electoral changes _____ made.**
A. will be B. are C. are being D. be

ব্যাখ্যা : এটি **subjunctive** এর **example** : কারণ insist একটি subjunctive verb, এবং এখানে পরবর্তী অংশ passive এ রয়েছে, subjunctive যুক্ত passive এর -
**Structure :** Sub + subjunctive + that + sub + be + verb (p.p)
**Example :** The boy ordered that the work be done.
**অনুরূপভাবে,** Less moderate political parties are insisting that the electoral changes be made.
**Ans : D.** Subjunctive

**7. Special interest groups get____ that benefits their own groups.**
A. Parliament to pass the legislation
B. Parliament passed the legislation
C. the legislation to pass by Parliament
D. the legislation that Parliament passing

ব্যাখ্যা : এটি **causative verb 'get'** এর **example :**
**Structure :** Subject + get + someone + to + v(base)
Subject + get + something + verb(p.p)
**Example :** I got him to clean my house.
**অনুরূপভাবে,** Special interest groups get Parliament to pass the legislation.
**Note :** এখানে parliament person এর ন্যায় কাজ করবে যেহেতু legislation pass করার ক্ষমতা parliament এর আছে।
**Ans : A.** Verb

**8. He is not ashamed _____ his conduct.**
A. for B. with C. of D. on

ব্যাখ্যা : Ashamed of - লজ্জিত
**কিছু গুরুত্বপূর্ণ group verb :**
Break up - শেষ হওয়া | Come out - প্রকাশিত হওয়া
Get in - উপস্থিত হওয়া | Hand over - সমর্থন করা
Look down upon - ঘৃণা করা | Make of - নির্মাণ করা
**Ans : C.** Preposition

**9. The verb form of word 'social' is _____**
A. society B. socialize
C. sociology D. societal

ব্যাখ্যা : Social (Adj.) - সামাজিক
Socialize (Verb) - সামাজিক করে তোলা
Society (Noun) - সমাজ
Socially (Adverb) - সামাজিকভাবে
**Ans : B.** Verb

**10. That is a story of hardship _______ our own situation into perspective.**
A. puts B. it puts
C. that it puts D. that puts

ব্যাখ্যা : এখানে, দুটি clause কে যুক্ত করতে clause marker হিসেবে that বসবে এবং that বসলে আবার it দেওয়া যাবে না, কারণ redundancy হবে।
**Ans : D.** Clause

**11. Most young people would like to be less reliant _____ their parents.** Group verb
A. with B. up to
C. in D. on

ব্যাখ্যা : Reliant on someone - কারো উপর নির্ভরশীল
**কিছু গুরুত্বপূর্ণ group verb :**
Look up to - সম্মান করা | Make out - বুঝা
Run away - পালিয়ে যাওয়া | Set down - নামানো
See through - তদন্ত করা | Set off - যাত্রা করা
**Ans : D.**

**12. When _____ computer invented?** Voice
A. had B. had been C. was the D. is

ব্যাখ্যা : এটি **past indefinite এর passive form এর interrogative:**
**Structure :** Wh + was/were + subject + v(p.p) + ?
**Example :** How was the bird killed?
**অনুরূপভাবে,** When was the computer invented?
**Ans : C.**

**13. Sneezing and sniffing are usual signs of _______ of a cold.**
A. onset B. upset C. end D. clearance

ব্যাখ্যা : Onset - রোগের সূত্রপাত | Upset - মর্মাহত
End - শেষ | Clearance - সাফাই
বাক্যটির অর্থ, "হাঁচি এবং আঘ্রাণ হচ্ছে সর্দির সূত্রপাত হওয়ার সচরাচর চিহ্ন।
**Ans : A.** Sentence completion

**14. On Sundays I usually go fishing or ______ something interesting.**
A. doing B. did C. have done D. do

ব্যাখ্যা : **Parallelism এর নিয়ম অনুসারে :** and, or, comma, but ইত্যাদি দ্বারা এক বা একাধিক verb যুক্ত হলে একই form এ হয়।
**Example :** Swimming and riding are my hobbies.
**অনুরূপভাবে,** On Sundays I usually go fishing or do something interesting.
**Ans : D.** Parallelism

**15. Of the two office clerks, one is experienced and ________.** Degree
A. the others are not B. another is inexperienced
C. the other is not D. other lacks experience

ব্যাখ্যা : দুইটি বস্তুর বা ব্যক্তির মধ্যে তুলনা হলে, One...the other হয় এবং তিনটি বস্তুর মধ্যে তুলনা হলে, One... another.... the other হয়।
**Example :** Of the two boys, one is brilliant and the other is not.
**অনুরূপভাবে,** Of the two office clerks, one is experienced and the other is not.
**Ans : C.**

**16. He is looking forward _________ you in the party.**
A. to meet B. to meeting
C. meeting D. to have met you

ব্যাখ্যা :
**Structure :** { with a view to / look forward to / accustomed to / in order to } + v(ing)
**Example :** I am accustomed to waking up early.
**অনুরূপভাবে,** He is looking forward to meeting you in the party.
**Ans : B.** Right form of verb

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

17. **There has not been a great response to the sale, ______?** tag question
A. does there B. has there
C. hasn't there D. hasn't it

ব্যাখ্যা : এখানে, Auxiliary verb negative তাই, tag question এ negative হবে না। subject there এবং auxiliary verb has (not) তাই tag question হবে has there?
**Ans : B.**

18. **She ________ dinner by the time we arrived.** tense
A. finishing B. finished
C. had finished D. has finished

ব্যাখ্যা : By the time যুক্ত একটি অংশে past indefinite থাকলে অন্য অংশে past perfect হয়।
**Structure :** subject + had + verb(p.p) + by the time + subject + verb(past)
**Example :** The sun had already set by the time I got home.
অনুরূপভাবে, She had finished dinner by the time we arrived.
**Ans : C.**

19. **Incentives _______ to increase our productivity.**
A. make us want B. make us to want
C. making us want D. make us wanting

ব্যাখ্যা : এটি **causative verb 'make'** এর **example :**
**Structure :** subject + make + direct object + verb (base)
**Example :** He made us laugh.
অনুরূপভাবে, Incentives make us want to increase our productivity.
**Ans : A.** Verb

20. **Despite _____ hard, he failed in the examination.**
A. he studied B. he has studied
C. study D. studying

ব্যাখ্যা : এটি **inspite of/despite** এর **example :**
**Structure :** inspite of / despite + noun / noun phrase /gerund + .... বাকি অংশ
**Example :** Inspite of working hard, he failed to finish the job.
অনুরূপভাবে, Despite studying hard, he failed in the examination.
**Ans : D.** Conjunction

21. **I explained to him everything lest he _______ misunderstand me.**
A. should B. could C. would D. must

ব্যাখ্যা : এটি **lest** এর **example :**
**Structure :** subject + verb + lest + subject + should verb (base) + বাকি অংশ
**Example :** Walk fast lest you should miss the train.
অনুরূপভাবে, I explained to him everything lest he should misunderstand me.
**Ans : A.** Right form of verb

22. **His speech _________ upon the audience.**
A. fell through B. fell flat C. fell short D. fell out

ব্যাখ্যা : Fall short - মনোযোগ আকর্ষণে ব্যর্থ
গুরুত্বপূর্ণ কিছু **phrase :**
Fall in - সারিবদ্ধ হওয়া | Fall back - পিছু হটা
Fall from - ক্ষমতাচ্যুত হওয়া | Fall on - ন্যস্ত হওয়া
Fall in with - সম্মত হওয়া | Fall into - বিভক্ত হওয়া
**Ans : C.** Group verb

23. **Raihan had Rafique _______ the floor.** Verb
A. to clean B. cleaned
C. had cleaned D. clean

ব্যাখ্যা : এটি **causative verb 'have'** এর **example :**
**Structure :** Subject + have + someone + verb(base)
Subject + have + something + verb (p.p.)
**Example :** I had Tanjina wash my clothes.
অনুরূপভাবে, Raihan had Rafique clean the floor.
**Ans : D.**

24. **If outsiders had not come to the Indian Subcontinent, the culture of this region ______ in a different way.**
A. develop B. developed
C. would develop D. would have developed

ব্যাখ্যা : এটি **3rd conditional** এর **example :**
**Structure :** If + subject + had + v(p.p) , subject + would/could/might + have + verb (p.p)
**Example :** If he had worked hard, he would have passed the exam.
অনুরূপভাবে, If outsiders had not come to the Indian Subcontinent, the culture of this region would have developed in a different way.
**Ans : D.** Conditionals

25. **They went to the airport to see the visiting team ________.**
A. in time B. away
C. off D. gone

ব্যাখ্যা : See off - বিদায় জানানো Group Verb
গুরুত্বপূর্ণ কিছু **group verb :**
See through - তদন্ত করা | Take away - সরানো
Turn up - হাজির হওয়া | Turn on - চালু করা
Sworn in - শপথ গ্রহণ | Set up - স্থাপন করা
**Ans : C.**

26. **Which of these words is misspelt?**
A. committee B. concieve
C. recommendation D. academy

ব্যাখ্যা : Conceive - গর্ভ ধারণ করা Spelling
গুরুত্বপূর্ণ কিছু **spelling :**
Committee Conscious Diarrhoea
Dysentery Envelope Exhibition
**Ans : B.**

27. **He is all but ruined. Here "all but" means-**
A. about B. nearly C. truly D. in fact

ব্যাখ্যা : All but - প্রায় | About - সম্পর্কে
Nearly- প্রায় | Truly - প্রকৃত পক্ষে
In fact - আসলে
**Ans : B.** Phrase and idioms

28. **Which of these words is different from the rest?**
A. sadness B. melancholy
C. sorrow D. mourning

ব্যাখ্যা : Sadness, Melancholy, Sorrow, Mourning চারটি সমার্থক।
**Ans : Blank.** Antonym

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**29. 'Capital punishment' means ______.**

A. beating B. exile
C. life imprisonment D. death penalty

ব্যাখ্যা : Capital punishment - মৃত্যুদন্ড
Beating - প্রহার/মারধর
Exile - নির্বাসন
Life imprisonment - আজীবন কারাদন্ড
Death penalty - মৃত্যুদন্ড

**Ans : D.** phrase and idioms

**30. The antonym of 'feasible' is ______.**

A. constant B. possible C. impractical D. theoretical

ব্যাখ্যা : Feasible - সম্ভাব্য Constant - নিত্য
Possible - সম্ভব Impractical - অবাস্তব/অসম্ভাব্য
Theoretical - তাত্ত্বিক

**Feasible এর synonym এবং antonym :**
**Synonym :** Possible, Practical, Probable, Doable
**Antonym :** Impossible, Impractical, Unfeasible.

**Ans : C.** Antonym

## বিশ্লেষণ দক্ষতা (আবশ্যিক)

**নিচের প্রশ্নে সম্পর্কযুক্ত এক জোড়া শব্দের পরপর চার জোড়া শব্দ রয়েছে। এ চার জোড়া শব্দের মধ্যে কোন জোড়া শব্দটি মূল জোড়া শব্দের অনুরূপ সম্পর্ক প্রকাশ করে তা নির্বাচন কর:**

**১. Fragile: Break**

A. Flammable: Burn B. Erratic: Control
C. Noxious: Escape D. Industrial: Manufacture

ব্যাখ্যা : • Fragile : Break এর অনুরূপ সম্পর্ক প্রকাশ করে - Flammable : Burn
• Fragile অর্থ ভঙ্গুর; Break অর্থ ভাঙা। অর্থাৎ কোন বস্তু Fragile বা ভঙ্গুর হলে সেটি ভেঙ্গে যেতে পারে।
• আবার Flammable অর্থ দাহ্য বা আগুনে পুড়ে এমন; Burn অর্থ পোড়া। অর্থাৎ কোন বস্তু Flammable বা দাহ্য হলে সেটি পুড়ে যেতে পারে।

**Ans : A.**

**২. রুনা আছিয়ার মেয়ে। রুনার দাদীর মেয়ের মেয়ের একজনই মামা আছে। আছিয়ার সাথে ঐ মামার সম্পর্ক কী?**

A. স্বামী B. ফুফা C. কাকা D. পিতা

ব্যাখ্যা : • উক্ত ব্যক্তিটি আছিয়ার স্বামী।
• প্রশ্নে উল্লেখ আছে যে রুনা আছিয়ার মেয়ে।
• রুনার দাদীর মেয়ে মানে রুনার ফুফু এবং রুনার দাদীর মেয়ের মেয়ে মানে রুনার ফুফাত বোন।
• ফুফাত বোনের একমাত্র মামা মানে লোকটি রুনার বাবা।
• রুনার বাবা হলে তিনি আছিয়ার স্বামী হবেন।

**Ans : A.**

**৩. A G M S –এর পরবর্তী অক্ষরটি কী?**

A. W B. S C. Y D. P

ব্যাখ্যা : • A G M S এর পরবর্তী অক্ষরটি হবে Y.
• এখানে প্রত্যেকটি অক্ষর এবং এর পরের অক্ষরটির মাঝে ক্রমানুসারে ৫টি অক্ষর বিদ্যমান।
• যেমন A এর ৫ অক্ষর (B, C, D, E, F) এর পর G অবস্থিত।
• একইভাবে G এর ৫ অক্ষর (H, I, J, K, L) এর পর M অবস্থিত।
• সুতরাং S এর ৫ অক্ষর (T, U, V, W, X) এর পর Y অবস্থিত।

**Ans : C.**

**৪. পিতার বয়স পুত্রের বয়সের তিন গুণ। ১০ বছর পর পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে। পিতার বর্তমান বয়স কত?**

A. ৪০ বছর B. ৩০ বছর
C. ৩৫ বছর D. ২৫ বছর

ব্যাখ্যা : ধরি, পুত্রের বর্তমান বয়স x এবং পিতার বর্তমান বয়স 3x।
তাহলে 10 বছর পর পুত্রের বয়স হবে (x + 10) এবং পিতার বয়স হবে (3x + 10)।
আবার দেওয়া আছে, 10 বছর পর পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হবে।
প্রশ্নমতে, $3x + 10 = 2(x + 10) \Rightarrow 3x + 10 = 2x + 20$
$\Rightarrow 3x - 2x = 20 - 10$
$\therefore x = 10$
অর্থাৎ, পুত্রের বর্তমান বয়স x = 10 বছর।
তাহলে পিতার বর্তমান বয়স হবে 3x = (3 × 10) বছর = 30 বছর।

**Ans : B.**

**৫. ১৯, ৩৩, ৫১, ৭৩ এর পরবর্তী সংখ্যা?**

A. ৮৫ B. ১২১
C. ৯৯ D. ৯৮

ব্যাখ্যা : • ১৯, ৩৩, ৫১, ৭৩ এর পরবর্তী সংখ্যা হবে ৯৯।
• এখানে ১৯ এর সাথে ১৪ যোগ করে ৩৩ পাওয়া যায়।
• আবার ৩৩ এর সাথে (১৪ + ৪) = ১৮ যোগ করে ৫১ পাওয়া যায়।
• ৫১ এর সাথে (১৮ + ৪) = ২২ যোগ করে ৭৩ পাওয়া যায়।
• সুতরাং ৭৩ এর সাথে (২২ + ৪) = ২৬ যোগ করে ৯৯ পাওয়া যাবে।

**Ans : C.**

**৬. ১১১, ২২৩, ৩৩৫, ৪৪৭ এর পরবর্তী সংখ্যা?**

A. ৫৫৭ B. ৫৫৯
C. ৫৫৮ D. ৫৫৬

ব্যাখ্যা : • ১১১, ২২৩, ৩৩৫, ৪৪৭ এর পরবর্তী সংখ্যা হবে ৫৫৯।
• এখানে প্রত্যেক সংখ্যার সাথে ১১২ যোগ করে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।
• ১১১ এর পরবর্তী সংখ্যা (১১১ + ১১২) = ২২৩।
• ২২৩ এর পরবর্তী সংখ্যা (২২৩ + ১১২) = ৩৩৫।
• ৩৩৫ এর পরবর্তী সংখ্যা (৩৩৫ + ১১২) = ৪৪৭।
• সুতরাং ৪৪৭ এর পরবর্তী সংখ্যা হবে (৪৪৭ + ১১২) = ৫৫৯

**Ans : B.**

**৭. তুমি যদি পূর্বমুখী দাঁড়িয়ে বামদিকে ঘুর, অতঃপর বিপরীতমুখী হয়ে পুনরায় বামদিকে ঘুর, তবে বর্তমানে তুমি কোন দিকে অভিমুখী হয়ে আছো?**

A. পূর্ব B. উত্তর C. পশ্চিম D. দক্ষিণ

ব্যাখ্যা : • বর্তমানে আমি পূর্ব অভিমুখী হয়ে আছি।
• আমি যদি পূর্বমুখী দাঁড়িয়ে বামদিকে ঘুরি, তাহলে আমি উত্তর অভিমুখী হয়েছি।
• এখন যদি আমি বিপরীতমুখী হই, দক্ষিণ অভিমুখী হয়েছি।
• এখন আমি দক্ষিণমুখী অবস্থা থেকে বামদিকে ঘুরি, তাহলে আমি পূর্ব অভিমুখী হয়েছি।

**Ans : A.**

**নিচের প্রশ্নসমূহে প্রদত্ত বিকল্প হতে বিসদৃশ শব্দটি বের কর (প্রশ্ন ৮-১৪):**

**৮.** A. Hen B. Doe C. Vixen D. Ram

ব্যাখ্যা : • এখানে Ram শব্দটি বিসদৃশ।
• কারণ এটি ছাড়া বাকি সব শব্দ স্ত্রীবাচক।
• Cock এর স্ত্রীবাচক শব্দ Hen, Deer এর স্ত্রীবাচক শব্দ Doe এবং Fox এর স্ত্রীবাচক শব্দ Vixen
• Ram এর স্ত্রীবাচক শব্দ Ewe।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৯. A. Fondness B. Love C. Affection D. Dislike

ব্যাখ্যা : • এখানে Dislike শব্দটি বিসদৃশ। যার শব্দের অর্থ অপছন্দ করা।
• বাকি সব শব্দ মানুষের ইতিবাচক অনুভূতি প্রকাশ করে।
• Fondness শব্দের অর্থ পছন্দ।
• Love শব্দের অর্থ ভালবাসা।
• Affection শব্দের অর্থ আকর্ষণ।
**Ans : D.**

১০. A. England B. Eden C. Dublin D. Eifel

ব্যাখ্যা : এখানে শুধুমাত্র England একটি দেশের নাম। অন্য অপশনগুলো সবগুলো শহর বা জায়গা বা পর্বতমালাকে নির্দেশ করে।
**Ans : A.**

১১. A. Each B. Every C. Walk D. One

ব্যাখ্যা : • এখানে Walk শব্দটি বিসদৃশ। শব্দটি একটি Verb
• এছাড়া বাকি সব শব্দ Noun প্রকাশ করে।
• Each, Every, One এই শব্দগুলো Singular Noun
**Ans : C.**

১২. A. Micrometer B. Microphone C. Microbe D. Microscope

ব্যাখ্যা : Microbe - জীবাণু
এখানে প্রদত্ত অপশনগুলোর মধ্যে Microbe ছাড়া বাকি সব অপশনে micro শব্দটি prefix হিসেবে যুক্ত হয়েছে।
**Ans : C.**

১৩. A. Efface B. Erase C. Engrave D. Obliterate

ব্যাখ্যা : • এখানে Engrave শব্দটি বিসদৃশ। যার অর্থ খোদাই করা।
• এছাড়া বাকি সকল শব্দের অর্থ মুছে ফেলা বা নির্মূল করে দেয়া।
**Ans : C.**

১৪. A. Win B. Own C. Self D. Hold

ব্যাখ্যা : Self, Own, Hold এই তিনটি শব্দ দিয়ে নিজের বা নিজস্ব কিছু বুঝায়। আর Win দিয়ে জয় বুঝায় যা বাকি শব্দগুলো থেকে ভিন্ন।
**Ans : A.**

**নিচের প্রশ্নসমূহে সম্পর্কিত এক জোড়া শব্দ রয়েছে, এ সম্পর্কের সাথে মিল রেখে বিকল্প হতে পারে '?' চিহ্নিত স্থানের জন্য উপযুক্ত শব্দ বাছাই কর (প্রশ্ন ১৫-২০):**

**১৫. Row: Boat :: Drive: ?**
A. City B. Road C. Highway D. Engine

ব্যাখ্যা : • Row : Boat :: Drive : Road
• Rowing is an activity that can be performed using a Boat.
• Driving is an activity that can be performed on Road.
• It is to be mentioned that, driving can also be done in Cities and Highways but they are not the only factors to do so.
• And still a Road is mandatory for Driving.
**Ans : B.**

**১৬. Painting: Hang :: Television: ?**
A. Broadcast B. Programme C. Watch D. Perform

ব্যাখ্যা : • Painting কে Hang (ঝুলিয়ে রাখা) হয়।
• Television কে Watch (দেখা হয়) হয়।
**Ans : C.**

**১৭. Flowers: Bouquet :: Trees: ?**
A. Furniture B. Garden
C. Forest D. Fence

ব্যাখ্যা : • Flowers : Bouquet :: Trees : Furniture
• The relation between the two words is, the second one shows how the first one can be utilized.
• Flowers are used to create bouquets that has utility among people.
• Trees are used to make furnitures that also has utility among people.
**Ans : A.**

**১৮. Blood: Clot :: Water: ?**
A. Bubble B. Ice C. Moisture D. Snow

ব্যাখ্যা : • Blood : Clot :: Water : Ice
• A blood clot is a clump of blood that has changed from a liquid to a gel-like or semisolid state.
• So it is the solid state of blood.
• And Ice is the solid state of Water.
**Ans : B.**

**১৯. Stapler: Pin :: Needle: ?**
A. Hole B. Thread
C. Paper D. Sewing Machine

ব্যাখ্যা : • Stapler : Pin :: Needle : Thread
• The second words of the pairs denote their functionality via the first one.
• A pin is not usable without a stapler.
• A thread is not usable without a needle.
**Ans : B.**

**২০. Ocean: Water :: Glacier: ?**
A. Cold B. Storm C. Rain D. Snow

ব্যাখ্যা : • Ocean : Water :: Glacier : Snow
• The pairs show their second one's existence inside the first one.
• All the oceans contain a huge amount of water.
• All glaciers contain a huge amount of snow.
**Ans : D.**

## সাধারণ জ্ঞান (ঐচ্ছিক)

**১. UNESCO'র কততম সম্মেলনে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয়?**
A. ৩০তম B. ৩১তম C. ৩২তম D. ৩৩তম

ব্যাখ্যা : • UNESCO ৩০ তম সাধারণ সম্মেলনে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়।
• ১৯৯৯ খ্রিস্টাব্দে ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে ২১ শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা করা হয়।
• একুশে ফেব্রুয়ারি বাংলাদেশ সহ পশ্চিমবঙ্গ তথা সমস্ত বাংলা ভাষা ব্যবহারকারী জনগণের গৌরবোজ্জল একটি দিন। এটি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবেও সুপরিচিত।
• ১৯৫২ সালে এই দিনে (৮ ফাল্গুন ১৩৫৮) বাংলাকে পূর্ব পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের উপর পুলিশের গুলিবর্ষণে কয়েকজন তরুণ শহীদ হন। তাদের মধ্যে অন্যতম হলো, রফিক, জব্বার, শফিউল, সালাম, বরকত সহ অনেকেই।
• ২০১০ সালে জাতিসংঘ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রতিবছর ২১শে ফেব্রুয়ারি বিশ্বব্যাপী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২. **কোন দেশকে ইউরোপের ককপিট বলা হয়?**

A. ফ্রান্স B. জার্মানি
C. ইটালি D. বেলজিয়াম

ব্যাখ্যা : • 'বেলজিয়াম'কে ইউরোপের ককপিট বলা হয়।
• প্রায়ই সময় যুদ্ধ সংঘটিত হয়েছে এরূপ স্থানকে ককপিট বলা হয়।
• বেলজিয়ামকে ইউরোপের ককপিট বা ইউরোপের সমরক্ষেত্র বা রণক্ষেত্র বলা হয়।
• কারণ এখানে অ্যাডেন আর্দে, রামিল্লিস, ফন্টেনোই, ফ্লেউরাস, জেম্মাপেস, লিগনি কোয়াটারে ব্রাস এবং বিখ্যাত ওয়াটার লু যুদ্ধ সংঘটিত হয়। এই কারণে বেলজিয়ামকে ইউরোপের ককপিট বলা হয়।
• বেলজিয়াম উত্তর-পশ্চিম ইউরোপের একটি দেশ।
• বেলজিয়াম ইউরোপীয় ইউনিয়নের প্রতিষ্ঠাতা সদস্য।
• ব্রাসেলস শহরটি বেলজিয়ামের রাজধানী ও বৃহত্তম শহর।
• বেলজিয়াম তিনটি অঞ্চলে বিভক্ত - ফ্লান্ডার্স, ওয়ালোনিয়া এবং ব্রাসেলস।
• বেলজিয়াম স্বাধীনতা পায় 'নেদারল্যান্ড' হতে।

**Ans : D.**

৩. **বাংলাদেশ ও ভারতের মধ্যে সমুদ্র সীমানা নিয়ে বিরোধ মীমাংসা হয় কোন আদালতে?**

A. International Court of Justice
B. International Tribunal for Law of the Sea
C. Permanent Court of Arbitration
D. International Criminal Court

ব্যাখ্যা : • বাংলাদেশ ও ভারতের মধ্যে সমুদ্রসীমা নিয়ে বিরোধ মীমাংসা হয় -'Permanent Court of Arbitration' আদালতে।
• বঙ্গোপসাগরে বাংলাদেশ ও ভারতের বিরোধপূর্ণ এলাকা ছিল প্রায় ২৫৬০২ বর্গ কিলোমিটার।
• এই রায়ে বাংলাদেশ পেয়েছে ১৯৪৬৭ বর্গ কি.মি. এবং ভারত পেয়েছে ৬১৩৫ বর্গকিলোমিটার।
• বাংলাদেশ ও ভারতের মধ্যে সমুদ্রসীমা নির্ধারণী মামলার রায় হয় ২০১৪ সালের ৭ জুলাই।
• 'Permanent Court of Arbitration'- নেদারল্যান্ডস এর হেগ এ অবস্থিত।
• বাংলাদেশ ও মিয়ানমার এর সমুদ্র সীমা বিরোধ নিষ্পত্তি হয় ২০১২ সালের ১৪ মার্চ।
• জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল (International Tribunal For the Law of Sea- ITLOS) এ মামলাটি নিষ্পত্তি করেন।
• এই মামলার রায়ে বাংলাদেশ ১,১১,৬৩১ বর্গ কি.মি. পায়।

**Ans : C.**

৪. **ফরাসী বিপ্লব কত সালে সংঘটিত হয়?**

A. ১৭৮৯ B. ১৮৮৯
C. ১৭৯৮ D. ১৯৭১

ব্যাখ্যা : • ফরাসী বিপ্লব সংঘটিত হয় ১৭৮৯ সালে।
• অষ্টাদশ শতকের শেষদিকে ফ্রান্সে ঘটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিপ্লব ও রাজনৈতিক পরিবর্তন।
• ফরাসি, ইউরোপ এবং পশ্চিমা সভ্যতার ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনা।
• এই বিপ্লবের মাধ্যমে ফ্রান্সে নিরঙ্কুশ রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয়।
• ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল,- স্বাধীনতা, সমতা, ভ্রাতৃত্ব অথবা মৃত্যু।
• সামাজিক ও অর্থনৈতিক বৈষম্যই ছিল ফরাসি বিপ্লবের মূল কারণ।
• রাজা ষষ্ঠদশ লুইয়ের পক্ষ থেকে এবং রাজনৈতিক অব্যবস্থাপনা সব কিছুকেই বিপ্লবের ভিত্তিপ্রস্তর হিসাবে চিহ্নিত করা হয়েছে।

**Ans : A.**

৫. **কততম সংশোধনীর মাধ্যমে বাংলাদেশের সংবিধানে পরিবেশ সম্পর্কিত বিধান সন্নিবেশিত করা হয়?**

A. চতুর্দশ B. পঞ্চদশ
C. ষোড়শ D. সপ্তদশ

ব্যাখ্যা : • ১৫ তম সংশোধনীর মাধ্যমে সংবিধানে ১৮ক অনুচ্ছেদ সন্নিবেশিত করা হয়।
• ১৮ক অনুচ্ছেদে পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন এর কথা বলা হয়েছে।
• ১৫তম সংশোধনীর মাধ্যমে সংবিধানে ২৩ক অনুচ্ছেদ ও সন্নিবেশিত করা হয়। ২৩ক অনুচ্ছেদে- উপজাতি, ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের সংস্কৃতি'র কথা বলা হয়েছে।
• **১৫তম সংশোধনীর মূল বিষয়বস্তু-**
(১) তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল।
(২) দলীয় সরকারের অধীনে মেয়াদ শেষ হবার ৯০ দিন আগে নির্বাচন।
(৩) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির পিতা হিসেবে স্বীকৃতি এবং বিভিন্ন সরকারি অফিস, আদালতে তার প্রতিকৃতি সংরক্ষণ ও প্রদর্শন।
(৪) সংরক্ষিত নারী আসন ৪৫ থেকে ৫০ এ উন্নীতকরণ।
(৫) সংবিধান সংশোধনে গণভোট বাতিল।
(৬) জরুরি অবস্থার মেয়াদ অনধিক ১২০ দিন নির্ধারণ।
(৭) ধর্ম নিরপেক্ষতা পূর্নবহাল।
(৮) প্রধান বিচারপতির মর্যাদা বৃদ্ধি।

**Ans : B.**

৬. **কোনটি লিউনার্দো দা ভিঞ্চি'র চিত্রকর্ম?**

A. The Pleta and David
B. Madonna of the Goldfinch
C. Marriage of the Virgin
D. The Last Supper

ব্যাখ্যা : • লিওনার্দো দা ভিঞ্চির চিত্রকর্ম- The Last Supper.
• লিওনার্দো দা ভিঞ্চির পূর্ণ নাম - লিওনার্দো দি সে পিয়েরো দা ভিঞ্চি (Leonardo di ser piero da vinci)
• ইতালীর রেনেসাঁসের কালজয়ী চিত্রশিল্পী।
• **লিওনার্দো দা ভিঞ্চির বিখ্যাত ৫টি চিত্রকর্ম :**
(১) মোনালিসা (Mona Lisa)
(২) দা লাস্ট সাপার (The Last Supper)
(৩) দা ভিট্রুভিয়ান ম্যান (Vitruvian Man)
(৪) ভার্জিন অব দা রকস (Virgin of The Rocks)
(৫) লেডি উইথ অ্যান আরমিন (Lady with An Ermine)

**Ans : D.**

৭. **কোন দেশটি দক্ষিণ আমেরিকায় অবস্থিত নয়?**

A. ভেনিজুয়েলা B. বেলিজ
C. চিলি D. মেক্সিকো

ব্যাখ্যা : • 'মেক্সিকো' দক্ষিণ আমেরিকার দেশ নয়।
• দক্ষিণ আমেরিকা পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ।
• বিষুব রেখা ও মকরক্রান্তি দুই পাশ জুড়ে এর বিস্তৃতি।
• দক্ষিণ আমেরিকা মহাদেশ ১৩টি দেশ নিয়ে গঠিত।
দেশ সমুহ : আর্জেন্টিনা, ইকুয়েডর, উরুগুয়ে, কলম্বিয়া, গায়না, চিলি, প্যারাগুয়ে, বলিভিয়া, ব্রাজিল, ভেনিজুয়েলা, সুরিনাম, পেরু, ফ্রেঞ্চগায়ানা।
• মেক্সিকো, উত্তর আমেরিকা মহাদেশের একটি দেশ।
• মেক্সিকোর উত্তর সীমান্তে অবস্থিত, মার্কিন যুক্তরাষ্ট্র, দক্ষিণ ও পশ্চিমে প্রশান্ত মহাসাগর, দক্ষিণ-পূর্বে গুয়াতেমালা, বেলিজ ও ক্যারিবিয়ান সাগর এবং পূর্বে মেক্সিকো উপসাগর অবস্থিত।

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৮. 'Roots: The Saga of An American Family' বইটি কে লিখেছেন?

A. Martin Luther  B. Levor Burton
C. Alex Haley  D. Max Weber

ব্যাখ্যা : • The Saga of An American Family- বইটি লিখেছেন- 'Alex Haley'
• এই বইটি আমেরিকান লেখক Alex Haley রচিত একটি আত্মজীবনী মূলক উপন্যাস।
• সম্প্রতি Alex Haley এর বইটি বাংলা অনুবাদ প্রকাশিত হয়েছে। বাংলা নাম- 'শিকড়ের সন্ধানে'।
• বইটির বাংলা অনুবাদ করেছেন- গীতি সেন।
• আলেক্স হেলি (জন্ম আগস্ট ১১, ১৯২১- নিউইয়র্ক- মৃত্যু ১০ ফেব্রুয়ারি ১৯৯২) একজন মার্কিন কোস্টগার্ড ছিলেন।
• তার বই সমূহ :
(১) দ্য অটোবায়োগ্রাফি অফ ম্যালকম এক্স (১৯৬৫)
(২) রুটস : দ্য সাগা অফ অ্যামেরিকান ফ্যামিলি (১৯৭৬)
(৩) অ্যা ডিফারেন্ট কাইন্ড অফ ক্রিস্টমাস (১৯৮৮)
(৪) মামা ফ্লোরা'স ফ্যামিলি।

**Ans : C.**

৯. এ বছর শান্তিতে নোবেল পুরস্কার পান?

A. আবি আহমেদ  B. হিলারী ক্লিনটন
C. গ্রেটা থানবার্গ  D. নাদিয়া মুরাদ

ব্যাখ্যা : • ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান 'আবি আহমেদ'।
• আবি আহমেদ হচ্ছেন 'ইথিওপিয়ার ১৫তম প্রধানমন্ত্রী।
• আবি আহমেদ, - 'শান্তি ও আন্তর্জাতিক সহযোগিতা অর্জনের জন্য এবং বিশেষ করে প্রতিবেশি দেশ ইরিত্রিয়ার সাথে সীমান্ত সংঘাত নিরসনে তার সিদ্ধান্তমূলক উদ্যোগ এর জন্য' ২০১৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান।
• এছাড়াও তিনি ২ মে ২০১৯, ইউনেস্কো শান্তি পুরস্কার লাভ করেন।
• আগস্ট ২০১৯, হেসিয়ান শান্তি পুরস্কার লাভ করেন।
• সেপ্টেম্বর ২০১৯, বিশ্ব স্বাস্থ্য সংস্থার কাছ থেকে পি এইচ সি লিডার শীপ অ্যাওয়ার্ড লাভ করেন।

**Ans : A.**

১০. Hieroglyph লেখার রূপটি কোন সভ্যতার?

A. মেসোপটেমিয়া সভ্যতা  B. গ্রীক সভ্যতা
C. মিশরীয় সভ্যতা  D. সিন্ধু সভ্যতা

ব্যাখ্যা : Hieroglyph লেখার রূপটি মিশরীয় সভ্যতার।
• মিশরীয় হায়ারোগ্লিফিক হলো মিশরীয় লিপি বিশেষ।
• প্রাচীন মিশরে তিন ধরনের লিপি প্রচলিত ছিলো : হায়ারোগ্লিফিক, হায়রাটিক এবং ডেমোটিক।
• এই তিনটি লিপির নামই গ্রীকদের দেয়া।
• হায়ারোগ্লিফিক লিপির প্রতীককে বলা হয়- হায়ারোগ্লিফ।
• মিশরীয় ফারাও মেনেসের রাজত্বকালে হায়ারোগ্লিফিক লিপির সৃষ্টি।

**Ans : C.**

১১. গ্লোবাল ভিলেজ বা বিশ্বগ্রাম ধারণাটি প্রথম কে ব্যবহার করেন?

A. মার্শাল স্মিথ  B. মার্শাল টিটো
C. মার্শাল রাসেল  D. মার্শাল মেকলুহান

ব্যাখ্যা : • গ্লোবাল ভিলেজ বা ভুবনগ্রাম বা বিশ্বগ্রাম, হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর এমন একটি সামাজিক বা সাংস্কৃতিক ব্যবস্থা, যেখানে পৃথিবীর সকল প্রান্তের মানুষই একটি একক সমাজে বসবাস করে এবং আই.সি.টি ব্যবহারের মাধ্যমে সহজেই তাদের চিন্তা-ভাবনা, সংস্কৃতি-কৃষ্টি ইত্যাদির মিস্ক্রিয়াসহ একে অপরকে সহযোগিতা করে থাকে।
• পৃথিবীব্যাপী স্বল্প সময়ে এই যোগাযোগ সুবিধার ফলেই বিশ্বকে একটি গ্রাম হিসাবে তুলনা করা হচ্ছে, এজন্য বর্তমান বিশ্বকে গ্লোবাল ভিলেজ বলা হয়।
• কানাডিয়ান দার্শনিক ও লেখক হার্বাট মার্শাল মেকলুহান হলেন প্রথম ব্যক্তি যিনি গ্লোবালভিলেজ শব্দটিকে সবার সামনে তুলে ধরেন।

**Ans : D.**

১২. বাংলা সনেটের জনক বলা হয় মাইকেল মধুসূদন দত্তকে কিন্তু ইংরেজী সনেটের জনক কে?

A. স্যার থমাস ওয়াট  B. হেনরি ফিল্ডিং
C. ফ্রান্সিস বেকন  D. জর্জ বার্ণাডশ

ব্যাখ্যা : • ইংরেজি সনেটের জনক - 'স্যার থমাস ওয়াট'।
• ইংরেজিতে চতুর্দশপদী কবিতাকে সনেট (sonnet) বলা হয়।
• ইংরেজি চতুর্দশপদী প্রথম পরিচিতি পেয়েছিল খ্রিস্টীয় ১৬শ (ষোড়শ) শতাব্দীতে, 'থমাস ওয়াটের' প্রয়োগের মাধ্যমে।
• কিন্তু সনেট এর প্রচলন প্রবল হয়ে ওঠে স্যার ফিলিপ সিডনি এর Astrophel and Stella (১৯৫১) প্রকাশিত হওয়ার পর।
• এর পর পরবর্তী দুই শতক, উইলিয়াম শেক্সপিয়র, এডমন্ড স্পেন্সার, মাইকেল ড্রায়টন ইত্যাদি ব্যক্তিত্বরা চতুর্দশপদী কবিতাকে নতুন নতুন ধাপে এগিয়ে নিয়ে গিয়েছেন।

**Ans : A.**

১৩. স্থলভাগে গ্যাস অনুসন্ধানের জন্য বাংলাদেশকে কয়টি ব্লকে ভাগ করা হয়েছে?

A. ২১  B. ২২  C. ২৩  D. ২৪

ব্যাখ্যা : • স্থলভাগের গ্যাস অনুসন্ধানের জন্য বাংলাদেশকে ২৩টি ব্লকে ভাগ করা হয়েছে।
• ১৯৮৯ সালে তেল গ্যাস অনুসন্ধানের জন্য বাপেক্স বাংলাদেশকে মোট ২৩টি ব্লকে ভাগ করে।
• বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ-প্রাকৃতিক গ্যাস।
• ১৯৫৫ সালে সিলেটের হরিপুরে প্রথম গ্যাস ক্ষেত্র আবিস্কৃত হয়।
• ১৯৫৭ সালে বাংলাদেশে প্রথম গ্যাস উত্তোলন শুরু হয়।
• বাংলাদেশের বড় গ্যাসক্ষেত্র- তিতাস।
• তিতাস গ্যাসক্ষেত্রটি ব্রাহ্মণবাড়িয়ায় অবস্থিত। তিতাস থেকে সবচেয়ে বেশি গ্যাস উত্তোলন করা হয়।
• বাখরাবাদ গ্যাস ক্ষেত্রটি কুমিল্লায় অবস্থিত।
• গ্যাস সবচেয়ে বেশি ব্যবহৃত হয় বিদ্যুৎ উৎপাদনে।

**Ans : C.**

১৪. 'বঙ্গবন্ধু স্যাটেলাইট ১' উৎক্ষেপন করা হয় কত তারিখ?

A. ১১ মে ২০১৮  B. ১২ মে ২০১৮
C. ১৩ মে ২০১৮  D. ১৪ মে ২০১৮

ব্যাখ্যা : • বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয়- ১১ মে ২০১৮।
• বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম ভূস্থির যোগাযোগ ও সম্প্রচার উপগ্রহ।
• বিশ্বের ৫৭তম দেশ হিসেবে স্যাটেলাইট উৎক্ষেপণ করে বাংলাদেশ।
• ফ্যালকন ৯ রকেট দিয়ে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয়।
• প্রস্তুতকারক - থেলিস অ্যালেনিয়া স্পেস।
• উৎক্ষেপণের স্থান- কেনেডি স্পেস সেন্টার লঞ্চ কমপ্লেক্স ৩৯ এ।

**Ans : A.**

১৫. এশিয়ান উন্নয়ন ব্যাংকের প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

A. জেনেভা, সুইজারল্যান্ড  B. ব্যাংকক, থাইল্যান্ড
C. ম্যানিলা, ফিলিপাইন  D. কুয়ালালামপুর, মালয়েশিয়া

ব্যাখ্যা : • এশিয়ান উন্নয়ন ব্যাংক এর প্রধান কার্যালয়- ম্যানিলা, ফিলিপাইনে অবস্থিত।
• এশিয়ান উন্নয়ন ব্যাংক আঞ্চলিক ব্যাংক হিসাবে - ১৯ ডিসেম্বর ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত হয়।
• এশিয়ার দেশগুলোর অর্থনৈতিক উন্নয়নকে আরো দ্রুত, বেগবান ও সহজ করাই ব্যাংকটির মূল উদ্দেশ্য।
• এশিয়ান উন্নয়ন ব্যাংক এর সদস্য রাষ্ট্র মোট ৬৭টি দেশ।
• বাংলাদেশ ১৯৭৩ সালে এশিয়ান উন্নয়ন ব্যাংকে এর সদস্যপদ লাভ করে।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৬. সম্প্রতি বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীকে জাতিসংঘ কর্তৃক কোন উপাধিতে ভূষিত করা হয়?**

A. ভ্যাকসিন হিরো B. মাদার অব হিউম্যানিটি

C. মডেল অব ডেভেলপমেন্ট D. লিডার অব এলডিসি

**ব্যাখ্যা :** • শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে বাংলাদেশে টিকাদান কর্মসূচির সাফল্যের জন্য জাতিসংঘ 'ভ্যাকসিন হিরো' উপাধিতে ভূষিত হয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

• এছাড়াও তিনি মার্চ ২০১৯, আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে, লাইফ কন্ট্রিবিউশন ফর উইমেন এমপাওয়ারমেন্ট এ্যাওয়ার্ড এ ভূষিত হন।

• ২০১৮ সালে, ২৬তম ক্ষমতাধর নারী ও ৬ষ্ঠ নারী রাজনীতিবিদ হিসেবে পুরস্কার লাভ করেন।

• সম্প্রতি UNICEF মাননীয় প্রধানমন্ত্রীকে 'Champion of Skill Development' পুরস্কারে ভূষিত করেন।

• ২০১৭ সালে, রোহিঙ্গা ইস্যুতে, 'মাদার অব হিউম্যানিটি' পুরস্কারে ভূষিত হন।

**Ans : A.**

**১৭. বাংলাদেশের কোন জেলায় কর্কটক্রান্তি রেখা ও ৯০ ডিগ্রী দ্রাঘিমাংশের ছেদ বিন্দু অবস্থিত?**

A. নাটোর B. ফরিদপুর C. ঝালকাঠি D. মাগুরা

**ব্যাখ্যা :** • বাংলাদেশের 'ফরিদপুর' জেলায় কর্কটক্রান্তি রেখা ও ৯০ ডিগ্রী দ্রাঘিমাংশের ছেদ বিন্দু অবস্থিত।

• কর্কটক্রান্তি রেখা পৃথিবীর মানচিত্রে অঙ্কিত প্রধান পাঁচটি অক্ষাংশের একটি।

• কর্কট ক্রান্তি রেখা - বিষুবরেখা হতে উত্তরে অবস্থিত এবং ২৩ ডিগ্রী ২৬ মিনিট ২২ সেকেন্ড অক্ষাংশ বরাবর কল্পিত একটি রেখা।

• পৃথিবী সূর্যকে আবর্তনের সময়, অক্ষরেখার বিচারে হেলে থাকে। সূর্য পরিক্রমার সময় অর্ধেক সময় পৃথিবীর উত্তর গোলার্ধে বেশি সূর্যের তাপ ও আলো যায়। একইভাবে বাকি অর্ধেক সময় দক্ষিণ গোলার্ধে বেশি সময় সূর্যের আলো ও তাপ পায়। ফলে পৃথিবীতে ঋতুর পরিবর্তন ঘটে। কর্কটক্রান্তির নিকটবর্তী বলে বাংলাদেশকে কর্কটক্রান্তীয় দেশ বলে।

**Ans : B.**

**১৮. নিচের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে কোনটি প্রাচীনতম?**

A. আল-আযহার বিশ্ববিদ্যালয় B. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়

C. হাভার্ড বিশ্ববিদ্যালয় D. নালন্দা বিশ্ববিদ্যালয়

**ব্যাখ্যা :** • 'নালন্দা বিশ্ববিদ্যালয়' প্রাচীনতম বিশ্ববিদ্যালয়।

• নালন্দা বিশ্ববিদ্যালয়কে পৃথিবীর সবচেয়ে প্রাচীন ও পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য করা হয়।

• ৬০০ খ্রীস্ট পূর্বের দিকে সে সময়কার রাজা সকরাদিত্য প্রতিষ্ঠা করেন এই বিশ্ববিদ্যালয়।

• এই বিশ্ববিদ্যালয়ের ইতিহাস তৎকালীন ভারতীয় উপমহাদেশের সংস্কৃতি ও শিক্ষার উজ্জ্বল দৃষ্টান্ত বহন করে।

• বিশ্বের বিভিন্ন অঞ্চল যেমন, ব্যাবিলন, গ্রিস, সিরিয়া এবং চীন থেকে ছাত্ররা পড়াশুনা করতে আসতো নালন্দা বিশ্ববিদ্যালয়ে।

**Ans : D.**

**১৯. আস্তানা কোন দেশের রাজধানীর নাম?**

A. উজবেকিস্তান B. কাজাখস্থান C. তুর্কমেনিস্তান D. আজারবাইজান

**ব্যাখ্যা :** • কাজাখস্তান এর পূর্ব নাম ছিল আস্তানা, যা কাজাখস্তান এর রাজধানী ছিল।

• নুর-সুলতান- ২০১৯ সালের আগ পর্যন্ত আস্তানা বা আস্টানা নামে পরিচিত ছিল।

• ২০১৯ সালে, কাজাখস্তানের রাষ্ট্রপতি নুর-সুলতান নাজারবায়েভ পরে এর নামকরণ করেন 'নুর-সুলতান'।

• নুর-সুলতান বর্তমান কাজাখস্তানের রাজধানী ও প্রধান শহর।

• কাজাখস্তানের সর্ববৃহৎ শহর হল, 'আলমাটি'।

• আস্তানা হচ্ছে পৃথিবীর দ্বিতীয় শীতলতম শহর।

• পৃথিবীর প্রথম শীতলতম শহর হচ্ছে- মঙ্গোলিয়ার রাজধানী 'উলান বাটোর'।

**Ans : B.**

**২০. বাংলাদেশ WTO-এর সদস্যপদ লাভ করে কত সালে?**

A. ১৯৯২ B. ১৯৯৩

C. ১৯৯৪ D. ১৯৯৫

**ব্যাখ্যা :** • বাংলাদেশ WTO-এর সদস্যপদ লাভ করে - ১৯৯৫ সালে।

• WTO (World Trade Organization) বিশ্ব বাণিজ্য সংস্থা, যা বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষ সমূহের মধ্যকার মতপার্থক্য দূর করতে সাহায্য করে থাকে।

• WTO এর সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড।

• WTO ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়।

• WTO বা বিশ্ববাণিজ্য সংস্থার সদস্য রাষ্ট্র মোট ১৬৪টি দেশ।

• বিশ্ব বাণিজ্য সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য হলো :

(১) বিশ্ব বাণিজ্যের প্রসার।

(২) মুক্ত বাণিজ্যের প্রসার ।

(৩) বাণিজ্যের অ-শুল্ক বাধাসমূহ দূর করা।

**Ans : D.**

## গণিত (ঐচ্ছিক)

**১. 70 এর দ্বিমিক সংখ্যা কোনটি?**

A. 1001011 B. 1000101

C. 1100101 D. 1000110

**ব্যাখ্যা :**

2 | 70

2 | 35 – 0

2 | 17 – 1

2 | 8 – 1

2 | 4 – 0

2 | 2 – 0

2 | 1 – 0

0 – 1

$\therefore (70)_{10} = (1000110)_2$

**Ans : D.**

**২. ফাংশন $f(x) = 3x - 1$, $g(x) = x^2 + 1$ হলে $f(g(x))$ হয়:**

A. $3x^2 - 5$ B. $8x^2 - 6x + 2$

C. $3x^2 - 2$ D. $3x^2 + 2$

**ব্যাখ্যা :** $f(g(x)) = f(x^2 + 1) = 3(x^2 + 1) - 1 = 3x^2 + 2$

**Ans : D.**

**৩. $\underset{x\to\infty}{\text{Lt}}\left(x - \sqrt{x^2 + 16}\right)$ এর মান হল–**

A. $\frac{3}{16}$ B. 0

C. $\frac{2}{3}$ D. $\frac{1}{16}$

**ব্যাখ্যা :** $\underset{x\to\infty}{\text{lt}}\left(x - \sqrt{x^2 + 16}\right)$

$$= \underset{x\to\infty}{\text{lt}} \frac{\left(x - \sqrt{x^2 + 16}\right)\left(x + \sqrt{x^2 + 16}\right)}{x + \sqrt{x^2 + 16}}$$

$$= \underset{x\to\infty}{\text{lt}} \frac{-16}{x + \sqrt{x^2 + 16}} = 0$$

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৪. $1+\frac{1}{3}+\frac{1}{3^2}+\frac{1}{27}+\frac{1}{81}+$......... ধারাটির যোগফল হল–

A. $\frac{3}{2}$ B. $\frac{2}{3}$ C. $\frac{5}{3}$ D. $\frac{3}{5}$

ব্যাখ্যা : $1+\frac{1}{3}+\frac{1}{3^2}+\frac{1}{27}+\frac{1}{81}+..........\infty$

এখানে, $a = 1, y = \frac{1}{3}$

$\therefore$ সমষ্টি $S_\infty = \frac{a}{1-r} = \frac{1}{1-\frac{1}{3}} = \frac{3}{2}$

**Ans : A.**

৫. $\int_0^{\frac{\pi}{4}} \frac{dx}{1-\sin x}$ এর মান হল–

A. $1-\sqrt{2}$ B. $\sqrt{2}-1$ C. $1+\sqrt{2}$ D. $\frac{1}{\sqrt{2}}+1$

ব্যাখ্যা : $\int_0^{\frac{\pi}{4}} \frac{dx}{1-\sin x} = \int_0^{\frac{\pi}{4}} \frac{1+\sin x}{1-\sin^2 x}dx$

$= \int_0^{\frac{\pi}{4}} \frac{1+\sin x}{\cos^2 x}dx = \int_0^{\frac{\pi}{4}} (\sec^2 x + \sec x \tan x)dx$

$= [\tan x + \sec x]_0^{\pi/4} = \left(\tan\frac{\pi}{4} + \sec\frac{\pi}{4}\right) - (\tan 0 + \sec 0) = \sqrt{2}$

**Ans : নাই।**

৬. জটিল সংখ্যা $(1 + 2i)^{-1}$ এর $a + ib$ আকার হল–

A. $\frac{1}{5}(1 - 2i)$ B. $(1 - 2i)$ C. $\frac{1}{5}(1 + 2i)$ D. $\frac{1}{5}(2 + i)$

ব্যাখ্যা : $(1 + 2i)^{-1} = \frac{1}{1+2i} = \frac{1-2i}{1-4i^2} = \frac{1}{5}(1-2i)$

**Ans : A.**

৭. $(2+\sqrt{3}i)$ মূল বিশিষ্ট দ্বিঘাত সমীকরণটি হল–

A. $x^2 + 4x + 7 = 0$ B. $x^2 - 4x + 7 = 0$
C. $x^2 - 4x - 7 = 0$ D. $x^2 - 7x + 4 = 0$

ব্যাখ্যা : একটি মূল $2+\sqrt{3}i$ হলে অপর মূলটি হবে $2-\sqrt{3}i$

$\therefore$ দ্বিঘাত সমীকরণ,

$x^2 - (2+\sqrt{3}i+2-\sqrt{3}i)x + (2+\sqrt{3}i)(2-\sqrt{3}i) = 0$

$\Rightarrow x^2 - 4x + 4 - 3i^2 = 0 \Rightarrow x^2 - 4x + 7 = 0$

**Ans : B.**

৮. $\log_x 324 = 4$ হলে x এর মান হল–

A. 4 B. $3\sqrt{2}$
C. $2\sqrt{3}$ D. $4\sqrt{2}$

ব্যাখ্যা : $\log_x 324 = 4 \Rightarrow x^4 = 324 \Rightarrow x^4 = 3^4 . 2^2$

$\therefore x = 3\sqrt{2}$

**Ans : B.**

৯. দ্বিমিক সংখ্যা 1101101 –এর মান হল–

A. 103 B. 107 C. 111 D. 109

ব্যাখ্যা : $(1101101)_2$

$= (1\times2^6 + 1\times2^5 + 0\times2^4 + 1\times2^3 + 1\times2^2 + 0\times2^1 + 1\times2^0)_{10}$

$= (84 + 32 + 0 + 8 + 4 + 0 + 1)_{10} = (109)_{10}$

**Ans : D.**

১০. $A = \begin{pmatrix} 2 & -3 \\ 1 & 5 \end{pmatrix}, B = \begin{pmatrix} 1 & 3 \\ 2 & -1 \end{pmatrix}$ হলে A . B হবে–

A. $\begin{pmatrix} -4 & 9 \\ 10 & -2 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} -4 & 9 \\ -11 & 2 \end{pmatrix}$

C. $\begin{pmatrix} -4 & 9 \\ 11 & -2 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} -4 & 9 \\ 11 & 2 \end{pmatrix}$

ব্যাখ্যা : $AB = \begin{pmatrix} 2 & -3 \\ 1 & 5 \end{pmatrix}\begin{pmatrix} 1 & 3 \\ 2 & -1 \end{pmatrix}$

$= \begin{pmatrix} 2-6 & 6+3 \\ 1+10 & 3-5 \end{pmatrix} = \begin{pmatrix} -4 & 9 \\ 11 & -2 \end{pmatrix}$

**Ans : C.**

১১. যদি ${}^nC_{r-1} = 36, {}^nC_r = 84$ এবং ${}^nC_{r+1} = 36$ হয় তবে r = ?

A. 1 B. 2 C. 3 D. 4

ব্যাখ্যা : এখানে, ${}^nC_{r-1} = {}^nC_{r+1}$

$\Rightarrow n = r - 1 + r + 1$

$\Rightarrow n = 2r$

আবার, ${}^nC_r = 84$

$\Rightarrow {}^{2r}C_r = 84$

$\Rightarrow$ r = সম্ভব নয়

**Ans : নাই।**

১২. $\tan^{-1}\sqrt{3} - \sec^{-1}2 = ?$

A. $\pi$ B. $-\frac{\pi}{3}$ C. $\frac{\pi}{3}$ D. $\frac{2\pi}{3}$

ব্যাখ্যা : $\tan^{-1}\sqrt{3} - \sec^{-1}2 = \frac{\pi}{3} - \frac{\pi}{3} = 0$

**Ans : নাই।**

১৩. যদি $A = \begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix}$ হয় তবে $A^2 = ?$

A. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & -1 \end{bmatrix}$ B. $\begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix}$

C. $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ D. $\begin{bmatrix} -1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

ব্যাখ্যা : $A^2 = A . A = \begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix}\begin{bmatrix} i & 0 \\ 0 & i \end{bmatrix}$

$= \begin{bmatrix} i^2 & 0 \\ 0 & i^2 \end{bmatrix} = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & -1 \end{bmatrix}$

**Ans : B.**

Academic & Admission
শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৪. $\frac{x^2}{25}+\frac{y^2}{4}=1$ সমীকরণ দ্বারা বিবৃত উপবৃত্তের ক্ষেত্রফল কত?

A. $10\pi$ B. $\pi$ C. $100\pi$ D. $20\pi$

ব্যাখ্যা : $\frac{x^2}{a^2}+\frac{y^2}{b^2}=1$

$\therefore \frac{x^2}{25}+\frac{y^2}{4}=1$

উপবৃত্তের ক্ষেত্রফল $= \pi ab$
$= \pi\times5\times2$
$= 10\pi$

**Ans : A.**

১৫. Q = {5, 4, 3, 2, 1} সেটের উপসেট কোনটি?

A. {0, 1, 4} B. {6, 5, 1} C. {5, 1, 0} D. {4, 3, 2}

ব্যাখ্যা : যে সেটের সকল উপাদান অপর একটি সেটের অন্তর্ভুক্ত হয় তাকে অপর সেটের উপসেট বলা হয়।
এখানে, $\{4, 3, 2\}\subset\{5, 4, 3, 2, 1\}$

**Ans : D.**

১৬. $\left(3x-\frac{2}{x^2}\right)^{15}$ এর বিস্তৃতিতে x বর্জিত পদ কোনটি?

A. $6^{th}$ B. $7^{th}$ C. $8^{th}$ D. $9^{th}$

ব্যাখ্যা : $r=\frac{1\times15}{1-(-2)}=5$

$\therefore$ (5 + 1) বা 6 তম পদ x বর্জিত।

**Ans : A.**

১৭. $y=\left(\sin\frac{x}{3}+\cos\frac{x}{2}\right)$ ফাংশনের মৌলিক পর্যায় কত?

A. $\pi$ B. $4\pi$ C. $6\pi$ D. $12\pi$

ব্যাখ্যা : $\sin\frac{x}{3}$ এর পর্যায়কাল $=\frac{2\pi}{\frac{1}{3}}=6\pi$

$\cos\frac{x}{2}$ এর পর্যায়কাল $=\frac{2\pi}{\frac{1}{2}}=4\pi$

$\therefore \sin\frac{x}{3}+\cos\frac{x}{2}$ এর পর্যায়কাল $=12\pi$

**Ans : D.**

১৮. ভেক্টর $\vec{A}=2\hat{i}+3\hat{j}+6\hat{k}$ এবং $\vec{B}=3\hat{i}+6\hat{j}-2\hat{k}$ এর মধ্যবর্তী কোণ কোনটি?

A. $\text{Cos}^{-1}\frac{8}{49}$ B. $\text{Cos}^{-1}\frac{13}{49}$

C. $\text{Cos}^{-1}\frac{12}{49}$ D. $\text{Cos}^{-1}\frac{15}{49}$

ব্যাখ্যা : $\cos\theta=\frac{\overline{A}.\overline{B}}{AB}$

$=\frac{(2i+3j+6k)}{\sqrt{2^2+3^2+6^2}}.\frac{(3i+6j-2k)}{\sqrt{3^2+6^2+2^2}}=\frac{6+18-12}{7\times7}$

$\therefore \theta=\cos^{-1}\frac{12}{49}$

**Ans : C.**

১৯. Sin(4365°) = ?

A. $-\frac{1}{\sqrt{2}}$ B. $\frac{1}{\sqrt{2}}$ C. $\frac{\sqrt{3}}{2}$ D. $-\frac{\sqrt{3}}{2}$

ব্যাখ্যা : $\sin(4365°)=\sin(48\times90°+45°)=\sin45°=\frac{1}{\sqrt{2}}$

**Ans : B.**

২০. $ax^2+bx+c=0$ এর মূলদ্বয় $\alpha, \beta$ হলে $\frac{1}{\alpha},\frac{1}{\beta}$ মূল বিশিষ্ট সমীকরণ কোনটি?

A. $bx^2+cx+a=0$ B. $cx^2+ax+b=0$

C. $cx^2+bx+a=0$ D. $cx^2-bx+a=0$

ব্যাখ্যা : $ax^2+bx+c=0$ এর মূলদ্বয় $\alpha, \beta$ হলে,

$\frac{1}{\alpha},\frac{1}{\beta}$ মূলবিশিষ্ট সমীকরণ, $\left[x=\frac{1}{x}\text{ বসিয়ে}\right]$

$a.\left(\frac{1}{x}\right)^2+b.\frac{1}{x}+c=0\Rightarrow\frac{a}{x^2}+\frac{b}{x}+c=0$

$\Rightarrow cx^2+bx+a=0$

**Ans : C.**

## অর্থনীতি (ঐচ্ছিক)

১. নিচের কোনটি সত্য?

A. প্রকৃত মজুরিকে দামস্তর দিয়ে ভাগ করে আর্থিক মজুরি পাওয়া যায়
B. আর্থিক মজুরিকে দামস্তর দিয়ে ভাগ করে প্রকৃত মজুরি পাওয়া যায়
C. আর্থিক মজুরি ও প্রকৃত মজুরির মধ্যে কোন পার্থক্য নেই
D. প্রকৃত মজুরি সবসময় আর্থিক মজুরির চেয়ে বড়

ব্যাখ্যা : প্রকৃত মজুরী $=\frac{\text{আর্থিক মজুরী}}{\text{দামস্তর}}$

**Ans : B.**

২. পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের প্রান্তিক আয় রেখা হবে–

A. সম্পূর্ণভাবে স্থিতিস্থাপক B. উর্ধগামী ঢাল বিশিষ্ট
C. সম্পূর্ণভাবে অস্থিতিস্থাপক D. U – আকৃতির

ব্যাখ্যা : পূর্ণ প্রতিযোগীতামূলক বাজারে দাম স্থির থাকে। এ বাজারে ফার্মের ক্ষেত্রে, P = AR = MR। এই দাম বা চাহিদা রেখা, গড় আয় রেখা ও প্রান্তিক আয় রেখা একই, যা আনুভূমিক এবং সম্পূর্ণ স্থিতিস্থাপক।

**Ans : A.**

৩. মুনাফা সর্বোচ্চকারী উৎপাদনস্তরে নিম্নের কোন শর্তটি পালিত হয়?

A. MR > MC B. MR = MC
C. MR < MC D. MR > MC > AR

ব্যাখ্যা : মুনাফা সর্বোচ্চকারী উৎপাদনস্তরে শর্ত দুটি :
(১) প্রয়োজনীয় শর্ত : MR = MC
(২) পর্যাপ্ত শর্ত : MC রেখার ঢাল > MR রেখার ঢাল।

**Ans : B.**

৪. নিচের কোনটি মোট দেশজ উৎপাদনে অন্তর্ভুক্ত?

A. মধ্যবর্তী দ্রব্য ও সেবাসমূহ B. উপকরণসমূহ
C. ব্যবহৃত দ্রব্যসমূহ D. নতুন ভবন নির্মাণ

ব্যাখ্যা : মোট দেশজ উৎপাদন (GDP) হল কোন নির্দিষ্ট সময়ে কোন দেশের ভৌগলিক সীমানার অভ্যন্তরে উৎপাদিত দ্রব্য ও সেবার বাজার মূল্যের সমষ্টি। দেশে কর্মরত বিদেশীদের আয় GDP গণনায় অন্তর্ভুক্ত হয়। আর প্রবাসে কর্মরত দেশীয়দের আয় GDP তে অন্তর্ভুক্ত হয় না।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৫. কাতারে কর্মরত একজন বাংলাদেশীর আয় অন্তর্ভূক্ত হবে–

A. বাংলাদেশের GDP তে
B. বাংলাদেশের GNI তে
C. বাংলাদেশের GDP ও GNI উভয়েই
D. কাতারের GNI –তে

ব্যাখ্যা : GNI = কোন নির্দিষ্ট সময়ে দেশের অভ্যন্তরে উৎপাদিত দ্রব্য ও সেবার বাজার মূল্য + বিদেশে কর্মরত দেশীয়দের আয় – দেশে কর্মরত বিদেশীদের আয় ।
GDP = কোন নির্দিষ্ট সময়ে দেশের অভ্যন্তরে উৎপাদিত দ্রব্য ও সেবার বাজার মূল্য + উক্ত দেশে বিদেশীদের অর্জিত আয় – দেশীয় নাগরিক কর্তৃক বিদেশে অর্জিত আয়।
**Ans : B.**

৬. নিচের কোনটি অর্থনীতিতে চাহিদাজনিত মূল্যস্ফীতি সৃষ্টির জন্য দায়ী?

A. মুদ্রার অবমূল্যায়ন
B. অর্থ সরবরাহ বৃদ্ধি
C. ভ্যাট বৃদ্ধি
D. কাঁচামালের দাম বৃদ্ধি

ব্যাখ্যা : চাহিদা বৃদ্ধিজনিত মূল্যস্ফীতির কারণ সমূহ হল :
(i) অর্থ সরবরাহ বৃদ্ধি, (ii) সরকারী ব্যয় বৃদ্ধি, (iii) ঘাটতি ব্যয়, (iv) সুদের হার কমানো, (v) পরোক্ষ কর (vi) জনসংখ্যা বৃদ্ধি, (vii) মজুরী ও বেতন বৃদ্ধি, (viii) রুচির পরিবর্তন।
**Ans : B.**

৭. তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান–

A. প্রথম
B. দ্বিতীয়
C. তৃতীয়
D. চতুর্থ

ব্যাখ্যা : তৈরি পোশাক রপ্তানীতে প্রথম অবস্থানে চীন, দ্বিতীয় অবস্থানে বাংলাদেশ এবং তৃতীয় অবস্থানে ভিয়েতনাম।
**Ans : B.**

৮. নিচের কোনটি দাম সূচক নয়?

A. ভোক্তার দামসূচক
B. জিডিপি ডিফ্লেটর
C. উৎপাদকের দামসূচক
D. মার্শালের সূচক

ব্যাখ্যা : উল্লেখযোগ্য কিছু দাম সূচক হল :
(i) ভোক্তার দাম সূচক (ii) উৎপাদকের দাম সূচক (iii) আমদানী দাম সূচক, (iv) রপ্তানী দাম সূচক, (v) জিডিপি ডিফ্লেটর।
**Ans : D.**

৯. ৫ একক উৎপাদনের সাথে গড় স্থির খরচ এবং গড় পরিবর্তনীয় খরচ যথাক্রমে ১১ টাকা ও ৭৩ টাকা। মোট খরচ কত?

A. ৮০ টাকা
B. ৩৭০ টাকা
C. ৪০০ টাকা
D. ৪২০ টাকা

ব্যাখ্যা : ১ একক উৎপাদনের মোট খরচ = FC + VC = ১১ + ৭৩ = ৮৪ টাকা
∴ ৫ একক উৎপাদনের মোট খরচ = (৮৪ × ৫) = ৪২০ টাকা
**Ans : D.**

১০. বাংলাদেশের বর্তমান মাথাপিছু জাতীয় আয় (GNI) প্রায়

A. ১৭০০ মার্কিন ডলার
B. ১৮০০ মার্কিন ডলার
C. ১৯০০ মার্কিন ডলার
D. ২০০০ মার্কিন ডলার

ব্যাখ্যা : বাংলাদেশের বর্তমান মাথাপিছু জাতীয় আয় প্রায় $১৯০৯ (অর্থবছর : ২০১৮-২০১৯)
**Ans : C.**

১১. একজন অর্থনীতিবিদ নিচের কোনটিকে ভূমি হিসাবে বিবেচনা করবেন?

A. কম্পিউটার
B. বঙ্গোপসাগরের তেলের মজুদ
C. ট্রাক্টর চালক
D. এদের কোনটিই নয়

ব্যাখ্যা : সাধারণ অর্থে ভূমি বলতে পৃথিবীর উপরিভাগকে বুঝায়। কিন্তু অর্থনীতিতে প্রকৃতি প্রদত্ত সেসব বস্তুকেও বুঝায়, যেগুলো মানুষের মালিকানা ও নিয়ন্ত্রণাধীনে এসে অর্থ উপার্জনে সহায়তা করে।
**Ans : B.**

১২. নিচের কোনটি নীতিবাচক বিবৃতি?

A. দামবৃদ্ধি সাধারণত যোগানের পরিমাণ বৃদ্ধি করে
B. করারোপ একটি দ্রব্যের দাম বাড়িয়ে দেয়
C. শিক্ষাখাতে সরকারের আরও বেশী অর্থ ব্যয় করা উচিত
D. A ও B উভয়ই

ব্যাখ্যা : নীতিবাচক অর্থনীতি সমাজের অর্থনৈতিক সমস্যা সমাধানের প্রক্রিয়া কেমন হওয়া উচিৎ তা আলোচনা করে।
**Ans : C.**

১৩. উৎপাদন সম্ভাবনা রেখার অভ্যন্তরে কোন বিন্দু কী ইঙ্গিত করে?

A. এটি অর্জনযোগ্য নয়
B. কিছু সম্পদ অব্যবহৃত
C. এটি অর্জনযোগ্য ও দক্ষ
D. উৎপাদন সম্ভাবনা রেখার উপর অবস্থিত বিন্দুসমূহ হতে এটি অধিক অপছন্দনীয়

ব্যাখ্যা : উৎপাদন সম্ভাবনা রেখার অভ্যন্তরে কোন বিন্দুতে উৎপাদন অর্জনযোগ্য কিন্তু দক্ষ নয়। কারণ কিছু সম্পদ অব্যবহৃত থাকে।
**Ans : B.**

১৪. ১০০ টাকা দামে রহমান প্রতিমাসে ৩টি CD কিনে। দাম কমে ৯০ টাকা হলে সে মাসে ৫টি CD কিনে। আমরা বলতে পারি তার–

A. চাহিদা বেড়ে গেছে
B. চাহিদার পরিমাণ ও চাহিদা উভয়ই বেড়ে গেছে
C. চাহিদার পরিমাণ বেড়েছে কিন্তু চাহিদা একই আছে
D. এ ব্যাপারে মন্তব্য করার মত পর্যাপ্ত তথ্য আমাদের নেই

ব্যাখ্যা : চাহিদা বিধি অনুযায়ী, অন্যান্য অবস্থা অপরিবর্তিত থেকে স্বাভাবিক সময়ে কোন দ্রব্যের দাম হ্রাস পেলে চাহিদা বৃদ্ধি পায়, দাম বৃদ্ধি পেলে চাহিদা হ্রাস পায়।
**Ans : A.**

১৫. ধরে নাও ল্যাপটপ এর দাম কমেছে এবং বিক্রয়ের পরিমাণ বেড়েছে। এর সম্ভাব্য কারণ কী হতে পারে?

A. ল্যাপটপ এর চাহিদা কমে গেছে
B. কারিগরী কৌশলের উন্নতি হয়েছে
C. ল্যাপটপ এর চাহিদা বেড়ে গেছে
D. বাজারে ক্রেতার সংখ্যা বেড়ে গেছে

ব্যাখ্যা : কারিগরী কৌশলের উন্নতি হলে উৎপাদন খরচ কমে। ফলে আগের চেয়ে একই দামে বেশি যোগান সম্ভবপর হয়ে। এতে দ্রব্যের দাম কমে এবং বিক্রয়ের পরিমাণ বাড়ে।
**Ans : B.**

১৬. যদি z একটি নিকৃষ্ট দ্রব্য হয় তবে ভোক্তাদের আয় বৃদ্ধির কারণে

A. z এর চাহিদা বাড়বে
B. z এর বাজার দাম কমবে
C. z এর চাহিদা কমবে
D. z এর চাহিদা অপরিবর্তিত থাকবে

ব্যাখ্যা : আয় বৃদ্ধির কারণে যদি কোন দ্রব্যের চাহিদা বাড়ে তাকে স্বাভাবিক দ্রব্য বলে। অন্যদিকে আয় বৃদ্ধির কারণে যদি কোন দ্রব্যের চাহিদা কমে তাকে নিকৃষ্ট দ্রব্য বলে।
**Ans : C.**

১৭. ইন্সুলিনের চাহিদা অস্থিতিস্থাপক হলে দাম বৃদ্ধি ইন্সুলিন বিক্রি হতে প্রাপ্ত মোট আয়কে–

A. বাড়াবে
B. কমাবে
C. ৫% কমাবে
D. ১০% কমবে

ব্যাখ্যা : দ্রব্যের চাহিদা স্থিতিস্থাপক হলে, দাম বৃদ্ধি পেলে মোট আয় বাড়ে। অন্যদিকে অস্থিতিস্থাপক হলে, দাম বৃদ্ধি পেলে মোট আয় কমে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. দুটি দ্রব্যের চাহিদার আড়াআড়ি দাম স্থিতিস্থাপকতার মান ধনাত্মক। সুতরাং আমরা বলতে পারি
A. দ্রব্য দুটো একে অপরের পরিবর্তক
B. দ্রব্য দুটো এক অপরের পরিপূরক
C. দ্রব্য দুটোর মধ্যে কোন সম্পর্ক নেই
D. কোন সম্পর্ক আছে কিনা তা বলা সম্ভব নয়

ব্যাখ্যা : দুটি দ্রব্যের চাহিদার আড়াআড়ি স্থিতিস্থাপকতার মান ধনাত্মক হলে, দ্রব্য দুটি একে অপরের পরিবর্তক। অন্যদিকে, আড়াআড়ি স্থিতিস্থাপকতার মান ঋণাত্মক হলে দ্রব্যদুটি একে অপরের পরিপূরক।
Ans : A.

১৯. একটি ফার্মের জন্য নিচের কোনটি সত্য?
A. স্বল্পকালে কিছু খরচ স্থির B. স্বল্পকালে সব খরচ স্থির
C. স্বল্পকালে সব খরচ পরিবর্তনীয়
D. দীর্ঘকালে কিছু খরচ স্থির ও কিছু পরিবর্তনীয়

ব্যাখ্যা : একটি ফার্মের স্বল্পকালে কিছু খরচ স্থির ও কিছু পরিবর্তনীয় আর দীর্ঘকালে সব খরচ পরিবর্তনীয়।
Ans : A.

২০. নিচের কোনটি বস্তুগত মূলধন হিসাবে বিবেচ্য নয়?
A. একটি নতুন ফ্যাক্টরি নির্মাণ B. চাকুরীকালীন প্রশিক্ষণ
C. একটি নতুন কম্পিউটার D. সবগুলোই বস্তুগত মূলধন

ব্যাখ্যা : বস্তুগত মূলধন হল মানব সৃষ্ট দ্রব্য সমূহ যা উৎপাদন প্রক্রিয়ায় সহায়তা করে। যেমন : ক্যাশ/নগদ অর্থ, জমি-জমা, ইকুইপমেন্ট, মজুদ ইত্যাদি।
Ans : B.

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
**শিক্ষাবর্ষ : ২০১৯-২০ [বিকাল]**

### বাংলা

১. 'তালা' শব্দটি কোন ভাষা থেকে আগত?
A. পর্তুগিজ B. কন্নড় C. তামিল D. ভুটানি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বিদেশি শব্দ :
- পর্তুগীজ- আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, তালা, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি।
- ফরাসি - কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ, রেনেসাঁ, হিন্দি, ইংরেজ।
- ওলন্দাজ - ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন ইত্যাদি।
- জাপানি - রিক্সা, হারিকিরি।
- বার্মিজ - লুঙ্গি, ফুঙ্গি।
- চীনা - চা, চিনি।
- তুর্কি - চাকর, চাকু, তোপ, দারোগা।

Ans : A.

২. কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
A. সপ্তাহ B. বাবা-মা C. অভাব D. পলান্ন

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু দ্বন্দ্ব সমাস :
- মিলনার্থক - মা-বাবা, মাসি-পিসি, জ্বিন-পরি, চা-বিস্কুট।
- বিরোধার্থক - দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক।
- বিপরীতার্থক - আয়-ব্যয়, ছোট-বড়, লাভ-লোকসান, জমা-খরচ।
- অঙ্গবাচক - হাত-পা, নাক-কান, বুক-পিঠ, মাথা-মুন্ডু।
- সমার্থক - হাট-বাজার, ঘর-বাড়ি, কল-কারখানা, খাতা-পত্র।
- দুটি সর্বনামযোগে - যা-তা, যে-সে, যথা-তথা, তুমি-আমি।

Ans : B.

৩. নিম্নের কে কবি নন?
A. সুফিয়া কামাল B. কামিনী রায়
C. শামসুর রহমান D. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

ব্যাখ্যা : শরৎচন্দ্র চট্টোপাধ্যায় সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্ম : ১৮৭৬, মৃত্যু : ১৯৩৮।
- ছদ্মনাম - অনিলা দেবী।
- পেশা- লেখক (ঔপন্যাসিক ও গল্পকার)।
- উল্লেখযোগ্য রচনা - (উপন্যাস) বড়দিদি, মেজদিদি, পরিণীতা, পন্ডিত মশাই, - (গল্প) রামের সুমতি, পরিণীতা, বিন্দুর ছেলে।
- উল্লেখযোগ্য পুরস্কার - জগত্তারিণী পদক, ডি.লিট।
- খ্যাতি - অপরাজেয় কথাশিল্পী নামে।

Ans : D.

৪. 'তুমি এলে তবে আমি যাবো' – বাক্যটি কোন শ্রেণির?
A. সরল B. যৌগিক C. জটিল D. অনুজ্ঞাসূচক

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু জটিল বাক্য :
- তুমি এলে তবে আমি যাব।
- যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে।
- লেখাপড়া করে যে, গাড়ি ঘোড়া চরে সে।
- তিনি দরিদ্র, তবু তিনি সুখী।
- যদি পানিতে নাম, তবে সাঁতার শিখতে পারবে।
- যদি কলম থাকত, তাহলে লেখা যেত।
- পিতা যখন আছেন, তখন পুত্রকে খোঁজ কেন?

Ans : C.

৫. নিচের কোনটি উপন্যাস?
A. কৃষ্ণ চরিত্র B. সীতারাম C. কমলাকান্তের দপ্তর D. লোকরহস্য

ব্যাখ্যা : ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের গুরুত্বপূর্ণ কিছু উপন্যাস :

| | | |
|---|---|---|
| • দুর্গেশনন্দিনী | • যুগলাঙ্গুরীয় | • রাজসিংহ |
| • কপালকুণ্ডলা | • চন্দ্রশেখর | • আনন্দমঠ |
| • মৃণালিনী | • রাধারানী | • দেবী চৌধুরানী |
| • বিষবৃক্ষ | • রজনী | • সীতারাম |
| • ইন্দিরা | • কৃষ্ণকান্তের উইল | • উপকথা |

Ans : B.

৬. 'Secularism' – এর বাংলা কী?
A. ধর্মহীনতা B. ধর্মদ্রোহিতা C. ধর্মনিরপেক্ষতা D. ধর্মবিরোধিতা

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Scheme | পরিকল্পনা | Script | সংলাপ/নাট্যসংলাপ |
| Shipment | স্থানান্তর | Seaman | নাবিক |
| Specimen | নমুনা/সৌজন্য | Section | ছেদন/উপশাখা |
| Stamp | ডাক টিকেট | Skeleton | কঙ্কাল |
| Sublet | উপভাড়া | Secularism | ধর্মনিরপেক্ষতা |

Ans : C.

৭. 'ননীর পুতুল' – বাগধারাটির অর্থ কী?
A. পুতুলের ন্যায় B. অতি আদরের C. অতি ভদ্র D. অতি চঞ্চল

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু বাগধারা :
- নখদর্পণে - আয়ত্তে।
- নগদ নারায়ণ - নগদ অর্থ।
- নারদের ঢেঁকি - বিবাদের বিষয়।
- নিরানব্বইয়ের ধাক্কা - সঞ্চয়ের প্রবৃত্তি।
- ননীর পুতুল - অতি আদরের।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৮. নিচের কোনটি প্রবন্ধ গ্রন্থ?
A. জীবন ও রাজনৈতিক বাস্তবতা B. রানুর প্রথমভাগ
C. বাঙালির হাসির গল্প D. বাংলার কাব্য

ব্যাখ্যা : হুমায়ুন কবিরের গুরুত্বপূর্ণ কিছু রচনা :
- বাংলার কাব্য (প্রবন্ধ)
- শিক্ষক ও শিক্ষার্থী (প্রবন্ধ)
- স্বপ্নসাধ (কবিতা)
- সাথী (কবিতা)
- নদী ও নারী (উপন্যাস)
- ইমানুয়েল কান্ট
- মার্ক্সবাদ
- রবীন্দ্রনাথ ঠাকুর
- শরৎ সাহিত্যের মূলতত্ত্ব
- মীর্জা আবু তালিব খান

Ans : D.

৯. কোন কবি নবাব সিরাজউদ্দৌলার চরিত্রনির্ভর নাটক রচনা করেন?
A. মোহাম্মদ আবু জাফর B. আবু জাফর ওবায়দুল্লাহ
C. সিকান্দার আবু জাফর D. আবু জাফর

ব্যাখ্যা : সিকান্দার আবু জাফর রচিত বিভিন্ন গ্রন্থ :

| প্রবন্ধ | নাটক |
|---|---|
| প্রসন্নপ্রহর - ১৯৬৫ | সিরাজউদ্দৌলা - ১৯৬৫ |
| তিমিরান্তিক - ১৯৫৫ | মহাকবি আলাওল - ১৯৬৬ |
| বৈরী বৃষ্টিতে - ১৯৬৫ | মাকড়সা - ১৯৬০ |
| বৃশ্চিক লগ্ন- ১৯৭১ | শকুন্দ উপাখ্যান - ১৯৫২ |
| বাংলা ছাড় | |

Ans : C.

১০. 'অপরিচিতা' গল্পের নায়কের নাম কী ছিল?
A. হরিশ B. বিনু C. অনুপম D. শম্ভুনাথ

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের বিভিন্ন চরিত্র।
- অনুপম - নায়ক
- কল্যাণী - নায়িকা
- শম্ভুনাথবাবু - নায়িকার পিতা
- হরিশ - নায়েকের বন্ধু
- বিনু দাদা - নায়কের পিসতুতো ভাই।
- এছাড়াও নায়কের মা, মামা, সেকরা, শম্ভুনাথ বাবুর বন্ধু।

Ans : C.

১১. 'জীমুতেন্দ্র' শব্দের অর্থ–
A. ঘোড়ার ডাক B. মেঘের ডাক C. সিংহের গর্জন D. বাঘের গর্জন

ব্যাখ্যা : মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ :

| | |
|---|---|
| • অরিন্দম - অরি বা শত্রুকে দমন করে যে | • পশিল - প্রবেশ করল |
| • তাত - পিতা | • মন্দ্র - শব্দ, ধ্বনি |
| • নিকষা - রাবণের মা | • তস্কর - চোর |
| • শমন-ভবন - যমালয় | • আহব - যুদ্ধ |
| • জীমূতেন্দ্র - মেঘের ডাক | • বলী - বলবান, বীর |

Ans : B.

১২. নিচের কোন জন মধ্যযুগের কবি নন?
A. আলাওল B. শাহ মুহম্মদ সগীর
C. সৈয়দ সুলতান D. বিহারীলাল চক্রবর্তী

ব্যাখ্যা : কবি চতুষ্টয়ের (চারজন) জন্ম ও মৃত্যুসাল :
- আলাওল : জন্ম - ১৫৯৭, মৃত্যু - ১৬৭৩
- শাহ মুহম্মদ সগীর : জন্ম - ১৪ শতক, মৃত্যু - ১৫ শতক
- সৈয়দ সুলতান : জন্ম - ১৫৫০, মৃত্যু - ১৬৪৮
- বিহারীলাল চক্রবর্তী : জন্ম - ১৮৫৩, মৃত্যু - ১৮৯৪

বাংলা সাহিত্যের যুগবিভাগ :
- প্রাচীন যুগ (প্রাগৈতিহাসিক- ১২০০ সাল)
- মধ্যযুগ (১২০১-১৮০০ সাল)
- আধুনিক যুগ (১৮০১-বর্তমান)

Ans : D.

১৩. 'আলখাল্লা' কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
A. তুর্কি B. আরবি C. উর্দু D. ফারসি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তুর্কি শব্দ : মোঘল, ঝকমক, চাকর, খাঁ, খান, দারোগা, তোপ, কাবু, বাহাদুর, কাঞ্চি, কুলি, লাশ, বাবুর্চি, আলখাল্লা, চাকু, উজবুক, কাঁচি, উর্দি, কোর্মা, তকমা, বেগম, বাবা, দাদা-দাদি, নানা-নানি, তোশক ইত্যাদি।

Ans : A.

১৪. 'পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি' – এটি কিসের দৃষ্টান্ত?
A. সমাসোক্তি B. রূপক C. উৎপ্রেক্ষা D. প্রতীক

ব্যাখ্যা : উৎপ্রেক্ষা অলঙ্কারের সংজ্ঞা এবং প্রকারভেদ :
উৎপ্রেক্ষা : ঘনিষ্ঠ সাদৃশ্যের কারণে উপমেয়কে উপমান বলে সংশয় হলে তাকে উৎপ্রেক্ষা অলঙ্কার বলে। যথা :
- পূর্ণিমার চাঁদ (উপমেয়) যেন ঝলসানো রুটি (উপমান)।
- এখানে চাঁদকে খাদ্যবস্তু রুটি মনে করায় উৎপ্রেক্ষা হয়েছে।
- উৎপ্রেক্ষা দুই প্রকার : (১) বাচ্যোৎপ্রেক্ষা, (২) প্রতীয়মানোৎপ্রেক্ষা
- বাচ্যোৎপ্রেক্ষায় সংশয়বাচক শব্দ (যেন, মনেহয়, বুঝি) থাকে।
- প্রতীয়মানোৎপ্রেক্ষায় সংশয়বাচক শব্দ (যেন, মনেহয়, বুঝি) থাকেনা।

Ans : C.

১৫. 'আনন্দের ধর্ম এই যে তা সংক্রামক' – উদ্ধৃতিটি কোথা থেকে নেওয়া হয়েছে?
A. যৌবনের গান B. অপরাহ্নের গল্প
C. সাহিত্যে খেলা D. কলিমদ্দী দফাদার

ব্যাখ্যা : প্রাবন্ধিক প্রমথ চৌধুরী রচিত 'সাহিত্যে খেলা' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু লাইন :
- আনন্দের ধর্ম এই যে - তা সংক্রামক।
- বৈশ্য লেখকের পক্ষেই শূদ্র পাঠকের মনোরঞ্জন করা সংগত।
- হীরক ও কাচ যমজ হলেও সহোদর নয়।
- বেদীতে না বসলে আমাদের উপদেশ কেউ মানে না।
- কাব্যজগতে যার নাম আনন্দ, তারই নাম বেদনা।
- সাহিত্যের উদ্দেশ্য সকলকে আনন্দ দেওয়া।
- যিনি গড়তে জানেন, তিনি শিবও গড়তে পারেন, বাঁদরও গড়তে পারেন।

Ans : C.

১৬. 'নানা কবি ঢালে গান নানা দিক থেকে' – কোন কবিতার চরণ?
A. সাম্যবাদী B. লোক-লোকান্তর
C. তাহারেই পড়ে মনে D. ঐকতান

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐকতান' কবিতার গুরুত্বপূর্ণ কিছু চরণ :

"নান কবি ঢালে গান নানা দিক থেকে;
তাদের সবার সাথে আছে মোর এইমাত্র যোগ-
সঙ্গ পাই সবাকার, লাভ করি আনন্দের ভোগ,
পাই নে সর্বত্র তার প্রবেশের দ্বার,
বাধা হয়ে আছে মোর বেড়াগুলি জীবনযাত্রার।
চাষী খেতে চালাইছে হাল,
তাঁতি বসে তাঁত বোনে, জেলে ফেলে জাল-"

Ans : D.

১৭. কোন কবি দুর্ঘটনায় মারা যান?
A. সুকান্ত ভট্টাচার্য B. সৈয়দ শামসুল হক
C. জীবনানন্দ দাশ D. মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা : কবি 'জীবনানন্দ দাশ' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্মস্থান : বরিশাল (১৮৯৯), মৃত্যু : কলকাতা (১৯৫৪)
- মৃত্যুর কারণ ও সমাধি - ট্রাম দুর্ঘটনা, ভারত।
- জাতীয়তা - ব্রিটিশ ভারতীয় (নাগরিকত্ব)।
- শিক্ষা ও পেশা : স্নাতকোত্তর (ইংরেজি) ও শিক্ষকতা।
- পরিচিতি : কবি, ঔপন্যাসিক, গল্পকার, প্রাবন্ধিক, দার্শনিক, সম্পাদক।
- পিতামাতা : সত্যানন্দ দাশগুপ্ত এবং কুসুমকুমারী দাশ।
- স্ত্রী : লাবণ্যগুপ্ত।
- পুরস্কার : রবীন্দ্রস্মৃতি পুরস্কার, সাহিত্য অকাদেমি পুরস্কার।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৮. 'রেইনকোট' গল্পে বর্ণিত জেনারেল উইন্টার কোন দেশের প্রাকৃতিক বৈশিষ্ট্য?
A. জার্মানী B. ইংল্যান্ড C. রাশিয়া D. পাকিস্তান

ব্যাখ্যা : জেনারেল উইন্টার আর বাংলার জেনারেল মনসুন : দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় প্রচন্ড শীতের কবলে পড়ে হিটলারের বাহিনী রুশ বাহিনীর হাতে পর্যুদস্ত হয়েছিল। বাংলাদেশের প্রবল বর্ষায় তেমনি বিপজ্জনক পরিস্থিতিতে পড়েছিল হানাদার পাকিস্তানি বাহিনী। এখানে সেই বিষয়টিরই তুলনা করা হয়েছে।
**Ans : C.**

১৯. 'নিরাক' শব্দের অর্থ কী?
A. হাওয়াশূন্য B. স্বচ্ছ আকাশ
C. নীল আকাশ D. মেঘযুক্ত আকাশ

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সমার্থক শব্দ :
- কপোল - গাল • কবরী - খোপা • রজক - ধোপা
- গন্ডি - ধনুক • রসম - রীতি • অনুভা - বিদ্যুৎ
- অজিন - পশুচর্ম • অনবদ্য - নির্দোষ • দন্তাবল- হাতি
- নিরাক - হাওয়াশূন্য

**Ans : A.**

২০. কাজী নজরুল ইসলাম কতসালে প্রথম বিশ্বযুদ্ধে সৈনিক হিসেবে যোগ দেন?
A. ১৯১৪ B. ১৯১৫ C. ১৯১৬ D. ১৯১৭

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- **জন্ম :** ১৩০৬ সন (বাংলা); **মৃত্যু :** ১৩৮৩ সন।
- **পিতা :** কাজী ফকির আহমদ; **মাতা :** জাহেদা খাতুন।
- **স্ত্রী :** আশালতা সেনগুপ্তা (ডাকনাম- দুলি, বিবাহের পর- প্রমীলা)
- **সেনাবাহিনীতে যোগদান :** ১৯১৭ সালে ৪৯ নং বাঙালি পল্টনে।
- **কারাবরণ :** 'মায়াভূখা হু' 'আনন্দময়ীর আগমনে' লেখার জন্য।
- **পুরস্কার :** জগত্তারিণী স্বর্ণপদক, পদ্মভূষণ, ডি লিট (ঢাবি), একুশে পদক।

**Ans : D.**

২১. রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা কোনটি?
A. কালান্তর B. প্রবন্ধ সংগ্রহ
C. পান্থজনের সখা D. একদা

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের গুরুত্বপূর্ণ কিছু রচনা :
**কাব্যগ্রন্থ :** বনফুল, কড়ি ও কোমল, মানসী, সোনারতরী, চিত্রা, চৈতালী, কথা, কাহিনী, ক্ষণিকা, কল্পনা, নৈবেদ্য, স্মরণ, খেয়া, গীতাঞ্জলি, গীতিমাল্য, বলাকা, পূরবী, পত্রপুট ইত্যাদি।
**উপন্যাস :** করুণা, রাজর্ষি, চোখের বালি, নৌকাডুবি, গোরা, ঘরে বাইরে চার অধ্যায়, চতুরঙ্গ, যোগাযোগ, দুইবোন, মালঞ্চ ইত্যাদি।
**গল্পগ্রন্থ :** ছোটগল্প, গল্পগুচ্ছ, গল্পসপ্ত, সে, লিপিকা।
কালান্তর রবীন্দ্রনাথের রাষ্ট্রনৈতিক মত।
**Ans : A.**

২২. গঠন অনুসারে বাক্য কত প্রকার?
A. ছয় B. চার C. তিন D. পাঁচ

ব্যাখ্যা : গঠন অনুসারে বাক্যের প্রকারভেদ :
**সরল বাক্য :** যে বাক্যের একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া থাকে, তাই সরল বাক্য।
- চাঁদের আলোয় মেঘ জমেছে।

**জটিল বা মিশ্র বাক্য :** যে বাক্যে একটি প্রধান খন্ড বাক্য এবং এক বা একাধিক নির্ভরশীল বাক্য থাকে, তাই জটিল বাক্য।
- আমি যে তোমার অদর্শনে কত যন্ত্রণা ভোগ করেছি তা তুমি একবারও ভাবনি।

**যৌগিক বাক্য :** বাক্যে নিরপেক্ষ একাধিক স্বাধীন বাক্য সংযোজক বা বিয়োজক অব্যয়ের মাধ্যমে মিলিত হলে তাকে যৌগিক বাক্য বলে।
- কলির বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।

**Ans : C.**

২৩. 'I wouldn't mind a cup of tea' – এটির সঠিক অনুবাদ কোন বাক্য?
A. এক কাপ চা পেলে মন্দ হতো না
B. এক কাপ চা পেলে আমার কিছু মনে করা অনুচিত
C. এক কাপ চায়ের জন্য আমার কিছু মনে করা উচিত নয়
D. কোনটিই নয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু অনুবাদ :
- I wouldn't mind a cup of tea - এক কাপ চা পেলে মন্দ হতো না।
- Master's will is law - কর্তার ইচ্ছাই কর্ম।
- He is a doomed - তার আর রক্ষা নাই।
- Incidentally it came to light - কথায় কথায় ইহা প্রকাশ পেল।
- The man is off his head - লোকটির মাথা খারাপ হয়েছে।

**Ans : A.**

২৪. কাজী নজরুল ইসলামের কোন বইটি বাজেয়াপ্ত হয়েছিল?
A. দোলন-চাঁপা B. কুহেলিকা
C. মৃত্যুক্ষুধা D. অগ্নিবীণা

ব্যাখ্যা : 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থ সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ - অগ্নিবীণা।
- এটি ১৯২২ সালে প্রকাশিত। এর কবিতা সংখ্যা - ১২টি।
- এই কাব্যে নজরুল ব্রিটিশ সরকারের অনিয়ম এবং অনাচারের বিরুদ্ধে বিদ্রোহী মনোভাব প্রকাশ করেছেন।
- এই কাব্যের কবিতায় কবি পূরাণ এবং মুসলিম ঐতিহ্যের কথা উচ্চারণ করেছেন।
- এটি বাজেয়াপ্ত করতে চাইলেও শেষঅবধি বাজেয়াপ্ত হয়নি।

**Ans : নাই।**

২৫. মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কবিতাটিতে মূলত কী ভাব প্রকাশ পেয়েছে?
A. আত্মপ্রেম B. আত্মনিন্দা
C. আত্মপ্রবঞ্চনা D. আত্মগ্লানি

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের 'বঙ্গভাষা' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- এই কবিতার মূলভাব - আত্মগ্লানি।
- ছন্দ - অক্ষরবৃত্ত।
- কাব্যগ্রন্থ- চতুর্দশপদী কবিতাবলী।
- 'বঙ্গভাষা' কবিতার পূর্বনাম- কবি-মাতৃভাষা।
- বঙ্গভাষার অন্ত্যমিল - কখকখ খকখক গঘগঘ ঙঙ
- বঙ্গভাষা কবিতায় কবি - বাংলা ভাষার বন্দনা করেছেন।

**Ans : D.**

২৬. 'সেই অস্ত্র' কবিতায় বর্ণিত নগরটির নাম কী?
A. ঢাকা B. কলকাতা
C. ট্রয় D. লন্ডন

ব্যাখ্যা : কবি আহসান হাবীবের 'সেই অস্ত্র' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কবিতায় উল্লিখিত ধ্বংসপ্রাপ্ত নগর - ট্রয়নগর (তুরস্ক)।
- কবির মতে সভ্যতার প্রতিশ্রুতি - মানবিক বোধ।
- ভালোবাসাকে বলা হয়েছে- অমোঘ অনন্য অস্ত্র।
- পৃথিবীর যাবতীয় অস্ত্র আনত হবে- ভালোবাসার কাছে।
- অরণ্য সবুজ হবে, নদী হবে কল্লোলিত - ভালোবাসা থাকলে।
- ঘৃণা, বিদ্বেষ, অহংকার, জাত্যভিমানকে পরাজিত করে- (কবির প্রত্যাশিত অস্ত্র) ভালোবাসা।
- ভালোবাসা মানুষকে বিচ্ছিন্ন করেনা, বরং- সমাবিষ্ট করে।

**Ans : C.**

২৭. 'কবর' কবিতাটির আঙ্গিক সম্পর্কে কোনটি প্রযোজ্য?
A. ছড়া B. ক্ষুদ্রাকার কবিতা
C. দীর্ঘ কবিতা D. সনেট

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

ব্যাখ্যা : 'কবর' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- লেখক - পল্লিকবি জসিমউদ্দীন (১৯০৩)।
- এই কবিতাটি অঙ্গগতভাবে - একটি দীর্ঘ কবিতা।
- অচিন্ত্য কুমার সেনগুপ্তের মতে 'কবর' কবিতাটি - বাংলা কবিতার নতুন দিগদর্শন।
- এই কবিতায় দেখা যায় - বৃদ্ধের জীবন-বাস্তবের রূপ।
- বৃদ্ধের চোখের সামনে মৃত্যু হয়- তাঁর স্ত্রী, পুত্র, পুত্রবধু, মেয়ে, নাতনি।
- এই কবিতায় বেঁচে ছিলেন- বৃদ্ধ ও তাঁর নাতি।

**Ans : C.**

**২৮. কোন কবিকে ছন্দের যাদুকর বলা হয়?**

A. রবীন্দ্রনাথ ঠাকুর B. কামিনী রায়
C. কাজী নজরুল ইসলাম D. সত্যেন্দ্রনাথ দত্ত

**ব্যাখ্যা : কবি সত্যেন্দ্রনাথ দত্ত সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :**
- **জন্ম** - ১৮৮২; মৃত্যু- ১৯২২
- **পিতা** - রজনীনাথ দত্ত; পিতামহ - অক্ষয়কুমার দত্ত।
- **ছদ্মনাম** - নবকুমার, কবিরত্ন, ত্রিবিক্রম বর্মন, কলমগীর।
- **পরিচিতি** - বাঙালি কবি, ছড়াকার, ছন্দের জাদুকর।
- **কাব্যগ্রন্থ** - সবিতা, সন্ধিক্ষণ, বেণু ও বীণা, হোমশিখা, ফুলের ফসল, কুহু ও কেকা, হসন্তিকা, বেলা শেষের গান, বিদায় আরতি।
- **অনুবাদগ্রন্থ** - তীর্থ সলীল, তীর্থ রেণু, ফুলের ফসল।

**Ans : D.**

**২৯. কোন বানানটি সঠিক?**

A. অভুতপূর্ব B. অভূতপূর্ব C. অভূতপুর্ব D. অভুতপুর্ব

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু সঠিক বানান :**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| মুহর্মূহূ | মুহর্মুহ | মূর্চ্ছনা | মূর্ছনা | তোরন | তোরণ |
| প্রোজ্জলোন | প্রজ্বলন | স্বত্ত্বা | সত্তা, সত্ত্বা | অভুতপুর্ব | অভূতপূর্ব |
| সাতন্ত্র | স্বাতন্ত্র্য | সুসাগত | সুস্বাগত | | |
| সন্যাসী | সন্ন্যাসী | শুশ্রুষা | শুশ্রূষা | | |

**Ans : B.**

**৩০. 'অপসংস্কৃতি' কথাটার অর্থ কী?**

A. অপরিচিত সংস্কৃতি B. বিদেশি সংস্কৃতি
C. নেতিবাচক সংস্কৃতি D. প্রতিবেশি সংস্কৃতি

**ব্যাখ্যা : অপসংস্কৃতির পরিচয় :**
- যে সংস্কৃতি মানুষের চিত্তকে কলুষিত করে মূল্যবোধের অবক্ষয় ডেকে আনে, নৈতিকতা বিনষ্ট করে তা-ই অপসংস্কৃতি।
- যে সংস্কৃতি মানুষের মানবিক গুণাবলি ধ্বংস করে, সুষ্ঠ মানব বিকাশে বাধা হয়ে দাঁড়ায় তাই অপসংস্কৃতি।
- অপসংস্কৃতি বলতে সাধারণত বিদেশি সংস্কৃতিকে বুঝায়।

**Ans : B.**

## English (Compulsory)

**Choose the word or phrase (A, B, C or D) that best fills in blank/completes in the meaning in the following**

**1. The plane _____ the runway _____ a few yards and crashed into the paddy field.**

A. missed, about B. crossed, beyond
C. missed, by D. hit, beyond

ব্যাখ্যা : Missed - লক্ষ্য ছাড়িয়ে যাওয়া
About - প্রায় Crossed - অতিক্রম করা
Beyond - উর্ধ্বে Missed - লক্ষ্য ছাড়িয়ে যাওয়া
By - দ্বারা Hit - আঘাত
বাক্যটির অর্থ "বিমানটি রানওয়ে ছেড়ে করে প্রায় কয়েকগজ দূরে চলে গেলো এবং ধানক্ষেতে সংঘর্ষ ঘটালো।"

**Ans : A.**

**2. The word 'contents' is associated with:**

A. a shirt B. a book C. a cinema D. a computer

ব্যাখ্যা : Contents - A list of the chapters or sections given at the front of a book.
"বই এর সূচিপত্রকে সাধারণত contents বা বিষয়বস্তু বলা হয়।"

**Ans : B.**

**3. It is important that the Admission office _____ your registration.**

A. confirm B. confirms
C. should confirm D. must confirm

ব্যাখ্যা : এটি **subjunctive** এর **example :** কারণ important একটি subjunctive.
**Structure :** subject + subjunctive + that + subject + verb (base))
**Example :** It is urgent that we stay at home.
**অনুরূপভাবে,** It is important that the admission office confirm your registration.

**Ans : A.**

**4. I wish I _____ a musical instrument.**

A. should play B. could play
C. may play D. play

**ব্যাখ্যা : এটি wish এর example :**
**Structure :** subject + wish + subject + verb (past)
or
subject + wish + subject + would/could + v(base)
**Note :** wish থাকলে auxiliary was না হয়ে were হয়।
**Example :** I wish I would be a king.
**অনুরূপভাবে,** I wish I could play a musical instrument.

**Ans : B.**

**5. He _____ music, but also sings songs.**

A. only composes B. not composes only
C. composes not only D. not only composes

**ব্যাখ্যা : এটি not only..... but also এর example :**
**Structure :** subject + not only + verb + but also + verb
**Note :** Not only.... but also এর পর noun বা adjective ও হতে পারে, তবে সব একই form এ হবে। Verb হলে দুটি verb একই form এ হবে।
**Example :** He not only teaches in school but also works in a garaze.
**অনুরূপভাবে,** He not only composes music but also sings songs.

**Ans : D.**

**6. Do you know ______?**

A. who is he B. who was he
C. who has he been D. who he is

ব্যাখ্যা : এটি **embedded question** এর **example :** বাক্যের মধ্যে wh word থাকলে embedded questions হয়।
**Structure :** subject + verb + wh + subject + verb
**Example :** I don't know what he is talking about.
**অনুরূপভাবে,** Do you know who he is?

**Ans : D.**

**7. Dry cleaning is the process _______ clothes are cleaned in liquids other than water.**

A. by B. which through C. by which D. through

ব্যাখ্যা : by which - যার দ্বারা
বাক্যটির অর্থ, "শুকনো ভাবে পরিষ্কার করা এমন একটি প্রক্রিয়া যার দ্বারা পানি ছাড়াই কাপড় পরিষ্কার করা হয়"।
এখানে, "যার দ্বারা" বুঝাতে by which হবে।

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**8. The new police chief is trying to _______ on the current drug problem in the city.**
A. crack down B. crack over
C. crack up D. crack out

ব্যাখ্যা : crack down - কঠোর ব্যবস্থা নেওয়া
**গুরুত্বপূর্ণ কিছু group verb :**
Fall in with - সম্মত হওয়া Get on - চলা
Go off - প্রস্থান Make of - নির্মাণ
Run down - ছুটা Set about - শুরু করা
**Ans : A.**

**9. I count _______ your help in this respect.**
A. upon B. for C. after D. with

ব্যাখ্যা : count upon - নির্ভর করা
**গুরুত্বপূর্ণ কিছু group verb :**
call out - পরাস্ত করা cut off - বিচ্ছিন্ন করা
do up - ক্লান্ত carry out - পালন করা
call for - চাওয়া fall into - বিভক্ত হওয়া
**Ans : A.**

**10. Hardly _______ I shut the door when the telephone rang.**
A. have B. did C. could D. had

ব্যাখ্যা : এটি **inversion** এর **example :**
**Structure :** { never, rarely / hardly, seldom / not until } + auxiliary + sub + verb...
অর্থাৎ, এই word গুলো বাক্যের শুরুতে থাকলে auxiliary verb আগে চলে আসবে এবং auxiliary না থাকলে tense অনুযায়ী do/does/did আসবে।
**Example :** Seldom does the teacher finish his class early.
Rarely do they forget to do the work.
**অনুরূপভাবে,** Hardly had I shut the door when the telephone rang.
**Ans : D.**

**11. If you are to save money, it is wise to _______ clothing rather than food.**
A. cut up B. cut out
C. cut down D. cut down on

ব্যাখ্যা : cut down on something - কোনো কিছুর ব্যবহার হ্রাস করা।
**Example :** I am trying to cut down on fast food.
**অনুরূপভাবে,** If you are to save money, it is wise to cut down on clothing rather than food.
**Ans : D.**

**12. The tenants were asked to throw all recyclable trash into _______.**
A. the green big plastic bag B. the big plastic green bag
C. the big green plastic bag D. the green plastic big bag

ব্যাখ্যা : এখানে adjective এর সঠিক ক্রম হবে, "big green plastic" সুতরাং, Option 'C' correct.
**Ans : C.**

**13. First impressions are important because how you _______ initially can be as important as how you do later on.**
A. come by B. come back
C. come out D. come across

ব্যাখ্যা : come out - প্রকাশিত হওয়া
**গুরুত্বপূর্ণ কিছু group verb :**
come after - পিছনে তাড়া করা come away - খুলা
come by - পাওয়া come of - উদ্ভূত হওয়া
come on - দ্রুত চলা come round- সুস্থ হওয়া
**Ans : C.**

**14. Very few _______ long distances.**
A. are used to walk B. use to walk
C. are used to walking D. walks

ব্যাখ্যা : এটি **used to** এর **example :**
**Structure :** subject + used to + verb (base)
subject + be/become/get + used to + verb (ing)
**Example :** He used to be fat.
He was used to riding cycle.
**অনুরূপভাবে,** Very few are used to walking long distance.
**Ans : C.**

**15. They've been living in that house _____ they were children.**
A. until B. since C. when D. for

ব্যাখ্যা : Until - পর্যন্ত Since - থেকে
When - যখন For - জন্য/দরুন
**Ans : B.**

**16. Insects provide many beneficial services, such as _________, breaking down deadwood, and pollinating plants.**
A. they condition soils B. to condition soil
C. conditioning the soil D. soil conditioned

